আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

সাপ্তাহিক
# বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৬ || সংখ্যা ০৪ || সোমবার || কার্তিক ১০ || ১৪২৮ || রবিউল আউয়াল ১৯ || ১৪৪৩ || Vol. 26 || Issue 04 || 25 Octobe || 2021 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

## ট্রাম্পের জামাতার তহবিলে সৌদি যুবরাজের ২০০ কোটি ডলার অনুদান

**বাংলা পত্রিকা ডেস্ক :** হোয়াইট হাউসের সাবেক উপদেষ্টা এবং সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড **(বাকি অংশ ৩৫ পাতায়**



# ভারতকে হারিয়ে পাকিস্তানের বিজয়

**বাংলা পত্রিকা ডেস্ক ।-** দুবাইয়ে চিরপ্রতিদ্বন্দ্বী ভারতের বিপক্ষে মাঠে নামার আগে পাকিস্তানের হেড টু হেড পরিসংখ্যান ছিল ১২-০ । বিশ্বকাপ মঞ্চের ভারতের বিপক্ষে কোনো জয়ই ছিল না । শনিবার সংবাদ সম্মেলনে সাংবাদিকরা সেই পরিসংখ্যান প্রসঙ্গ টানলে পাকিস্তান দলের অধিনায়ক পাত্তাই দিলেন না । জানালেস, অতীত নিয়ে পড়ে না থেকে বর্তমান নিয়ে পরিকল্পনায় ব্যস্ত তিনি । আর রোববার মাঠে সেই পরিকল্পনার পুরোটাই নিংড়ে দিলেন বাবর ও তার সতীর্থরা । গোটা ম্যাচেই চালকের আসনে থেকে বিশ্বকাপ মঞ্চে ভারতের বিপক্ষে ১০ উইকেটে দুর্দান্ত এক জয় তুলে নিলেন । প্রথমে ব্যাট করতে নেমে বিরাট কোহলির অনবদ্য হাফসেঞ্চুরিতে ৭ উইকেট হারিয়ে ১৫৭ রান করে ভারত । আর ১৫৮ রানে লক্ষ্য ১৩ বল বাকি থাকতেই পেরিয়ে গেছে পাকিস্তান । এই লক্ষ্য পেরুতে ইতিহাস গড়া এক উদ্বোধনী **(বাকি অংশ ৩৫ পাতায়**

## জয়ের ম্যাচে হারের গল্প বাংলাদেশের

**বাংলা পত্রিকা ডেস্কঃ-** শারজার উইকেট কি ব্যাটারদের বন্ধু! অস্বীকার কীভাবে করবেন এই সত্যি? রানের খরায় ভুগতে থাকা টাই-গারদের ব্যাট **(বাকি অংশ ৩৫ পাতায়)**

## পেঁয়াজ কিনতে সাবধান



**বাংলা পত্রিকা ডেস্ক :** যুক্তরাষ্ট্রের সেন্টার ফর ডিজিস কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (সিডিসি) জানিয়েছে, যুক্তরাষ্ট্রের ৩৭ টি রাজ্যে বিক্রি হওয়া তাজা লাল, সাদা এবং হলুদ পেঁয়াজে সালমোনেলা ব্যাকটেরিয়া সংক্রমণ দেখা দিয়েছে । সিডিসি বলছে, এ ঘটনায় ৬৫২ জন অসুস্থ হয়ে গেছে । তাদের মধ্যে ১২৯ জন হাসপাতালে ভর্তি হয়েছেন । এবিসি নিউজ এক প্রতিবেদনে জানিয়েছে, **(বাকি অংশ ৩৫ পাতায়)**

## ফাইজারের টিকা শিশুদের ক্ষেত্রে ৯১ শতাংশ কার্যকর

বাংলা পত্রিকা ডেস্ক : ফাইজার-বায়োএনটেকের করোনা টিকা ৫ থেকে ১১ বছর বয়সী শিশুর **(বাকি অংশ ৩৫ পাতায়)**

## ইতিহাস সৃষ্টি করলেন দুই বাংলাদেশী


মেরি জোবাইদা



মৌমিতা আহমেদ

**বাংলা পত্রিকা রিপোর্ট:** নিউইয়র্ক সিটি কাউন্সিল ও স্টেট নির্বাচনে লড়েছেন এমন দুই নারী প্রার্থী স্টেট নির্বাচনী আইন প্রয়োগে **(বাকি অংশ ৪৫পাতায়)**

## হোয়াইট হাউজে অনুপস্থিতির রেকর্ড বাইডেন

**বাংলা পত্রিকা ডেস্ক :** মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন প্রেসিডেন্ট হওয়ার আগেই তিনি জানিয়েছিলেন, **(বাকি অংশ ২৫ পাতায়)**

## ডেল্টা'র চেয়ে দ্রুত ছড়াবে 'ডেল্টা প্লাস'



**বাংলা পত্রিকা ডেস্ক :** যুক্তরাজ্যের বিশেষজ্ঞরা বলছেন, করোনা-ভাইরাসের একটি নতুন রূপান্তরিত রূপ যাকে কেউ কেউ 'ডেল্টা প্লাস' বলছেন তা সাধারণ ডেল্টার চেয়ে **(বাকি অংশ ৩৫ পাতায়)**

APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800 Fax : 718-472-9801

## মেক্সিকো সীমান্তে ১৭ লাখ অনুপ্রবেশকারী আটক

**বাংলা পত্রিকা ডেস্ক :** গত ১২ মাসে যুক্তরাষ্ট্র-মেক্সিকো সীমান্তে ১৭ লাখের বেশি অভিবাসীকে আটক করা হয়েছে- যা এখন পর্যন্ত সর্বোচ্চ । **(বাকি অংশ ২৯ পাতায়**

## হিন্দুপল্লিতে সহিংসতায় ছাত্রলীগ নেতার স্বীকারোক্তি

**বাংলা পত্রিকা ডেস্ক ।-** রংপুরের পীরগঞ্জে সহিংসতার ঘটনায় র‍্যাবের হাতে **(বাকি অংশ ২৯ পাতায়)**

## যে পরিচয়ে আসছে ফেসবুক

**বাংলা পত্রিকা ডেস্ক :** জনপ্রিয় সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুক নাম পরিবর্তনের সিদ্ধান্ত নিয়েছে । এ নিয়ে চলছে ব্যাপক গুঞ্জন । ফেসবুকের একটি সূত্রের বরাতে আন্তর্জাতিক প্রযুক্তি মিডিয়াগুলো জানিয়েছে আগামী সপ্তাহেই নতুন নাম ঘোষণা করা হতে পারে । ফেসবুকের ঘোষণার আগেই **(বাকি অংশ ২৯ পাতায়)**



## ১০ রাষ্ট্রদূতকে বহিষ্কারের নির্দেশ দিলেন এরদোয়ান

**বাংলা পত্রিকা ডেস্ক :** তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়্যেপ এরদোয়ান শনিবার তার পররাষ্ট্রমন্ত্রীকে জার্মানি ও যুক্তরাষ্ট্রসহ ১০টি দেশের রাষ্ট্রদূতদের বহিষ্কার করার নির্দেশ দেন । যাঁরা কারাবন্দি নাগরিক সমাজের নেতার মুক্তির **(বাকি অংশ ২৮ পাতায়)**

QA TEK SOLUTIONS
NO MORE ODD JOBS
GET A JOB WITH $80K PLUS SALARY!
Locations: New York & Virginia
OUR MOST POPULAR COURSES:
Basic Computing for IT Help Desk Support
Software Testing with Selenium
Data Analysis with Power BI
ADMISSION GOING ON
QA TEK SOLUTIONS INC.
An Information Technology Company

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 | info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Phone: 917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

CENTURY 21 AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
76-26 Broadway, Elmhurst, NY 11373
Ferdous Khan
Real Estate Licensed Sales Associate

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372

SUNNATI HAJJ & UMRAH GROUP
Haji trusted since 2000
All Air Tickets Visa Services
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihaj@gmail.com
Web: www.hajjmakkah.com

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

www.banglapatrikausa.com

# BANGLA HOME CARE
## BANGLA CDPAP SERVICES

LOVE WITH CARE IS HUMANITY"

বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে




Corporate Office
72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

## WE ARE HIRING HHA
## HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal



BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

# বাংলা পত্রিকা

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

The Weekly Bangla Patrika // Monday // October 18 // 2021




## বিপিএল অফ ইউএসএ'র নতুন কমিটি গঠিত

**নিউইয়র্ক:** আগামী দুই বছরের (২০২২-২০২৩) জন্য বাংলাদেশী প্রিমিয়ার লীগ অফ ইউএসএ (বিপিএল)-এর সভায় সকলের সর্বসম্মতিক্রমে মোহাম্মদ জাসেমকে প্রেসিডেন্ট হিসেবে মনোনীত করা হয়েছে। নিউইর্য়কের কুইন্সের একটি হলে অতি সম্প্রতি অনুষ্ঠিত সংগঠনের এক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় বিগত বছরের দায়িত্বশীল কার্যক্রম প্রশংসিত হওয়ায় তানভীর ভূঁইয়াকে পুনরায় আগামী দুই বছরের জন্য সেক্রেটারী হিসেবে দায়িত্ব দেওয়া হয়। নব মনোনীত প্রেসিডেন্ট ও সেক্রেটারী মিলে আগামী দুই বছরের জন্য পূর্ণাঙ্গ কার্যকরী পরিষদের নাম এবং বিপিএল-এর ভবিষ্যত কার্যক্রমের ব্যাপারে অতি সত্বর ঘোষণা করবেন বলে জানান। উল্লেখ্য, নিউইর্য়ক ফেয়ারলেস ক্রিকেট ক্লাবের স্বত্বাধীকারী মোহাম্মদ জাসেম কমিউনিটির পরিচিত মুখ। তাছাড়া গত তিন বছর ধরে বিদায়ী প্রেসিডেন্ট সুমন খানের সাথে থেকে বিপিএল অফ ইউএসএ এর কার্যক্রম পরিচালনা করে আসছিলেন। কমিউনিটির যুবসমাজ নিয়ে তার অনেক কার্যক্রম ইতিমধ্যে সকলের নিকট প্রশংসিত হয়েছে। -প্রেস বিজ্ঞপ্তি





প্রেসিডেন্ট জাসেম সেক্রেটারী তানভীর





## চন্দন চৌধুরীর একক সংগীত সন্ধ্যায় সুস্থ বিনোদনের প্রচ্ছায়া

**অপু:** টেলেন্ট আর অধ্যাবসয় থাকলে এক দিন আপানার উজ্জ্বল প্রস্ফুটন হবেই। সবার প্রিয় সঙ্গীত যিল্পী চন্দন চৌধুরীর বেলায় এমনি উদাহরণ খাটে। ছোট বেলায় গানের জন্য রাগ করে বাসা থেকে পালিয়ে কলকাতায় ওস্তাদের বাসায় কাজ করে গান শিখেছেন। আজ সে উজ্জ্বল স্টার। শোটাইম মিউজিকের আয়াজনে চন্দন চৌধুরীর অত্যন্ত চৌকস একক সংগীত সন্ধ্যা অডিটরিয়ামপূর্ণ দর্শকদের পরিপূর্ন মুগ্ধ করেছেন।

গত ৯ শনিবার অক্টোবর লাগোর্ডিয়া ম্যারিয়ট হোটেলের বলরুমে হৃদয়কর্ষ এই অনুষ্ঠানটি শোটাইম মিউজিকের আলমগীর খান আলমের সুন্দর পরিচালনায় অনুষ্ঠিত হয়। আবীর আলমগীরের সঞ্চলনায় অনুষ্ঠানটির শুরুতে বাংলা সংস্কৃতির সাথে জড়িয়ে থাকা চন্দন চৌধুরীর একটি ভিডিও দর্শকদের প্রদর্শণ করা হয়। এসময় শিল্পীর বেতার, টিভি এবং থিয়েটার, চলচিত্রের অভিনীত কিছু ক্লিপ দর্শকরা ভিডিওতে দেখতে পান। পরে করতালির মধ্যে চন্দন চৌধুরী মঞ্চে উপস্থিত হন। তিনি একাধিক গুণীর শিল্পীর গান গেয়ে দর্শকদের অভিভূত করেন। এছাড়াও তিনি গানের ফাঁকে ফাঁকে সুন্দর কথার ফুলঝুড়ি উড়িয়ে দর্শকদের আনন্দ দান করেন। সুন্দর পরিবেশে হল ভর্তি দর্শকরা সুন্দর একটি অনুষ্ঠান মন ভরে উপভোগ করেন। চন্দন চৌধুরী কান্তা আলমগীর এবং তৃনীয়া হাসানকে মঞ্চে ডাকেন তার সাথে দৈত গান করার জন্য। দুই শিল্পীই দৈত কণ্ঠে চন্দন চৌধুরীর সাথে গান করে দর্শকদের মুগ্ধ করেছেন।

অনুষ্ঠানে চন্দন চৌধুরীর হাতে ক্রেষ্ট তুলে দেন ডা. চৌধুরী এস হাসান, শাহনেওয়াজ, এটর্নী মঈন চৌধুরী। এসময় আলমগীর খান আলম ছাড়াও মনজুরুল ইসলাম, তারেক হাসান, ইশতিয়াক রুমি প্রমুখ উপস্থিত ছিলেন।

### ঢাকায় সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ

## অদম্য বাংলাদেশের এক ঐতিহ্যবাহী সম্মেলন ওয়াশিংটনের ৩৫তম ফোবানা সম্মেলন




**ঢাকা ডেস্ক:** 'শত বাধাবিপত্তি আর করোনার ভয়াবহতা মোকাবেলা করে এগিয়ে যাওয়া অদম্য বাংলাদেশের এক ঐতিহ্যবাহী সম্মেলন ফোবানার ৩৫তম সম্মেলন'। গত ১৭ অক্টোবর রোববার জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে ৩৫তম ফোবানা সম্মেলন-এর স্বাগতিক কমিটি আয়োজিত এক সংবাদ সম্মেলনে একথা বলেন ফোবানার নেতৃবৃন্দ। কমিটির সদস্য সচিব শিব্বীর আহমেদ'র সঞ্চালনায় সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন ৩৫তম ফোবানা সম্মেলনের কনভেনার জি আই রাসেল। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ফোবানা চেয়ারম্যান জাকারিয়া চৌধুরী, স্বাগতিক কমিটির নিরাপত্তা বিষয়ক সাবকমিটির চেয়ারপার্সন দেওয়ান জমির সহ ফোবানার অন্যান্য নেতৃবৃন্দ।

উল্লেখ্য, আগামী ২৬, ২৭ ও ২৮ নভেম্বর ওয়াশিংটনে অনুষ্ঠিত হচ্ছে ৩৫তম ফোবানা সম্মেলন। সম্মেলনের আয়োজক সংগঠন আমেরিকান বাংলাদেশ ফ্রেন্ডশিপ সোসাইটি (এবিএফএস)। সম্মেলনর স্থান সেভেন তারকা মানের গেলর্ড ন্যাশনাল রিসোর্ট অ্যান্ড কনভেনশন সেন্টার, ন্যাশনাল হারবার, মেরিল্যান্ড, যুক্তরাষ্ট্র। নতুন প্রজন্মের অঙ্গীকারকে সামনে রেখে এবারের ফোবানার মুল প্রতিপাদ্য বা স্লোগান 'অদম্য বাংলাদেশ অবাক বিশ্ব'।

ফেডারেশন অব বাংলাদেশী এসোসিয়েশন ইন নর্থ আমেরিকা-ফোবানা। সারাবিশ্বে ফোবানা নামটি একটি 'ব্র্যান্ড' হিসাবে উল্লেখ করে সংবাদ সম্মেলনে সদস্য সচিব শিব্বীর আহমেদ বলেন, গত ৩৫ বছর ধরে এই ব্র্যান্ড সংগঠনটি উত্তর আমেরিকার বিভিন্ন শহরে বাংলাদেশীদের মিলনমেলার আয়োজন করে আসছে। এবারো এর ব্যতিক্রম নয়। ১৯৮৭ সালে ওয়াশিংটন ডিসির বিশ্বব্যাংকের একটি ছোট্ট অডিটরিয়ামে অত্যন্ত ছোট্ট পরিষরে ছোট্ট বাজেটে যে ফোবানার জন্ম হয়েছিল সেই ফোবানার ৩৫তম আসর আজ একই শহরের সবচাইতে বড় বিলাস বহুল ব্যq বহুল সেভেন ষ্টার গেলর্ড ন্যাশনাল রিসোর্ট এন্ড কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত হতে যাচ্ছে। পোটম্যাক নদী, যে নদীটি ওয়াশিংটন ডিসি, মেরিল্যান্ড এবং ভার্জিনিয়া রাজ্যকে একটি বিনিসুতার মালায় গেঁথে রেখেছে সেই পোটম্যাক নদীর পাড়ের পর্যটন শহর ন্যাশনাল হারবরে প্রায় সাড়ে ৭ লাখ ডলারের বাজেট নিয়ে গেলর্ড ন্যাশনাল রিসোর্ট এন্ড কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত হতে যাচ্ছে ফোবানার ৩৫তম আসর।

সম্মেলনে দেশ ও প্রবাসের লেখক-সাংবাদিক, বুদ্ধিজীবী, শিল্পীসহ গুণীজনেরা অংশ নেবেন বলে জানান ফোবানার কনভেনার জি আই রাসেল। তিনি বলেন, ৩৫তম ফোবানার অতিথি তালিকায় যে সকল বিশিষ্ট ব্যক্তিবর্গকে আমন্ত্রণ জানানো হয়েছে তাদের মধ্যে রয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. একে আবদুল মোমেন, পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সিকিউরিটি এক্সচেঞ্জ কমিশন চেয়ারম্যান ড. শিবলী রুবায়েত উল ইসলাম, যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশ রাষ্ট্রদূত শহীদুল ইসলাম, দুবাইয়ের বিশিষ্ট ব্যাবসায়ী মাহতাবুর রহমান (সিআইপি), বাংলাদেশ প্রতিদিন সম্পাদক নইম নিজাম, ভোরের কাগজ সম্পাদক শ্যামল দত্ত, জাতীয় প্রেসক্লাব সভাপতি ফরিদা ইয়াসমিন, অনন্যা প্রকাশনীর মনিরুল হক, ডিবিসি নিউজ সিইও মনজুরুল ইসলাম, সময় টেলিভিশন ব্যবস্থাপনা পরিচালক ও সিইও আহমেদ জোবায়ের, চ্যানেল আই প্রধান ফরিদুর রেজা সাগর প্রমুখ। এছাড়াও সংস্কৃতি, বাণিজ্য ও শিক্ষা বিষয়ক মন্ত্রীকে সম্মেলনে আমন্ত্রণ জানানোর প্রস্তুতি নেয়া হয়েছে।

কনভেনার জি আই রাসেল বলেন, সম্মেলনের প্রস্তুতি এখন শেষ পর্যায়ে। তিনদিনব্যাপী আয়োজিত (বাকি অংশ ৯ পাতায়)


**Hillside Medical & Pain Management**

164-05 Hillside Ave. Jamaica, NY 11432

Ph: (718-297-6090

PHYSICAL THERAPY


আমরা বাংলা, হিন্দী, স্প্যানিশ ও ফিলিপিন ভাষায় কথা বলি

ফিজিক্যাল থেরাপি

আমরা আপনাদের সেবায় নিয়োজিত







WE ARE OPEN
We have missed you



Mask, gloves, face shield, hand sanitizer available for all patients

Our primary goal is health safety of our patient. We provide extra care & precautions to safely treat our patients in compliance with CDC & DOH guidelines. During COVID-19 we monitor vital signs of our patients to ensure ongoing good health. We take most medical insurances. Medicare, Worker's Compensation and N/F



সেইফ হেল্‌থ মেডিকেল কেয়ার

অভিজ্ঞ বাংলাদেশী ডাক্তার দ্বারা পরিচালিত

MOHAMMED HELAL UDDIN, M.D.

মোহাম্মদ হেলাল উদ্দিন, এম.ডি.

আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ



শাদমান নোশিন

ফিজিশিয়ান এ্যাসিসট্যান্ট

কার্ডিওলজী — তরুণজিৎ সিং, এম.ডি.
বোর্ড সার্টিফাইড জেনারেল, ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট

পডিয়াট্রি — ডা. সাদী আলম, ডিপিএম
পায়ের পাতা ও গোড়ালী রোগ বিশেষজ্ঞ

সাইকিয়াট্রিস্ট — সোহেল এম. শিপু, এম.ডি.
বোর্ড সার্টিফাইড এডাল্ট সাইকিয়াট্রিস্ট

We Accept most Insurance
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি

৩০৯৯ বোরোন্দ্রিজ এভিনিউ, ব্রুকস, নিউইয়র্ক ১০৪৬৭
ফোন: ৭১৮-৯৯৪-৭০০০
safehealth02@gmail.com

১০৮১ কাডেলব্রিন এভিনিউ, ব্রুকস, নিউইয়র্ক ১০৪৬২
ফোন: ৭১৮-৯৭৫-৭৪৩১
safehealth02@gmail.com

বই আমার শক্তি || বই আমার মুক্তি

বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও নিউ ইয়র্ক বইমেলার ৩০ বছর পূর্তি উপলক্ষে

Muktadhara Foundation

# ৫ দিনব্যাপী
# নিউইয়র্ক বাংলা বইমেলা ২০২১


উদ্বোধকঃ **আসাদ চৌধুরী**, কবি

প্রধান অতিথিঃ **কেএম খালিদ, প্রতিমন্ত্রী,** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

**বিশেষ অতিথি**


**আব্দুল গাফফার চৌধুরী,** একুশের গানের রচয়িতা (ভার্চুয়াল)
**শহীদুল ইসলাম, রাষ্ট্রদূত,** বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন
**মুহম্মদ নূরুল হুদা,** মহাপরিচালক, বাংলা একাডেমী
**হারুন হাবীব,** লেখক, সাংবাদিক
**মিনার মনসুর,** পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র

কোন প্রবেশমূল্য লাগবে না

**সম্মানিত অতিথি**

**মনিরুল হক,** নির্বাহী, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশনা সমিতি
**আলমগীর শিকদার লোটন,** প্রাক্তণ সভাপতি, বাংলাদেশ পুস্তক প্রকাশনা ও বিক্রেতা সমিতি
**জসিম উদ্দন,** প্রকাশক-কথাপ্রকাশ
**হুমায়ূন কবির ঢালী,** লেখক- প্রকাশক
**জাফর আহমেদ রাশেদ,** কবি-প্রকাশক




**উদ্বোধন:** ২৮ অক্টোবর, বৃহস্পতিবার, সন্ধ্যা ৬টা থেকে রাত ১১টা
LaGuardia Airport Marriott, 102-05 Ditmars Blvd
East Elmhurst, NY 11369





**বাংলাদেশের বিশিষ্ট প্রকাশনা সংস্থার অংশগ্রহণে বইমেলা**
**২৯ অক্টোবর থেকে ১ নভেম্বর, ২০২১**
**প্রতিদিন: বিকেল ৩টা থেকে রাত ১০টা**
Jewish Center, 37-06 77th St, Jackson Heights, NY 11372

**নৃত্য-গীতি আলেখ্য:** বাংলাদেশ একাডেমি অব ফাইন আর্টস
বাংলাদেশ থেকে আসছেন প্রখ্যাত শিল্পী নবনীতা চৌধুরী
টেলিভিশনের খ্যাতনামা উপস্থাপক পুনম প্রিয়াম
স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী রথীন্দ্রনাথ রায় ও শহীদ হাসান এবং অন্যান্য




প্রিয় মহোদয়/মহোদয়া
বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও নিউইয়র্কে বইমেলায় ৩০ বছর পূর্তি উপলক্ষে আপনাদের সফলকে নিউইয়র্কে বাংলা বইমেলায় সাদর আমন্ত্রণ জানাচ্ছি।

**ড. নূরন নবী**
আহ্বায়ক, ৩০তম নিউইয়র্ক বাংলা বইমেলা

**অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য যোগাযোগ:**
মুক্তিযুদ্ধের কবিতা ও স্বরচিত কবিতা: মঞ্জুর কাদের: 646-575-9589, নতুন বই: আদনান সৈয়দ: 646-379-8672
যোগাযোগ: 609-529-5065, 516-754-7097, 610-203-9695, 917-655-9311, 347-656-5106, 646-270-0676

**বইমেলায় সরাসরি যারা যোগ দিতে পারবেন না তাদের জন্য থাকছে**
**৫০টি প্রকাশনার সংস্থার হ্রাসকৃত মূল্যের বই : nyboimela.org**

Principal Patrons: Syed Zaki & Rabat Hossain | Principal House Ara Ahmad Foundation
Media Partner: বাঙ্গালী | আজকাল | IB TV USA

# বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935


## সম্পাদকীয়



সালাহউদ্দিন বাবর

# ‘কপ-২৬’ কি প্রলয় রুখতে পারবে?

মিডিয়ার অভূতপূর্ব বিকাশ ও বিস্তার ঘটায় প্রতি মুহূর্তেই কত বিচিত্র-সচিত্র সব খবর যে, মানুষের কাছে পৌঁছে যাচ্ছে তার কোনো ইয়ত্তা নেই। এসব তথ্য-উপাত্ত এবং সচিত্র খবর কিছু আনন্দের ও আহ্লাদিত হওয়ার মতো। আর অনেক খবরে অবাক ও বিস্মিত হতে হয়। এমনো খবর পাওয়া যায় যার কার্যকারণ ব্যাখ্যা করা যায় না বা কিছুই উপলব্ধিতে আসে না। সৌন্দর্যমন্ডিত বিশ্বনামক এই গ্রহে বৈচিত্র্যের যেমন কোনো শেষ নেই, তেমনি সচিত্র সব খবরে নানা ধরনের যে সব কথা থাকে, তাও অনন্য বৈশিষ্ট্যে ভরপুর। সচিত্র অনেক খবর মানুষকে শোকে মুহ্যমান করে তোলে। যেমন নদীতটে হাজারো পক্ষীকুল একসাথে স্বেচ্ছা মৃত্যুবরণ করছে। সেই সাথে ছবিতে দেখেছি, খবর পড়েছি সমুদ্রের বেলাভূমিতে এসে জলজপ্রাণী পেঙ্গুইন অনেকে মিলে একত্র হয়ে জীবনাবসান ঘটিয়েছে। আবার একান্ত তুচ্ছ ঘটনায় একা বা যুগলবন্দী হয়ে মানুষ আত্মহত্যা করেছে। কী শোক আর বেদনা তাদের এই সিদ্ধান্তে উপনীত করল, তা বাস্তবিকই রহস্য। এমন হাজারো বিচিত্র সব ঘটনা থাকতে পারে যা মানুষের গোচরে নেই, আসলে স্রষ্টার ইচ্ছা বোঝা দুষ্কর। কিন্তু মানুষ কি তার এমন সীমাবদ্ধতার কথা ভাবে?

এখন এক জীবনাবসানের কথা উল্লেখ করব, যা গোটা মানবজাতি, সমুদয় জীবজন্তু মানবসৃষ্ট এক ভয়াবহ দুর্যোগের কবলে পড়ে মুহূর্তেই শেষ হয়ে যাবে। হ্যাঁ, এমন ঘটনাই ঘটতে যাচ্ছে বলে বিজ্ঞানীরা হুঁশিয়ারি উচ্চারণ করেছেন। পৃথিবীর উষালগ্নে মানুষকে জীবন ধারণে শত প্রতিকূলতার অকল্পনীয় সব দুর্যোগ-দুর্বিপাকের বিরুদ্ধে যুদ্ধ আর সংগ্রাম করে বেঁচে থাকতে হয়েছে। কিন্তু তারপর মানুষ শত বছর পেরিয়ে এখানে এসে পৌঁছেছে। কিন্তু কস্মিনকালেও মানবজাতি কখনো ভাবেনি সঙ্ঘবদ্ধভাবে সৃষ্টিকুল নিয়ে তাদের ধ্বংস হয়ে যেতে হবে। সুদীর্ঘ পথপরিক্রমার আজ মানুষের জীবন কত সহজ স্বাচ্ছন্দ্যময়। বেঁচে থাকার কত আয়োজন সম্পন্ন হয়েছে। এমন সময় বিনা মেঘে বজ্রপাতের মতো মানুষ জানতে পারল- তাদের পাপের ভারে, বেঁচে থাকার সব স্বপ্নসাধ অতল সমুদ্রে তলিয়ে যাবে। অথচ মানুষ বরাবর দীর্ঘ জীবনের আকাঙ্ক্ষা পোষণ করত। ইতোমধ্যে এসব বিষয়ে বিশ্বব্যাপী ভবিষ্যদ্বাণী প্রকাশিত হয়েছে। নয়া দিগন্তে গত ২১ আগস্ট প্রকাশিত হয়েছিল এক নিবন্ধ তার শিরোনাম ছিল– ‘চক্ষু বন্ধ রাখলেই প্রলয় থামবে না’, জাতিসঙ্ঘের একটি বৈজ্ঞানিক নিবন্ধে বিশ্ববাসীর প্রতি ছিল এক ভয়ঙ্কর বার্তা। তার আলোকেই সেই নিবন্ধটি রচনা করেছিলাম– এখনকার এ লেখা তারই ‘ফলোআপ’ রচনা। পাঠককে আবারো স্মরণ করিয়ে দিতে চাই সেই বার্তায় কী ছিল। ‘জাতিসঙ্ঘ সম্প্রতি মানবজাতির জন্য এক মহাবিপর্যয়ের যে বার্তা দিয়েছে তা গোটা বিশ্বের সচেতন মানুষকে ভীত হকচকিত, হতবুদ্ধি ও সন্ত্রস্ত করে তুলেছিল। সে বার্তার সারমর্ম হচ্ছে দাবানল, দাবদাহ, খরা, বন্যা, মাত্রাতিরিক্ত বৃষ্টিপাত ও ঘূর্ণিঝড়ে ভূমিকম্পে বিশ্ব এখন বিপর্যস্ত। এসব কারণে সৌন্দর্যমন্ডিত আমাদের পরম প্রিয় গ্রহটি ধীরে ধীরে সমুদ্রে হারিয়ে যাওয়ার পথে এগিয়ে যাচ্ছে বলে হুঁশিয়ারি উচ্চারিত হয়েছিল। স্রষ্টা বিশ্বকে যে রূপ সৌন্দর্য দিয়ে বিন্যস্ত করেছেন; বিপথগামী মানুষ স্বয়ং তাকে তছনছ করে দিচ্ছে। মানুষ তার হাতে যা অর্জন করেছে এখন এর ফল তাকে ভোগ করতে হবে। সে ফলই আজ বিশ্বকে মারাত্মক বিপর্যয়ের দিকে নিয়ে যাচ্ছে।

যখন জলবায়ু এমন চরম বৈরিতার মুখে, এমন সময় এসবের কারণ ব্যাখ্যা করেছেন বিশ্বের একদল প্রথিতযশা বিজ্ঞানী। তারা বলেছেন, সম্প্রতি মানুষের যত অপকর্মে বিশ্বের জলবায়ু এত বেশি পরিবর্তিত হয়েছে– এর প্রভাব মানবজাতিকে ভয়াবহ পর্যায়ের দিকে নিয়ে যাচ্ছে। পৃথিবীর উষ্ণতা যেভাবে বেড়ে চলেছে তাতে চূড়ান্ত বিপদের খুব কাছাকাছি পৌঁছে যাচ্ছে মানবসভ্যতা।

শিল্পোন্নত দেশগুলোর কলকারখানা থেকে প্রতিদিন বিপুল পরিমাণে কার্বন নিঃসরণ হচ্ছে, সেটিই এই গ্রহের উষ্ণায়নের প্রধান কারণ। এর ফলে সমুদ্রবক্ষের পানির উচ্চতা একপর্যায়ে এতটা বৃদ্ধি পাবে যে, তখন সৌন্দর্যে ভরা আমাদের পরম প্রিয় গ্রহটি ধীরে ধীরে সমুদ্রে বিলীন হয়ে যাবে। একদল বিজ্ঞানী এ সম্পর্কিত প্রতিবেদনটি রচনা করেছেন। তারা সেই প্রতিবেদনকে মানবজাতির জন্য সর্বোচ্চ সতর্কবার্তা বলে মনে করেন। বিরল বৈশিষ্ট্যের অধিকারী গ্রহটিকে বৈশ্বিক তাপমাত্রা এখনই কমাতে হবে, তাতে এক দিনও বিলম্ব করা যাবে না। না হলে পৃথিবী নামক গ্রহটি তার সাত শতাধিক কোটি মানবসন্তান, হাজারো ধরনের প্রাণিকুল পাখপাখালি বন-বনানী সব জীব-বৈচিত্র্য নিয়ে ধ্বংস হয়ে যাবে।

বিশ্ব ১৮৫০ বছরে যে বিপুল পরিমাণ কার্বন নিঃসরণ করেছে, সেটির দায় যাদের সবচেয়ে বেশি নিতে হবে তারা এখনো কার্বন নিঃসরণ কমানোর ব্যাপারে স্পষ্ট রূপরেখা দেয়নি। বিশ্বের ভবিষ্যৎ নিয়ে পরিবেশবিদদের বারবার হুঁশিয়ারি সত্ত্বেও কার্বন নিঃসরণে সবচেয়ে দায়ী উন্নত দেশগুলো এখনো কোনো পদক্ষেপ নিতে পারেনি। বিশেষজ্ঞরা কার্বন নিঃসরণের বিভিন্ন দিক তুলে ধরেছেন। জীবাশ্ম জ্বালানি ব্যবহারসহ নানা কারণে কার্বন নিঃসরণ হচ্ছে। এ জন্য দায়ী শীর্ষ ১০ দেশের তালিকা তৈরি করা হয়েছে। ক্রমানুসারে– যুক্তরাষ্ট্র, চীন, রাশিয়া, ব্রাজিল, ইন্দোনেশিয়া, জার্মানি, ভারত, যুক্তরাজ্য, জাপান ও কানাডা। এসব দেশ জীবাশ্ম জ্বালানি, বন উজাড়, ভূমিক্ষয়, সিমেন্ট উৎপাদনসহ নানা কারণে কার্বন নিঃসরণ করছে। অথচ কার্বন নিঃসরণ প্রতিবেদনে বলা হয়েছে– ১০ দেশের মধ্যে ছয়টি দেশ অর্থাৎ, চীন, রাশিয়া, ব্রাজিল, ইন্দোনেশিয়া, ভারত ও জাপান এখনো কার্বন নিঃসরণ কমানোর কোনো কার্যক্রম ঘোষণা করতে পারেনি। বাকি চারটি দেশ পরিবেশ রক্ষায় যেসব অঙ্গীকার করেছে তাতে কার্বন নিঃসরণ খুব একটা কমানো যাবে না।

> বৈশ্বিক উন্নয়নের প্রভাব সর্বত্রই পড়েছে। গ্লোবাল কোরাল রিফ মনিটরিং নেটওয়ার্কের প্রতিবেদনে বলা হয়েছে, মাত্রাতিরিক্ত মাছ ধরা, দূষণ সর্বোপরি বৈশ্বিক উষ্ণায়নের কারণে ২০০৯ থেকে ২০১৮ সালের মধ্যে বিশ্বে ১৪ শতাংশ প্রবাল প্রাচীর ধ্বংস হয়ে গেছে।

বৈশ্বিক উন্নয়নের প্রভাব সর্বত্রই পড়েছে। গ্লোবাল কোরাল রিফ মনিটরিং নেটওয়ার্কের প্রতিবেদনে বলা হয়েছে, মাত্রাতিরিক্ত মাছ ধরা, দূষণ সর্বোপরি বৈশ্বিক উষ্ণায়নের কারণে ২০০৯ থেকে ২০১৮ সালের মধ্যে বিশ্বে ১৪ শতাংশ প্রবাল প্রাচীর ধ্বংস হয়ে গেছে। গ্রিন হাউজ গ্যাস নিঃসরণের জেরে যে তাপ শোষণ করে সাগরের পানি, দীর্ঘ দিন এভাবে তাপ শোষণ করতে থাকায় সাগরতলে থাকা জীববৈচিত্র্য মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়ে সাগরে বিরান ভূমিতে পরিণত হচ্ছে ঝলমলে প্রবাল প্রাচীর।

পৃথিবীর এই করুণ দশার পেছনে বহু কারণ রয়েছে। তার মধ্যে প্রধানত পঁচটি কারণ বিশেষভাবে উল্লেখযোগ্য। সেগুলোকেই বড় হুমকি বা শত্রু মনে করছেন বিজ্ঞানীরা। তারা এও বলেছেন, সবাই মিলে এই পাঁচ শত্রুকে ধ্বংস করতে পারলে বাঁচতে পারে পৃথিবী। চলতি সপ্তাহেই চীনের কুনমিংয়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে জলবায়ুবিষয়ক সম্মেলন ‘কপ-২৬’ এর প্রথম ধাপের বৈঠক। বিশ্বের প্রকৃতি জীববৈচিত্র্যের ধ্বংস এড়ানোর জন্য নানা কৌশল ও নীতি নিয়ে আলোচনা করা হবে। বিভিন্ন দেশের সরকার ও নীতিনির্ধারকদের গুরুত্বপূর্ণ এই বৈঠকটির সামনে ইন্টারগভর্নমেন্টাল সায়েন্স পলিসি প্লাটফর্ম অন বায়োডাইভার্সিটি অ্যান্ড ইকো-সিস্টেম সার্ভিসেস প্রকৃতি ও জীববৈচিত্র্য ধ্বংসের পাঁচ প্রধান কারণ চিহ্নিত করা হবে। কারণগুলো হচ্ছে– ভূমি ও সমুদ্রে বিরূপ পরিবর্তন, প্রাকৃতিক সম্পদের যথেচ্ছ ব্যবহার, জলবায়ু পরিবর্তন, দূষণ, ভিন প্রজাতির আগ্রাসন। বিশেষকরা বলেছেন জীববৈচিত্র্য রক্ষায় সফল হতে হলে বিশ্বের নীতিনির্ধারকদের এই পাঁচ কারণ মোকাবেলা করতেই হবে। বন্যপ্রাণী শিকার, মাছ ধরা, গাছ কাটা থেকে শুরু করে জ্বালানি তেল, গ্যাস ও পানির মতো প্রাকৃতিক সম্পদের ব্যাপক যথেচ্ছ ব্যবহারে বিশ্বের প্রাকৃতিক পরিবেশ ও বাস্তুতন্ত্র ধ্বংস হচ্ছে।

লাগামছাড়া শিল্পায়ন, অপরিকল্পিত নগরায়ন, কৃষিক্ষেত্রে যথেচ্ছ রাসায়নিক সার প্রয়োগ, বনাঞ্চলের সঙ্কোচন, যত্রতত্র দূষিত বর্জ্য নিক্ষেপ করা প্রভৃতির ফলে বিপন্ন হচ্ছে পরিবেশ। দূষিত পরিবেশ কেবল বায়ুদূষণ নয়, জনস্বাস্থ্যের জন্য বিরাট হুমকিস্বরূপ। জলবায়ু পরিবর্তন যথাযথভাবে মোকাবেলা করা সম্ভব না হলে বিশ্ব থেকে হারিয়ে যাবে ৪২টি ছোট দেশ। কমনওয়েলথের মহাসচিব ব্যারোনল প্যাট্রিসিয়া স্কটল্যান্ডে বলেছেন, দেশগুলোকে বাঁচাতে জাতিসঙ্ঘের আসন্ন জলবায়ু সম্মেলনে যথাযথ পদক্ষেপ নিতে হবে। সাক্ষাৎকারে কমনওয়েলথ মহাসচিব বলেছেন, প্রশান্ত সাগরীয় ছোট ছোট দ্বীপদেশের মানুষ অন্যত্র চলে যাওয়ার কথা ভাবছে। শত শত বছর ধরে পরিচিত সব জনপদ তাদের ছাড়তে হতে পারে।

এ দিকে সংবাদপত্রের খবরে প্রকাশ, গত দুই শত বছরে একের পর জায়গা বদল করেছে ‘কার্বন ভরকেন্দ্র’। শুরুটা

## অপরাধ নিয়ন্ত্রণে কঠোর হতে হবে
# রোহিঙ্গা ক্যাম্পে সন্ত্রাস

রোহিঙ্গা শিবিরগুলো ক্রমে অপরাধের আখড়া হয়ে উঠছে। গুম, খুন, ধর্ষণ, অপহরণকোনো কিছুই বাদ যাচ্ছে না। বিশেষ করে রাতে প্রায় প্রতিটি শিবির চলে যায় অস্ত্রধারী সন্ত্রাসীদের দখলে। নারীদের তুলে নিয়ে যায় স্বামী-স্বজনদের সামনেই। প্রাণের ভয়ে কেউ কিছু বলতেও পারে না। বিভিন্ন সময়ে প্রকাশিত খবর থেকে জানা যায়, পালিয়ে আসা রোহিঙ্গাদের মধ্যে ডাকাতির সঙ্গে জড়িত বেশ কিছু গ্রুপ রয়েছে। রয়েছে মাদক ও অস্ত্র চোরাচালান সিন্ডিকেট। ক্রমেই ভয়ংকর রূপ নিতে শুরু করেছে রোহিঙ্গাদের বিভিন্ন সংগঠনের মধ্যে আধিপত্য বিস্তারের লড়াই। সম্প্রতি রোহিঙ্গা প্রত্যাবাসনের পক্ষে কাজ করা রোহিঙ্গা নেতা মহিব উল্লাহকে হত্যা করা হয়েছে। গত ২২ অক্টোবর শুক্রবার ভোররাতে ক্যাম্প সংলগ্ন একটি মাদরাসায় হামলা চালিয়ে তিন শিক্ষক, এক শিক্ষার্থী এবং ক্যাম্পের দুজন বাসিন্দাকে হত্যা করা হয়েছে। পরে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনী আগ্নেয়াস্ত্রসহ এক রোহিঙ্গাকে গ্রেপ্তারও করেছে। এসব হামলার জন্য ক্যাম্পে বসবাসকারী রোহিঙ্গারা আরাকান রোহিঙ্গা স্যালভেশন আর্মি (আরসা) ও তাদের অনুসারীদের দায়ী করেছেন। জাতিসংঘসহ আন্তর্জাতিক অনেক সংস্থাই এমন হামলায় উদ্বেগ প্রকাশ করে ক্যাম্পে শান্তি রক্ষার আহবান জানিয়েছে।

কক্সবাজারে থাকা রোহিঙ্গা ক্যাম্পগুলোকে ঘিরে চোরাচালান ও সন্ত্রাসী কর্মকান্ড ক্রমেই উদ্বেগের কারণ হয়ে উঠছে। জানা যায়, গত চার বছরে রোহিঙ্গা ক্যাম্পগুলোয় দলবদ্ধ হামলার বহু ঘটনা ঘটেছে। এসব হামলা, সংঘর্ষ ও অতর্কিত হামলায় ২৩২ জন প্রাণ হারিয়েছেন। এসব কাজে আরসা অনুসারীদের সহযোগিতা করছে অন্তত এক ডজন ডাকাতদল। চার বছরে কক্সবাজারে রোহিঙ্গাদের বিরুদ্ধে ১২ ধরনের অপরাধে এক হাজার ২৯৮টি মামলা হয়েছে। শুধু চলতি বছরের প্রথম ৯ মাসেই খুনের মামলা হয়েছে ৭১টি। চার বছরে মাদকসংক্রান্ত মামলা হয়েছে ৭৬২টি, মানবপাচারের ২৮টি, অস্ত্র মামলা ৮৭টি, ধর্ষণ ৬৫টি, অপহরণ ৩৪টি এবং ডাকাতির মামলা রয়েছে ১০টি। ধারণা করা হয়, তাদের সঙ্গে আন্তর্জাতিক বিভিন্ন জঙ্গিগোষ্ঠীরও যোগাযোগ রয়েছে। ফলে বিশেষজ্ঞরা ধারণা করছেন, নিয়ন্ত্রণ করা না গেলে এরা জাতীয় ও আঞ্চলিক নিরাপত্তায় হুমকি হয়ে উঠতে পারে। সম্প্রতি ব্রাসেলসভিত্তিক আন্তর্জাতিক সংগঠন ইন্টারন্যাশনাল ক্রাইসিস গ্রুপও (আইসিজি) এমন পূর্বাভাসই দিয়েছে। তার পরও এদের সন্ত্রাসী কর্মকান্ড নিয়ন্ত্রণে সরকারের গৃহীত পদক্ষেপ যথেষ্ট জোরদার নয় বলেই মনে করছেন বিশেষজ্ঞরা।

বাংলাদেশে অস্থিতিশীলতা সৃষ্টির জন্য দেশি-বিদেশি অনেক ষড়যন্ত্র কাজ করছে। সুযোগ পেলে তারা যে রোহিঙ্গাদের ব্যবহার করবে না, তার কোনো নিশ্চয়তা কোথায়? রোহিঙ্গারাও ক্যাম্প ছেড়ে সারা দেশে ছড়িয়ে পড়ছে। তাই রোহিঙ্গাদের ব্যাপারে আরো অনেক বেশি সাবধানতা অবলম্বন করতে হবে। যেকোনো মূল্যে রোহিঙ্গাদের মাধ্যমে অস্ত্র ও মাদক চোরাচালান ঠেকাতে হবে। আন্তর্জাতিক সম্প্রদায়ের সহায়তায় দ্রুত রোহিঙ্গাদের প্রত্যাবাসনের ব্যবস্থা করতে হবে। এ ক্ষেত্রে আঞ্চলিক নিরাপত্তার স্বার্থে আসিয়ানভুক্ত দেশগুলোর সঙ্গে কূটনৈতিক তৎপরতা আরো বাড়াতে হবে।

## নামাজের সময়-সূচী

| অক্টোবর | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ |
|---|---|---|---|---|---|---|---|
| ফজর | ৬.০১ | ৬.০২ | ৬.০৩ | ৬.০৪ | ৬.০৫ | ৬.০৬ | ৬.০৭ |
| সূর্যোদয় | ৭.১৬ | ৭.১৭ | ৭.১৮ | ৭.২০ | ৭.২১ | ৭.২২ | ৭.২৩ |
| জোহর | ১২.৪০ | ১২.৪০ | ১২.৪০ | ১২.৪০ | ১২.৩৯ | ১২.৩৯ | ১২.৩৯ |
| আসর | ৪.২০ | ৪.১৮ | ৪.১৭ | ৪.১৬ | ৪.১৫ | ৪.১৩ | ৪.১২ |
| মাগরিব | ৬.০৩ | ৬.০২ | ৬.০০ | ৫.৫৯ | ৫.৫৮ | ৫.৫৬ | ৫.৫৫ |
| এশা | ৭.১৮ | ৭.১৬ | ৭.১৫ | ৭.১৪ | ৭.১৩ | ৭.১২ | ৭.১১ |

## বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৫ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৬ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

**- সম্পাদক।**

সাপ্তাহিক ২৩ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

## জাতিসংঘ দিবস ২০২১

# বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় কার্যকর ভূমিকা রাখতে হবে

মো: আরাফাত রহমান

আন্তর্জাতিক রাজনীতিতে ও বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় জাতিসংঘের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশ্বে উত্তেজনা হ্রাস, জাতিগত দ্বন্দ্বের অবসান, যুদ্ধ বন্ধ করা, শান্তিপূর্ণ সহাবস্থানের পরিবেশ সৃষ্টিতে জাতিসংঘের ভূমিকা বারবার আলোচিত হয়ে আসছে। এ ভূমিকার পাশাপাশি যোগ হয়েছে পরিবেশগত সমস্যা কিংবা নারী উন্নয়ন সম্পর্কিত সমস্যা। জাতিসংঘ দিবস ২৪ অক্টোবর বিশ্বের সব স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্রে উদযাপিত হয়। সাধারণ পরিষদের সিদ্ধান্ত অনুসারে জাতিসংঘ সনদ অনুমোদনের দিন এ দিবস পালনের জন্য নির্দিষ্ট করা হয়েছিল। এ দিবসের মাধ্যমে বিশ্ববাসীর কাছ জাতিসংঘের লক্ষ্য ও উদ্দেশ্যকে উৎসর্গ করা হয়েছে।

জাতিসংঘ একটি আন্তর্জাতিক সংস্থা। যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরে এর সদর দফতর। শাখা অফিস রয়েছে জেনেভা, ভিয়েনা ও নাইজেরিয়াতে। জাতিসংঘের ধারণা দিয়েছিলেন যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট। দ্বিতীয় বিশ্বযুদ্ধ-পরবর্তী সময়ে জাতিসংঘের জন্ম হলেও মূলত প্রথম বিশ্বযুদ্ধের পর গঠিত সম্মিলিত জাতিপুঞ্জের ব্যর্থতাকে কেন্দ্র করে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর বিশ্ব নেতারা এ ধরনের একটি আন্তর্জাতিক সংস্থা গঠনের প্রয়োজনীয়তা অনুভব করেন। শান্তি প্রতিষ্ঠা ও বিভিন্ন দেশের মধ্যে সহযোগিতা ও মৈত্রী বৃদ্ধি করার প্রয়োজনীয়তাও অনুভূত হয়। এ প্রয়োজনীয়তাকে সামনে রেখেই তৎকালীন বিশ্ব নেতারা একটি আন্তর্জাতিক সংস্থা গঠন করার উদ্যোগ নেন।

১৯৪১ সালের আগস্ট মাসে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট রুজভেল্ট ও ব্রিটিশ প্রধানমন্ত্রী চার্চিল আটলান্টিক সনদে স্বাক্ষর করেন। এ সনদে বিশ্বের সব জাতির আত্মনিয়ন্ত্রণাধিকার, বাকস্বাধীনতা, স্থায়ী শান্তি স্থাপনের উদ্দেশ্যে আক্রমণকারীদের নিরস্ত্রীকরণের কথা বলা হয়েছিল। এসব আদর্শের ওপর ভিত্তি করেই পরে জাতিসঙ্ঘ সনদ রচিত হয়। জাতিসংঘ নামটি এসেছে ১৯৪২ সালের ১ জানুয়ারী ব্রিটেন, যুক্তরাষ্ট্র, চীন ও সোভিয়েত ইউনিয়ন যে ঘোষণাপত্রে স্বাক্ষর করেছিল, সেই ঘোষণাপত্রের মধ্য দিয়ে। এ চারটি দেশ এক ঘোষণাপত্রে আটলান্টিক চার্টারে বর্ণিত নীতি ও আদর্শের প্রতি তাদের সমর্থনের কথা ব্যক্ত করেছিলেন, যা 'জাতিসংঘ ঘোষণা' নামে পরিচিত।



জাতিসংঘের মূল সনদে ৫১টি দেশ স্বাক্ষর করলেও বর্তমানে জাতিসংঘের সদস্য সংখ্যা তিনগুণের উপরে বৃদ্ধি পেয়েছে। এ বিশ্ব সংস্থার প্রধান লক্ষ্য হচ্ছে- বিশ্ব শান্তি ও নিরাপত্তা সুনিশ্চিত করা। মূলত দু'টি বিশ্বযুদ্ধের কারণে সমগ্র মানব জাতির জীবনে যে অবর্ণনীয় দুঃখ-দুর্দশার সৃষ্টি হয়েছিল, তার ভয়াবহতা অনুধাবন করেই বিশ্ব নেতারা জাতিসংঘের লক্ষ্য নির্ধারণ করেছিলেন। বিশ্ব নেতাদের কাছে যেসব বিষয় তখন প্রাধান্য পেয়েছিল, তা হলো- যেকোনো ধরনের যুদ্ধকে নিরুৎসাহিত করা, ছোট ছোট দেশের নিরাপত্তা নিশ্চিত করা, আগ্রাসী দেশগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া, একটি নিরাপত্তাবলয় সৃষ্টি করা, বিশ্বের বিভিন্ন দেশের মানবাধিকার পরিস্থিতির উন্নতি করা, আন্তর্জাতিক আইনের বাধ্যবাধকতার ব্যাপারে দেশগুলোকে ধারণা দেয়া এবং ছোট দেশগুলোর প্রগতি ও উন্নয়ন সাধনে বলিষ্ঠ ভূমিকা পালন করা ইত্যাদি।

বিশ্ব নেতারা এসব লক্ষ্যকে সামনে রেখেই জাতিসংঘের সনদ রচনা করেন। জাতিসংঘ সনদে বলা হয়েছে- এসব লক্ষ্য বাস্তবায়ন করতে প্রতিটি রাষ্ট্র সহনশীলতার নীতি অনুসরণ করবে। প্রতিটি রাষ্ট্র সৎ প্রতিবেশীসুলভ আচরণ ও শান্তিতে বসবাস করবে; অর্থাৎ কোনো রাষ্ট্র আগ্রাসী ভূমিকা নেবে না ও সমমর্যাদার ভিত্তিতে পাশের দেশগুলোর সাথে সুসম্পর্ক গড়ে তুলবে। সনদে বলা হয়েছে- আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা রক্ষা করার জন্য সব রাষ্ট্রের শক্তি ঐক্যবদ্ধ করতে হবে; অর্থাৎ আগ্রাসী রাষ্ট্রের বিরুদ্ধে ছোট ছোট রাষ্ট্রের নিরাপত্তা একটি ঐক্যবদ্ধ প্রচেষ্টার মাধ্যমেই নিশ্চিত করা সম্ভব। এই ঐক্যবদ্ধ প্রচেষ্টাই বিশ্ব শান্তির অন্যতম প্রধান রক্ষাকবচ। জাতিসংঘ সনদে সশস্ত্রবাহিনী ব্যবহারকেও নিরুৎসাহিত করা হয়েছে।

নির্দিষ্ট কারণ ছাড়া সশস্ত্রবাহিনীকে ব্যবহার না করার উপর এতে গুরুত্ব দেয়া হয়েছে। জাতিসংঘ যাতে একটি রাষ্ট্রের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে সহযোগিতা করতে পারে, জাতিসংঘের সনদে এ বিষয়টিরও উল্লেখ আছে। জাতিসংঘ প্রতিটি জাতির আত্মনিয়ন্ত্রণাধিকার স্বীকার করে এবং সমতার ভিত্তিতে প্রতিটি রাষ্ট্রের সাথে সম্পর্ক স্থাপন করার নীতিতে বিশ্বাসী। জাতিসংঘ কোনো দেশের অভ্যন্তরীণ ঘটনায় হস্তক্ষেপ করে না। কিন্তু যদি ওই রাষ্ট্র বিশ্ব শান্তি ও নিরাপত্তার প্রতি হুমকি হয়ে দেখা দেয়, তা হলে ওই রাষ্ট্রের অভ্যন্তরীণ ঘটনায় হস্তক্ষেপকে স্বীকার করে নেয়া হয়েছে। জাতিসংঘ সনদ অনুযায়ী, নিরাপত্তা পরিষদের মূল দায়িত্ব হচ্ছে আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা বজায় রাখা।

আপাত দৃষ্টিতে জাতিসংঘের সাফল্য বেশি বলে মনে হলেও জাতিসংঘ প্রতিটি ক্ষেত্রে যে সফল হয়েছে, তা বলা যাবে না। বেশ কিছু ক্ষেত্রে জাতিসঙ্ঘের ব্যর্থতাও লক্ষ করার মতো। বিশ্বে শান্তি প্রতিষ্ঠা জাতিসংঘের অন্যতম উদ্দেশ্য; অথচ দেখা গেছে, বিভিন্ন দেশের মধ্যে যেসব যুদ্ধ সংগঠিত হয়েছে, বিশেষ করে ইরান-ইরাক যুদ্ধ, চীন-ভিয়েতনাম যুদ্ধ, আফগানিস্তানে সোভিয়েত ইউনিয়নের আগ্রাসন, ভিয়েতনাম কর্তৃক কম্পুচিয়া আগ্রাসন কিংবা কিউবার ওপর যুক্তরাষ্ট্রের সামরিক চাপ- এসব প্রতিরোধ করতে জাতিসংঘ ব্যর্থ হয়েছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর দু'টি বৃহৎ শক্তি যুক্তরাষ্ট্র ও সাবেক সোভিয়েত ইউনিয়নের মধ্যে যে স্নায়ুযুদ্ধের জন্ম হয়েছিল, সেই স্নায়ুযুদ্ধ রোধ কিংবা উত্তেজনা হ্রাস করার ব্যাপারে জাতিসঙ্ঘ কোনো কার্যকর ব্যবস্থা নিতে পারেনি।

পারস্পরিক অস্ত্র উৎপাদন হ্রাস করা ও পারমাণবিক অস্ত্র প্রতিযোগিতা কমিয়ে আনার ব্যাপারেও জাতিসংঘের ব্যর্থতা লক্ষ করার মতো। জাতিগত বৈষম্য বিলোপসংক্রান্ত জাতিসংঘ ঘোষণা গৃহীত হলেও বিগত বছরগুলোতে ধনী ও গরিব রাষ্ট্রগুলোর মধ্যে ব্যবধান আরো বেড়েছে। গরিব দেশগুলোর ঋণের পরিমাণ দিনে দিনে বাড়লেও নিজের দ্বন্দ্বের কারণে পৃথিবীর বিভিন্ন অঞ্চলে, বিশেষ করে আফ্রিকায় রুয়ান্ডা-বুরুন্ডিতে কিংবা ইউরোপে বসনিয়া হার্জেগোভিনা ও কসোভোতে হাজার হাজার মানুষের মৃত্যু ও লাখ লাখ মানুষের দেশান্তরিত হওয়ার রোধ করার ব্যাপারে জাতিসংঘ আদৌ কোনো পদক্ষেপ নিতে পারেনি। এমনকি জাতিসংঘ এসব দেশে গণহত্যার সাথে যারা জড়িত, তাদের সবাইকে বিচারের জন্য আন্তর্জাতিক আদালতে সোপর্দ করতে পারেনি। ফিলিস্তিনের ওপর ইসরাইলের নগ্ন আগ্রাসনের ব্যাপারে জাতিসংঘ অদ্যাবধি কোনো কার্যকর ভূমিকা রাখতে পারেনি।

গণবিধ্বংসী অস্ত্র গোপন রাখার অভিযোগে ইরাকের ওপর যুক্তরাষ্ট্রের বুশ সরকারের অন্যায় আক্রমণের প্রশ্নেও জাতিসংঘ কোনো কার্যকর ভূমিকা পালনে ব্যর্থ হয়েছে। জাতিসঙ্ঘের ব্যাপারে বড় অভিযোগ- এ সংস্থাটি মূলত বড় দেশ, বিশেষ করে মার্কিন যুক্তরাষ্ট্রের স্বার্থ রক্ষা করে। জাতিসংঘের সিদ্ধান্ত গ্রহণকারী প্রক্রিয়ায় উন্নয়নশীল বিশ্বের কোনো প্রতিনিধিত্ব নেই। এসব দেশের মোট জনসংখ্যা ২০০ কোটির বেশি। অথচ এই বিপুল জনগোষ্ঠীর প্রতিনিধিত্বকারী দেশগুলোর ক্ষমতা জাতিসঙ্ঘের সিদ্ধান্ত গ্রহণকারী সংস্থায় একদম নেই। জাতিসংঘের মূল ক্ষমতা নিরাপত্তা পরিষদের হাতে।

প্রতিটি সংস্থারই সাফল্য যেমন রয়েছে, তেমনি রয়েছে ব্যর্থতা। জাতিসঙ্ঘের ক্ষেত্রেও এ কথাটি প্রযোজ্য। জাতিসংঘের সাফল্য যেমন রয়েছে, তেমনি রয়েছে এর ব্যর্থতাও। তুলনামূলক বিচারে জাতিসংঘের সাফল্য বেশি। বিশেষ করে শান্তিরক্ষা, পরিবেশ কার্যক্রম কিংবা উন্নয়ন কর্মকাণ্ডের সাথে জড়িত হয়ে জাতিসংঘ উন্নয়নশীল বিশ্বের উন্নয়নে কাজ করে যাচ্ছে। বিভিন্ন দেশে শান্তিরক্ষী পাঠিয়ে জাতিগত দ্বন্দ্বের অবসানের উদ্যোগ নিয়েছে জতিসংঘ। তবে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণে বৃহৎ শক্তিগুলোর একটি ভূমিকা ও কর্তৃত্ব করার প্রবণতা লক্ষ করা যায়। আর তাই জাতিসংঘের নিরাপত্তা পরিষদের কাঠামোগত সংস্কার এখন সময়ের দাবি।

লেখক: সহকারী কর্মকর্তা, ক্যারিয়ার অ্যান্ড প্রফেশনাল ডেভেলপমেন্ট সার্ভিসেস বিভাগ, সাউথ-ইস্ট বিশ্ববিদ্যালয়
ইমেইল : arafatrahman373@gmail.com

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

NUR BEPARY AUTO REPAIR
& BODY SHOP, INC.
COMPLETE BODY REPAIR
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
Nur Bhai
President
718-551-1405
OPEN 24 HOURS
35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052



বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

# ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া




# SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

QATAR AIRWAYS

Emirates

TURKISH AIRLINES

SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

Digital Travel Astoria

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

Cell: 917-459-7181

We are on Facebook

website: www.digitaltraveltour.com

# সব সময় ‘ফার্স্ট’ হতে নেই!

**ভালো ব্যবসা সেটাই যা ভবিষ্যতের জন্য ‘ক্যাশ ফ্লো’ তৈরি করার ক্ষমতা রাখে। বিনিয়োগকারীরা দেখলো যে, আগামী এক দশকেই টুইটার একচেটিয়া বাজার দখল করবে আর বিপুল মুনাফা করবে। তারা এটাও বুঝেছে যে, টুইটার যখন লাভে আসবে, তখন সংবাদপত্রের তেমন কোন চাহিদাই থাকবে না।**



সাজিদ রাজু

স্কুল জীবনের কথা নিশ্চয়ই মনে আছে সবার, থাকেই। শিশুর কোমল-নরম মনে এক ধরনের প্রতিযোগিতা তৈরি হয় এখান থেকেই। ক্লাসে প্রথম হতে হবে। পেছনের সারির শিক্ষার্থীদের দেখা হয় ভিন্ন চোখে। অথচ ক্লাসে প্রথম না হলেও বড় হয়ে মানুষ কতো কী হয়ে যায়, সেই নজির আমাদের চারপাশে অসংখ্য, অজস্র। অথচ স্কুল জীবনের ঢুকে যাওয়া এই মানসিকতা আমাদের তাড়িয়ে বেড়ায় পেশাগত জীবনেও। ব্যবসা কিংবা চাকরি যেখানেই হোক, সবাই কেবল প্রথম হতে চায়। অথচ শেষে থাকারও এক বিশেষ সুবিধা আছে, সেটা অনেকেই বুঝতে চায়না।

যেমন ব্যবসার কথাই বলা যাক। প্রতিযোগিতা এড়ানো গেলে যে একচেটিয়া বাজার দখলের সুযোগ তৈরি হয় এটা কে না বোঝে? অথচ প্রতিযোগিতা এড়ানোর কৌশলটাই আমরা বুঝতে চাইনা। একচেটিয়া ব্যবসা করতে হলে আপনার হাতে থাকতে হবে সেই পণ্য যা অন্য কারো কাছে নাই। আবার মানুষের ‘মন’ বোঝারও বিকল্প নাই। কেননা এমন কিছু যদি আনেন যা মানুষ গ্রহণই করলো না, তাহলে সারা বছর গোডাউন ভরপুর থাকবে, আর ব্যবসা উঠবে লাটে, এটাও সহজ সমীকরণ! একটা উদাহরণ দেয়া যাক। যুক্তরাষ্ট্রের বিখ্যাত পত্রিকা ‘দ্য নিউইয়র্ক টাইমস’ এর নাম কম বেশি সবাই জানে। এর বাজার মূল্যের সঙ্গে সামাজিক যোগাযোগমাধ্যম ‘টুইটার’ এর বাজারমূল্যের তুলনা করা যাক। উভয় কোম্পানিতেই কয়েক হাজার কর্মী কাজ করে এবং দুটি প্রতিষ্ঠানের মাধ্যমেই কয়েক মিলিয়ন মানুষ সংবাদ বা তথ্য পায়।

২০১৩ সালে টুইটার সাধারণ মানুষের জন্য উন্মুক্ত করে দেওয়া হয়। এ সময় এর বাজারমূল্য ছিল আড়াই হাজার কোটি মার্কিন ডলার, যা ‘দ্য নিউইয়র্ক টাইমস’-এর বাজার মূল্যের চেয়ে ১২ গুণ বেশি। যদিও ২০১২ সালে নিউইয়র্ক টাইমস যখন ১৩ কোটি ৩০ লাখ মার্কিন ডলার আয় করে সে সময় টুইটার লোকসান গুনছে। কিন্তু পরের দশকে এই চিত্র পুরোটা পাল্টে যায়।

কারণ কি? কারণ ‘ক্যাশ ফ্লো’ বা নগদ অর্থের প্রবাহ। যখন থেকে টাইমস লাভজনক, টুইটার তখন ছিলই না। কিন্তু বিনিয়োগকারীরা টুইটারকেই বেছে নিয়েছে, টাইমসকে নয়।

ভালো ব্যবসা সেটাই যা ভবিষ্যতের জন্য ‘ক্যাশ ফ্লো’ তৈরি করার ক্ষমতা রাখে। বিনিয়োগকারীরা দেখলো যে, আগামী এক দশকেই টুইটার একচেটিয়া বাজার দখল করবে আর বিপুল মুনাফা করবে। তারা এটাও বুঝেছে যে, টুইটার যখন লাভে আসবে, তখন সংবাদপত্রের তেমন কোন চাহিদাই থাকবে না। বর্তমান অবস্থা সেটাই প্রমাণ করে। নিউইয়র্ক টাইমস শুধু নয়, আরও অন্যান্য স্বনামধন্য পত্রিকাগুলো টিকে থাকার জন্য মানুষের কাছে হাতও পাতছে!

সহজ করে বললে, একটি ব্যবসার বর্তমান মূল্য হচ্ছে ভবিষ্যতে এটি কী পরিমাণ অর্থ আয় করবে। আর এটা নির্ধারণ করতে পারে কেবল তিনিই, যিনি নিজের ব্যবসা সম্পর্ক সুক্ষ্ম পরিকল্পনা করতে পারে, ভবিষ্যতকে দেখতে পায়।জীবনের অন্যান্য ক্ষেত্রও একই। আপনি ভবিষ্যতে কী করবেন, কতোদূর যাবেন তা বলে দেবে আপনি আসলে কতোদূর যেতে চান ও কী নিয়ে ব্যস্ত আছেন সেই বিষয়। স্কুলে প্রথম হতে না পারলেও জীবনের আরও বহু ক্লাস আছে যেখানে আপনি সফল হতে পারেন। এক্ষেত্রে গতিপ্রকৃতি বুঝে ক্রমাগত লক্ষ্যের দিকে এগিয়ে যেতে হবে। তবেই না ধরা দেবে সাফল্য!

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন



DR. MAHFUJUL HASAN D.D.S



DR. BORNALI HASAN MD

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন।
প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

মাত্রাত্র ১ মিলিয়ন বা সমমান ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এসে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

সেখে কোন কোম্পানীর মালিক/পরিচালক হয়ে আপনি ও আপনার পরিবার ৰ ২বছরের সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SHARIF TAX SERVICE



IRS Authorize e-file provider
37-47 77th Street,
Jackson Heights, NY 11372
PH: 917-547-7298
917-858-4249
e-mail: shariftaxservice@gmail.com

SHARIF Q. ALAM (HIRA)
B.Sc. (Hons), MS, DU
20 Years experience
Tax Prepare
NYS-Lic! Real Estate Sale agent

SERVICES:
- Tax Service
- Immigration
- Real Estate

# ঢাকায় সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ

(৩ পাতার পর)

এই ফোবানা সম্মেলনে ফ্যাশন শো, মিস ফোবানা, ম্যাগাজিন, বিজনেস লাঞ্চ, বইমেলা, মিউজিক আইডল, ড্যান্স আইডল, সেমিনার, ইয়ুথ ফোরাম, ইন্টারফেইথ ডায়ালগ সহ নানান ইভেন্টের প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠানে দেশের দুই শীর্ষ নৃত্যশিল্পী সাদিয়া ইসলাম মৌ এবং ওয়ার্দা রিহ্যাব অংশহণ করছেন।

সাংস্কৃতিক অনুষ্ঠান পর্বে বাংলাদেশের শীর্ষস্থানীয় শিল্পী সাবিনা ইয়াসমিন, নগর বাউল জেমস, তাহসান খান, হৃদয় খান, শফি মন্ডল, লায়লা, সহ জনপ্রিয় শিল্পীদেরকে আমন্ত্রন জানানো হয়েছে। বৃহত্তর ওয়াশিংটন ও উত্তর আমেরিকার একঝাঁক শীর্ষস্থানীয় শিল্পী ৩৫তম ফোবানা সম্মেলনে অংশগ্রহন করছেন বলে জানান কনভেনার জি আই রাসেল।

৩৫তম ফোবানা সম্মেলনে আয়োজিত বিভিন্ন সেমিনারের কথা উল্লেখ করে সদস্য সচিব শিব্বীর আহমেদ জানান, বাংলাদেশের বন্যা,ট্রাফিক, স্বাস্থ্য, বিদ্যুৎ, শিপিং, সেমি কন্ডাক্টর ও নানো টেকনোলজী, ভার্চুয়াল ল্যাব, শিক্ষা, ইনফরমেশন টেকনোলজী ইত্যাদি নানা বিষয়ে প্রায় ১২টি সেমিনার রয়েছে। এই সকল সেমিনার উত্তর আমেরিকা সহ বাংলাদেশের বিজ্ঞজন বিশিষ্টজনেরা অংশগ্রহন করবেন।

এছাড়াও ৩৫তম ফোবানা সম্মেলনের স্থানে একই সময় অনুষ্ঠিত হতে যাচ্ছে ওয়াশিংটন ইন্টারন্যাশনাল ট্রেড এন্ড কালচারাল এক্সপো উইটসি ২০২১। এই প্রথমবারের মত অনুষ্ঠিত এই ট্রেড শোতে সারাবিশ্ব থেকে ব্যবসায়ীরা অংশগ্রহন করবে এবং নিজেদের ব্যবসা বাণিজ্য সম্প্রসারনের সুযোগ পাবেন, বলেন কনভেনার জি আই রাসেল।

এছাড়াও ২৭ নভেম্বর শনিবার বিজনেস নেটওয়ার্ক লাঞ্চ অনুষ্ঠিত হবে। এই বিজনেস নেটওয়ার্কিং লাঞ্চে দেশের ও প্রবাসের শীর্ষ ব্যবসায়ী নেতৃবৃন্দ অংশগ্রহন করবেন।

আমেরিকায় করোনার ভয়াবহতা কাটতে শুরু করেছে। সব কিছু স্বাভাবিক হতে যাচ্ছে। ৩৫তম ফোবানা নিয়ে পুরো আমেরিকা জুড়ে উচ্ছাস আকাঙ্খা বিরাজ করছে। ফোবানার হোস্ট কমিটির সব গুলো সাব কমিটি কাজ করছে। চলছে নানান পারফর্মেন্সের রিহার্সেল। সবার সহযোগীতায় একটি অদম্য বাংলাদেশ অবাক বিস্ময়ের ৩৫তম ফোবানা সম্মেলন ২০২১ উপহার দিতে পারবেন বলে সংবাদ সম্মেলনে আশা করেন ফোবানা নেতৃবৃন্দ।


MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666



DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis:
196-22 Hillside Ave, Hollis, NY 11423

Jackson Heights Office:
7017 37th Ave, Jackson Heights, NY 11372

Brooklyn Office:
486 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office:
530 Conduit Blvd, Brooklyn, NY 11208

Bronx Office:
3099 Bainbridge Ave, Bronx, NY 10467

Parkchester Office:
1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL



দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।





আমাদের কাছে ঠিকানা পাবেন

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

# ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "'ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ কারণে এই বিভাগ আপনাদেরই জন্য। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহের আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানোর চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

**নভেম্বর ২০২১ ভিসা বুলেটিন**

ইউএস ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) নভেম্বর ২০২১ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে নিম্নে বাংলাদেশের নভেম্বর মাসের জন্য পারিবারিক ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলঃ

**ফ্যামিলি স্পন্সরড অগ্রাধিকারঃ**

প্রথমঃ (এফ-১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র ও কন্যাঃ ডিসেম্বর ১, ২০১৪।

দ্বিতীয়ঃ পারমানেন্ট রেসিডেন্টদেন স্বামী-স্ত্রী, শিশু সন্তান এব অবিব-াহিত পুত্র ও কন্যা।

এ. (এফ-২এ) পারমানেন্টদের স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের সন্তানেরাঃ চলতি।

বি. (এফ-২বি) পারমানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্রকন্যা (২১ বচর বা ততোর্ধঃ সেপ্টেম্বর ২২, ২০১৫।

তৃতীয়ঃ এফ-৩)ঃ ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র কন্যাঃ নভেম্বর ২২, ২০০৮।

চতুর্থঃ (এফ-৪) প্রাপ্ত বয়স্ক আমেরিকান নাগরিকদের ভাই ও বোনেরা। মার্চ ২২, ২০০৭।

এব্যাপারে বিস্তারিত জানতে ইউএস ডিপার্টমেন্টের ওয়েব সাইট দেখুন।

**সমন্বয় বিলের সর্বশেষ খবর-**

**সমন্বয় বিলে অবৈধ ইমিগ্র্যান্টদের রাজনৈতিক আশ্রয়লাভের সুযোগঃ**

গত ২০ অক্টোবর বুধবার ডেমোক্রেট সিনেটর বব মেনেন্দেজ লাখ লাখ অবৈধ ইমিগ্র্যান্টকে বৈধ করতে তার পার্টির বিবেচনাধীন তৃতীয় প্রস্তাবনা প্রকাশ করেছেন। উল্লেখ্য যে, বাজেট সমন্বয় বিল সিনেটে পেন্ডিং রয়েছে এবং এর আগে ১ জানুয়ারী ১৯৭২ থেকে ২০১০ পর্যন্ত তারিখ পরিবর্তন করে তা সমন্বয় বিলে অন্তর্ভুক্ত করার দুটি উদ্যোগ ব্যর্থ হয়। বর্তমান রেজিস্ট্রির সমন্বয় তারিখ হচ্ছে ১ জানুয়ারী, ১৯৭২। তবে ২০১০ পর্যন্ত রেজিস্ট্রি করার তারিখ পরিবর্তনের সুযোগ দিলে বহু আনডকুমেন্টেড ইমিগ্র্যান্ট বৈধ হয়ে নাগরিকত্ব লাভের সুযোগ পাবেন।

সিনেটর মেনেন্ডজ গত বুধবার বলেছে, ডেমোক্র্যাটরা 'প্ল্যান সি' সমন্বিত বাজেটে অন্তর্ভুক্ত করার চেষ্টা করছে। যা সাময়িক লিগ্যাল স্ট্যাটাস এবং ওয়ার্ক পারমিটের পরিধি বৃদ্ধি করতে সহায়ক হবে। সিনেটর বলেন, 'প্লান সি'তে সম্ভবতঃ প্যালোর বিকল্প থাকবে যা ১ কোটি ১০ লাভ আন্ডকুমেন্টেড ইমিগ্র্যান্টের মধ্যে প্রায় ৮০ লাভ আনডকুমেন্টেড ইমিগ্র্যান্ট আইন সম্ভবতভাবে কাজ করার শর্ত পুরণে সক্ষম হবে। এবং প্রথমে ৫ বছর এবং পরে আরো ৫ বছর স্ট্যাটাস নবায়নের সুযোগ পাবে। নতুন প্রস্তাবনা অবৈধ ইমিগ্র্যান্টদের ডিপোর্টেশন থেকে রক্ষা করবে এবং অভ্যন্তরীণ ও আন্তর্জাতিকভাবে ভ্রমণের সুযোগ পাবে। প্রস্তাবনাটি গৃহিত হবে বলে আশা করা যায়। যারা সংবাদের উপর নজর রাখছেন তারা জানতে পারবেন যে, ডেমোক্র্যাটরা সমন্বয় প্রক্রিয়া ব্যবহার করছেন যা সিম্পল মেজরিটি অর্থাৎ ৫০ ভোটেই পাশ হবে।

যদিও এখনই সবকিছু চূড়ান্ত নয়। প্রস্তাবনাটি গৃহীত হলেই আমরা এ বিষয়ে বিস্তারিত লিখব এবং আবেদন করার ব্যাপারে যোগ্যতা সম্পর্কে জানিয়ে দেব।

**নিউইয়র্ক থেকে ওসমান চৌধুরীর প্রশ্নঃ**

আমি সিটিজেনশীপের জন্যে এন-৪০০ ফাইল করেছিলাম প্রায় তিন বছর আগে। আমি সিটিজেনশীপের ইন্টারভিউ দিয়েছিলাম এবং ইন্টার-ভিউ এ পাশও করেছিলাম। কিন্তু আমার কেস সিকিউরিটি ক্লিয়ারেন্টেসর জন্য সেই তখন থেকেই ঝুলন্ত অবস্থায় আছে। এ ব্যাপারে খোজ নিলে জানানো হয় যে আমার কেস সিকিউরিটি ক্লিয়ারেন্সের জন্যে অপেক্ষায় আছে। এ ব্যাপারে আপনার পরামর্শের জন্য লিখলাম। আশা করি আপনার পরামর্শ পাব।

**ওসমান চৌধুরীর প্রশ্নের উত্তরঃ**

**সিটিজেনশীপ আবেদনে ব্যাকগ্রাউন্ড চেকঃ**

ইউএসসিআইএস সিটিজেনশীমপ আবেদনকারীদের আবেদনের প্রেক্ষিতে তার ব্যাকগ্রাউন্ড তদন্ত করে দেখেন। ইনভেস্টিগেশনের অন্যতম হচ্ছে ক্রিমিনাল ব্যাকগ্রাউন্ড এবং সিকিউরিটি চেকিং।

প্রয়োজন মনে করলে ইউএসসি-সআইএস অন্য আরো কিছু চেক করারও অধিকার রাখে। তবে সাধারণতঃ তারা নিচের বিষয়গুলোই চেক করেঃ

**ব্যাকগ্রাউন্ড ইনভেস্টিগেশনঃ**



এই স্টেপটি 'আন্তসংস্থা পরীক্ষা ব্যবস্থা' (আইবিআইএস) চেকিং নামে পরিচিত। এটি সমন্বিত একটি ব্যবস্থা যার মধ্যে ডাটাবেজ ও জনি-নরাপত্তা জাতীয় নিরাপত্তা ঝুঁকি এবং অন্যান্য আইন রক্ষাকারী সংস্থা সংশ্লিষ্ট তথ্য অন্তর্ভুক্ত থাকে। আমেরিকার শুল্ক ও সীমান্ত নিরাপত্তা সম্পর্কে তাৎক্ষণিকভাবে জানা যাবে যে- আরও তদন্ত, আরও ব্যাকগ্রান্ড চেকিং আবশ্যক কিনা।

ফিঙ্গার প্রিন্টঃ

**তিন নম্বর প্রস্তাবনা জমা করার ফর্ম, একটি সংশোধনী দশ দিনের অগ্রিম ভোটার নিবন্ধনের প্রয়োজনীয়তার অপসারণ**

প্রস্তাবিত সংশোধনীটি অনুচ্ছেদ II, ধারা ৫ এ উল্লিখিত বর্তমান প্রয়োজনীয়তা যে নির্বাচনের অন্তত দশ দিন আগে একজন নাগরিক কে ভোট দেওয়ার জন্য নিবন্ধিত হতে হবে সেটিকে অপসারণ করবে এবং আইনসভাকে আইন প্রণয়নের অনুমতি দেবে যার মাধ্যমে কোনো নাগরিক নির্বাচনের আগে দশ দিনের চাইতে কম সময়ে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদন করা হবে?

**হ্যাঁ**
**না**

**চার নম্বর প্রস্তাবনা জমা করার ফর্ম, একটি সংশোধনী অ-অজুহাত অনুপস্থিত ব্যালট ভোটিং এর অনুমোদন**

প্রস্তাবিত সংশোধনীটি একজন অনুপস্থিত ভোটারকে অবশ্যই কাউন্টিতে অনুপস্থিত থাকা বা অসুস্থতা বা শারীরিক অক্ষমতার কারণে ভোট কেন্দ্রে উপস্থিত থাকতে অক্ষম হতে হবে অনুপস্থিত ব্যালটে থাকা এমন বর্তমান বিধানের প্রয়োজনীয়তাটি অপসারণ করবে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদন করা হবে?

**হ্যাঁ**
**না**

**পাঁচ নম্বর প্রস্তাবনা জমা করার ফর্ম, একটি সংশোধনী নিউ ইয়র্ক সিটি সিভিল কোর্টের এখতিয়ার বৃদ্ধি করা।**

প্রস্তাবিত সংশোধনীটি নিউ ইয়র্ক সিটি সিভিল কোর্টকে $25,000 এর বর্তমান এখতিয়ার সীমার পরিবর্তে $50,000 পযন্ত দাবির শুনানি গ্রহণ করতে ও সিদ্ধান্ত নেওয়ার অনুমোদন প্রদান করার মাধ্যমে এটির এখতিয়ার বৃদ্ধি করবে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদন করা হবে?

**হ্যাঁ**
**না**

আপনি ভোট দেয়ার যোগ্য কি না জানার জন্য, অথবা আপনার ভোটকেন্দ্রের ঠিকানা খুঁজে পাবার জন্য, অনুগ্রহ করে আমাদের ওয়েব সাইট দেখুন:

**findmypollsite.vote.nyc**

**অথবা (866) 868-3692, টিটিওয়াই: (212) 487-5496**
নম্বরে কল করুন।

**একটি নমুনা ব্যালটের জন্য, আমাদের ওয়েব সাইট nyc.pollsitelocator.com দেখুন।**

নির্বাচন কর্মী হিসাবে কাজ করার জন্য অনুগ্রহ করে **nyc.electiondayworker.com** এর মাধ্যমে আবেদন করুন।

**দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক**
**কার্যনির্বাহী অফিস, 32 Broadway, 7th Floor, New York, NY 10004**

**কমিশনারস অব ইলেকশনস**
Frederic M. Umane- প্রেসিডেন্ট
Rodney L. Pepe-Souvenir- সেক্রেটারি
Jose Miguel Araujo
Jenny Low
Gino A. Marmorato
Michael Michel
Simon Shamoun
Patricia Anne Taylor
John Wm. Zaccone

# ২০২১ সালের সাধারণ নির্বাচন সম্পর্কিত বিজ্ঞপ্তি

## (পরিবর্তন হতে পারে)

**দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক নির্বাচনী আইনের ৪-১২০ ধারার বিধান অনুযায়ী, এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করছে যে নিউ ইয়র্ক কাউন্টির সাধারণ নির্বাচন মঙ্গলবার, ২ নভেম্বর, ২০২১ তারিখে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। নির্দিষ্ট ডিসট্রিক্টগুলোর ব্যালটে নিম্নে উল্লেখ করা সরকারি অফিসের জন্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:**

মেয়র সমগ্র শহরের জন্য
পাবলিক অ্যাডভোকেট
সিটি কম্পট্রোলার
বরো প্রেসিডেন্ট - নিউ ইয়র্ক
ডিসট্রিক্ট এটর্নি - নিউ ইয়র্ক
কাউন্সিল সদস্য
১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
২ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৩ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৫ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৬ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৭ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৯ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
১০ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
সুপ্রিম কোর্টের বিচারপতি
১ নম্বর জুডিশিয়াল ডিসট্রিক্ট
সিভিল কোর্টের বিচারক কাউন্টি
নিউ ইয়র্ক
সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট
২ নম্বর মিউনিসিপাল কোর্ট ডিসট্রিক্ট নিউইয়র্ক
সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট
৩ নম্বর মিউনিসিপাল কোর্ট ডিসট্রিক্ট নিউইয়র্ক
সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট
৫ নম্বর মিউনিসিপাল কোর্ট ডিসট্রিক্ট নিউ ইয়র্ক
সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট
৯ নম্বর মিউনিসিপাল কোর্ট ডিসট্রিক্ট নিউইয়র্ক
বিশেষ নির্বাচন স্টেট সিনেটর
৩০ নম্বর সিনেট ডিসট্রিক্ট

**দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক নির্বাচনী আইনের ৪-১২০ ধারার বিধান অনুযায়ী, এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করছে যে ব্রনক্স কাউন্টির সাধারণ নির্বাচন মঙ্গলবার, ২ নভেম্বর, ২০২১ তারিখে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। নির্দিষ্ট ডিসট্রিক্টগুলোর ব্যালটে নিম্নে উল্লেখ করা সরকারি অফিসের জন্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:**

মেয়র সমগ্র শহরের জন্য
পাবলিক অ্যাডভোকেট সমগ্র শহরের জন্য
সিটি কম্পট্রোলার সমগ্র শহরের জন্য
বরো প্রেসিডেন্ট ব্রঙ্কস
কাউন্সিল সদস্য
৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
১১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
১২ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
১৩ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
১৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
১৫ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
১৬ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
১৭ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
১৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
২২ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
সুপ্রিম কোর্টের বিচারপতি
১২ নম্বর জুডিশিয়াল ডিসট্রিক্ট
সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট
২ নম্বর মিউনিসিপাল কোর্ট ডিসট্রিক্ট ব্রঙ্কস
অ্যাসেম্বলি সদস্য
৮৬ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট

**দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক নির্বাচনী আইনের ৪-১২০ ধারার বিধান অনুযায়ী, এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করছে যে কিংস কাউন্টির সাধারণ নির্বাচন মঙ্গলবার, ২ নভেম্বর, ২০২১ তারিখে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্তঅনুষ্ঠিত হবে। নির্দিষ্ট ডিসট্রিক্টগুলোর ব্যালটে নিম্নে উল্লেখ করা সরকারি অফিসের জন্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:**

মেয়র সমগ্র শহরের জন্য
পাবলিক অ্যাডভোকেট সমগ্র শহরের জন্য
সিটি কম্পট্রোলার সমগ্র শহরের জন্য
বরো প্রেসিডেন্ট কিংস
ডিসট্রিক্ট এটর্নি কিংস
কাউন্সিল সদস্য
৩৩ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৩৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৩৫ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৩৬ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৩৭ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৩৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৩৯ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৪০ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৪১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৪২ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৪৩ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৪৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৪৫ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৪৬ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৪৭ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৪৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
প্রতিনিধি - কিংস
সুপ্রিম কোর্টের বিচারপতি
২ নম্বর জুডিশিয়াল ডিসট্রিক্ট
সিভিল কোর্টের বিচারক
কাউন্টি কিংস
সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট
২ নম্বর মিউনিসিপাল কোর্ট ডিসট্রিক্ট কিংস
সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট
৭ নম্বর মিউনিসিপাল কোর্ট ডিসট্রিক্ট কিংস

**দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক নির্বাচনী আইনের ৪-১২০ ধারার বিধান অনুযায়ী, এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করছে যে কুইন্স কাউন্টির সাধারণ নির্বাচন মঙ্গলবার, ২ নভেম্বর, ২০২১ তারিখে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্তঅনুষ্ঠিত হবে। নির্দিষ্ট ডিসট্রিক্টগুলোর ব্যালটে নিম্নে উল্লেখ করা সরকারি অফিসের জন্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:**

মেয়র সমগ্র শহরের জন্য
পাবলিক অ্যাডভোকেট সমগ্র শহরের জন্য
সিটি কম্পট্রোলার সমগ্র শহরের জন্য
বরো প্রেসিডেন্ট কুইন্স
কাউন্সিল সদস্য
১৯ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
২০ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
২১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
২২ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
২৩ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
২৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
২৫ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
২৬ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
২৭ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
২৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
২৯ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৩০ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৩১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৩২ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৩৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
সুপ্রিম কোর্টের বিচারপতি
১১ নম্বর জুডিশিয়াল ডিসট্রিক্ট
সিভিল কোর্টের বিচারক কাউন্টি কুইন্স
সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট
৩ নম্বর মিউনিসিপাল কোর্ট ডিসট্রিক্ট কুইন্স
সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট
৪ নম্বর মিউনিসিপাল কোর্ট ডিসট্রিক্ট কুইন্স

**দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক নির্বাচনী আইনের ৪-১২০ ধারার বিধান অনুযায়ী, এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করছে যে রিচমন্ড কাউন্টির সাধারণ নির্বাচন মঙ্গলবার, ২ নভেম্বর, ২০২১ তারিখে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্তঅনুষ্ঠিত হবে। নির্দিষ্ট ডিসট্রিক্টগুলোর ব্যালটে নিম্নে উল্লেখ করা সরকারি অফিসের জন্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:**

মেয়র সমগ্র শহরের জন্য
পাবলিক অ্যাডভোকেট সমগ্র শহরের জন্য
সিটি কম্পট্রোলার সমগ্র শহরের জন্য
বরো প্রেসিডেন্ট রিচমন্ড
কাউন্সিল সদস্য
৪৯ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৫০ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
কাউন্সিল সদস্য
৫১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট
সুপ্রিম কোর্টের বিচারপতি
১৩ নম্বর জুডিশিয়াল ডিসট্রিক্ট
সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট
২ নম্বর মিউনিসিপাল কোর্ট ডিসট্রিক্ট
রিচমন্ড

আপনি ভোট দেয়ার যোগ্য কি না জানার জন্য, অথবা আপনার ভোটকেন্দ্রের ঠিকানা খুঁজে পেতে অথবা একটি নমুনা ব্যালট দেখার জন্য, অনুগ্রহ করে আমাদের ওয়েব সাইট:

**findmypollsite.vote.nyc দেখুন**

**অথবা (866) 868-3692,**

**টিটিওয়াই: (212) 487-5496**

নম্বরে কল করুন ।

**একটি নমুনা ব্যালটের জন্য, আমাদের ওয়েব সাইট nyc.pollsitelocator.com দেখুন।**

Or scan the QR code with your Smartphone or tablet
**nyc.pollsitelocator.com**

**নির্বাচন কর্মী হিসাবে কাজ করার জন্য অনুগ্রহ করে**
**nyc.electiondayworker.com**
**এর মাধ্যমে আবেদন করুন।**

**দ্যা বোর্ড অব ইলেকশনস**
**ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক**
**কার্যনির্বাহী অফিস, 32 Broadway, 7th Floor, New York, NY 10004**

**COMMISSIONERS OF ELECTIONS**

Frederic M. Umane - প্রেসিডেন্ট
Rodney L. Pepe-Souvenir - সেক্রেটারি
Jose Miguel Araujo
Jenny Low
Gino A. Marmorato
Michael Michel
Simon Shamoun
Patricia Anne Taylor
John Wm. Zaccone

এখন আপনাদের আরো কাছে এবং ব্যাপক পরিসরে কাবাব কিং এর পার্শ্বে

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# Bangla Travel

JACKSON HEIGHTS NEW YORK

আপনার নিশ্চিত ভ্রমনের বিশ্বস্ত আয়োজক

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত

KUWAIT AIRWAYS

Biman BANGLADESH AIRLINES

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

$৬৪৯+

JFK-Dhaka-JFK Return

Emirates

ETIHAD AIRWAYS

QATAR AIRWAYS

DELTA AIR LINES

AmericanAirlines



ঢাকা এয়ারপোর্টে আমাদের রয়েছে নিজস্ব Help Office
যারা ইমিগ্রেশন, লাগেজ পিকআপ সহ সকল সহযোগিতা করবে।

Mohammad B Hossain (Belal)
President & CEO




আমরা সকল এয়ারলাইন্সের টিকেট সরাসরি আমাদের অফিস থেকে ইস্যু করে থাকি।

বাংলাদেশ থেকে আসার টিকেট
সবচেয়ে কম দামে
আমাদের কাছেই পাবেন।

উত্তর আমেরিকার ট্রাভেল ব্যবসায়
সবচেয়ে অভিজ্ঞ ট্রাভেল টিম
শুধুমাত্র ডিজিটাল ওয়ান ট্রাভেল-এ
পাবেন, যারা সর্বদা আপনাদের সেবায় প্রস্তুত



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ



পুষ্প
ট্রাভেল কনসালটেন্ট
৫ বছরের অভিজ্ঞ

7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

Phone: 917-396-4140, 917-592-7828

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM -10PM *Terms & Condition may apply. See store for details.




SPECIAL FARE

Fly to Dhaka With
Emirates Via Dubai

From

New York | Chicago
Washington | Houston
Boston | Los Angeles

718-200-2655
718-406-9745

World Tours and Travel

MD. Shamsuddin, MBA CEO

37-12 75th Street, 2nd Floor, Suite # 206
Jackson Heights, NY 11372

IJ CREATIVE SOLUTIONS
Building Brilliant Brands

১ ঘন্টায় ব্যানার
বিজনেস কার্ড এবং ফ্লায়ার
SAME DAY PICKUP

এখন জ্যামাইকাতে

আপনার ব্যবসা প্রসারে আমাদের ফ্রি পরামর্শ নিন



- ডিজিটাল ব্যানার
- বিজনেস কার্ড
- পোস্টকার্ড
- ফ্লায়ার
- ক্যালেন্ডার
- ডিজিটাল প্রিন্ট অন প্লাস্টিক বোর্ড
- সাইন
- পোস্টার
- ম্যাগাজিন
- স্টিকার প্রিন্ট
- লেমিনেশন
- টি-শার্ট
- আইডি কার্ড
- মেন্যু
- রিসিট বুক
- লেটার হেড
- ইনভাইটেশন কার্ড
- রোল আপ ব্যানার
- সাইড ওয়াক সাইন
- পাসপোর্ট ফটো

WEB DESIGN
PASSPORT PHOTOS
CONSTRUCTION JOB PROPOSAL WRITTEN



আমরা বিয়ে, জন্মদিন বিজনেস পার্টি, কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠানের ফটোগ্রাফী এবং ভিডিওগ্রাফী করি

100% BEST QUALITY


929-372-7445, 845-793-4580 www.ijcreative.solutions
159-07 Hillside Ave. Jamaica, NY 11432 callijventures@gmail.com

orderkhalilsfood /

খলিল"স ক্যাটারিং

সামার শেষের বাকি দিন গুলি হয়ে উঠুক জমজমাট
খলিল'স ফুড এর নান্দনিক ক্যাটারিং সার্ভিস দিয়ে

- ২০-২০০০ মানুষের খাবার অর্ডার নিয়ে থাকি
- সর্বাধুনিক মাসেরডিস ডেলিভারি ভ্যান
- খাবার গরম থাকে
- ১০০ ভাগ হালাল উপায়ে প্রস্তুত
- স্বাদ মাশাল্লাহ!



Khalil's Food

For order or online:
www.khalilsfood.com

Place Order:
646-763-5073
347-621-2884

PEOPLE TECH

DevOps | Scrum Master & Product Owner

( 100% Scholarship for Training & Job Placement, Condition applied )

Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019

Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019

Software Testing (QA) Training & Job Placement

New York In Class Batches

| Weekend Morning | Weekdays Evening |
|---|---|
| 9:00 AM To 2:00 PM<br>Selenium Starting from<br>October 19, 2019 | 6:00 PM To 11:00 PM<br>Selenium Starting from<br>October 22, 2019 |

VA In Class Batches

| Weekend Morning | Weekdays Evening |
|---|---|
| 9:00 AM To 2:00 PM<br>Selenium Starting from<br>November 16, 2019 | 6:00 PM To 11:00 PM<br>Selenium Starting from<br>November 26, 2019 |

www.piit.us

# GOLDEN AGE HOME CARE

Licensed Home Health Care Agency



**HHA/ PCA Service**

**CDPAP Service**

Skilled **Nursing**

## Most Popular Home Health Care Agency

প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে
আপনজনকে সেবা দিয়ে
অর্থ উপার্জন করুন

MAKE MONEY BY SERVING
YOUR RELATIVES AT HOME
WITHOUT TRAINING

**JACKSON HEIGHTS HEAD OFFICE**
71-24 35th Avenue Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

**BRONX OFFICE**
831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834

**BROOKLYN OFFICE**
509 Mcdonald Ave
Brooklyn, NY 11218
Ph: 347-781-2778
Fax: 917-396-4115

**JAMAICA OFFICE**
164-05 Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-674-6002
Fax: 917-396-4115




Email: info@goldenagehomecare.com
www. goldenagehomecare.com

**Shah Nawaz** MBA
President & CEO
Ph: 646-591-8396

A Voice For The Voiceless

A Vision For The Future



## মুজিব'র লক্ষ্য

- মুজিব আমাদের পারিবারিক মূল্যবোধকে প্রধান্য দেন। ধর্মীয় অনুশাসন ও সামাজিক রীতিনীতির প্রতি শ্রদ্ধাশীল।
- অন্যান্য ধর্মীয় উপাসনালয়ের মত আমাদের মসজিদ ও মন্দিরের জন্য একই রকম সুযোগ সুবিধা সৃষ্টি করা
- সিটির আর্থিক অপচয়ের বিরুদ্ধে সোচ্চার কণ্ঠ মুজিব ট্যাক্স হ্রাসের বিষয়ে কাজ করবেন
- বৈষম্যমূলক পার্কিং আইন নিয়ে কাজ করবেন- যাতে হাইল্যান্ড এভিন্যু পাশ্ববর্তী এলাকা ফ্রেশমেডোর মত No Parking মুক্ত হয়
- এলাকার বিশেষ করে ক্ষুদ্র ও কমিউনিটি ব্যবসার উপর সিটির টিকিট খড়্গের বিরুদ্ধে লড়বেন
- মুজিব সিটি ইউনিভার্সিটির গ্র্যাজুয়েট, শিক্ষাবিদ ও বিবাহিত দুই সন্তানের পিতা মুজিব একজন পরীক্ষিত সমাজ সেবক

2021 ELECTION

VOTE FOR MUJIB RAHMAN VOTE FOR

NEW YORK CITY COUNCIL DISTRICT - 24

Tel: 917.833.3478 | mujibrahmanny@gmail.com

আগাম ভোট শুরু হবে ২১ অক্টোবর বৃহস্পতিবার থেকে

নির্বাচন ২ নভেম্বর ২০২১, মঙ্গলবার সকাল ৬ টা থেকে রাত ৯টা পর্যন্ত

Paid by Mujib Rahman 2021

# হোয়াইট হাউজে অনুপস্থিতির রেকর্ড বাইডেন

(প্রথম পাতার পর)

হোয়াইট হাউজে থাকতে নয়, জনগণের কল্যাণে সিদ্ধান্ত নেওয়ার জন্য নির্বাচিত হয়ে সেখানে যেতে চান তিনি। প্রেসিডেন্ট হওয়ার পর তার প্রমাণও পাওয়া গেছে। কর্মদিবস শেষ করেই সন্ধ্যায় হোয়াইট হাউজ ছেড়েছেন বাইডেন। আবার ফিরেছেন কর্মদিবস শুরুর সময়। প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার ২৭৬ দিনের মধ্যে ১০৮ দিনই বাইডেন হোয়াইট হাউজে ছিলেন না। এর বড় অংশই তিনি ডেলওয়ারের বাসায়, মেরিল্যান্ডের ক্যাম্প ডেভিডে কিংবা দূর থেকে কাজ করেছেন। মার্কিন সংবাদমাধ্যম সিএনএনের বিশ্লেষণে এ তথ্য জানা গেছে। হোয়াইট হাউজ প্রাঙ্গণে প্রেসিডেন্টের চলাফেরার নানা বিধিনিষেধ আছে। এছাড়া মার্কিন প্রেসিডেন্টের কার্যালয় ও বাসভবনে সবসময় সাংবাদিক, বিক্ষোভকারী, বিভিন্ন আন্দোলনের কর্মী, আইনশৃঙ্খলাবাহিনীর ভিড় লেগেই থাকে। প্রেসিডেন্ট তার নিজ শয়নকক্ষে বসেও এসব শুনতে পাবেন। এত গোলমাল কারই বা ভালো লাগে। তাই সময় পেলেই বাইডেন তার ব্যক্তিগত বাসভবনে চলে যান। সেখান থেকে অবশ্য হোয়াইট হাউজের দূরত্ব খুবই অল্প। হেলিকপ্টারে মাত্র ১ ঘণ্টা। হোয়াইট হাউজের চেয়ে নিজ বাসাতেই স্ত্রী, সন্তান, নাতি-নাতনিদের সঙ্গে সময় কাটাতে পছন্দ করেন বাইডেন।

হোয়াইট হাউজে অনুপস্থিত থাকার ক্ষেত্রে বাইডেন ছাড়িয়ে গেছেন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে। সময় পেলেই ট্রাম্প ফ্লোরিডা ও নিউ জার্সিতে বেড়াতে যেতেন। এ নিয়ে অনেক সমালোচনাও হয়েছিল। সেক্ষেত্রে কিছুটা ভাগ্যবান বাইডেন। প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব শুরুর পর প্রথম ২৭৫ দিনের মধ্যে ১০৭ দিন হোয়াইট হাউজে থাকেননি বাইডেন। ট্রাম্প ছিলেন না ৭০ দিন, বারাক ওবামা ৪০ দিন ও জর্জ ডব্লিউ বুশ ছিলেন না ৮৪ দিন।

বাইডেনের মুখপাত্র অবশ্য জানিয়েছেন, পরিবারের সঙ্গে সময় কাটানোর পাশাপাশি নিজ বাসা থেকে কাজও করেন বাইডেন। তাছাড়া করোনার এই সময়কালে অনেকেই বাসা থেকেই কাজ করছেন। বাইডেন তার ব্যতিক্রম নয়। বিভিন্ন সময়ে মার্কিন প্রেসিডেন্টদের মুখে শোনা গেছে হোয়াইট হাউজের কড়াকড়া নিয়ে বিতৃষ্ণার কথা। সাবেক প্রেসিডেন্ট ট্রুম্যান এটিকে আখ্যা দিয়েছেন সাদা খাঁচা নামে। এটিকে খাঁচা বলেছেন সাবেক ফার্স্ট লেডি মিশেল ওবামাও।




হ্যালো নিউ ইয়র্ক শহরের বাসিন্দাগণ


VOTE NYC
Board of Elections
City of New York

অগ্রিম!

ভোট দিন!



অক্টোবর ২৩ থেকে ৩১ তারিখ পর্যন্ত ৯ দিন
অগ্রিম ভোটের সুযোগ গ্রহণ করে, নিউ ইয়র্ক
শহরের সকল বাসিন্দারা নিজেদের
পছন্দের দিনে ভোট দিতে পারবেন।



ব্যালটে থাকবে:
- মেয়র
- পাবলিক অ্যাডভোকেট
- কম্পট্রোলার
- বরো প্রেসিডেন্ট
- সিটি কাউন্সিল

ভোটকেন্দ্রের ঠিকানা, কখন এবং কিভাবে ভোট দেবেন জানার জন্য দেখুন **findmypollsite.vote.nyc**

# সাহিত্য সাময়িকী

## কাকা, বিনু মাসি ও কমলের জন্যে

**ফারুক ফয়সল**

সুপারি বাগানের সারিবদ্ধ গাছগুলির মতো,
পাশাপাশি বাস চিরকাল, এ ওর গায়ে হেলে পড়ার দূরত্ব ।
বিস্তীর্ণ ক্ষেত ভরা নরম হলুদ রং ফুলের বিস্তার
গায়ে গায়ে সই হয়ে থাকা থোক থোক গুচ্ছ পরিবার ।

সবুজ ধানের শিষের ভিতর তরল দুধ রক্ষায় যেমন রাতে-দিনে
কৃষকের দু চোখ ব্যাকুল প্রহরায় থাকে কীট পতঙ্গ দমনে,
মুরগী যেমন শিশু ছানাকে চিলের থেকে আড়াল রাখে
ডানার নিচে এক সাথে নিরাপত্তার ওমে জড়াজড়ি থাকে ।

এক নদীর জলে স্নান, এক স্কুলে পাঠ, এক মাঠেতে খেলাঘর পাতা,
কমল আমার মায়ের আরেক ছেলে,আমার ভাই তার দাদা ।
বিনু মাসি মা'র সই, সকল কাজে মা'র দুহাত মাসির দুইয়ে চার
এই জ্যৈষ্ঠ মাসে আপুর বিদায়ে কন্যা হারা কাকা কান্নায় একসার ।

হাজার বছর এই ধারা, যেমন পদ্মা যমুনা নিরন্তর বয়ে চলে
ধর্ম খেয়ে স্বার্থের ফিকিরে, বিগ্রহ ভাঙ্গে হিন্দু মারে, ধর্মের জয়ধ্বজা তোলে!
কে সে দুর্বৃত্ত, কোন প্ররোচনায় কেড়ে খেতে চায় হিন্দুর সম্ভ্রম, সম্পত্তি ও জান,
জেনে রাখ শৃগাল, জেগে আছে আজো প্রতিবেশি ভাই, বাঙালি মুসলমান ।

## তুমি আইও নাইওরি

**আশরাফ হাসান**

তোমারে দিমু সুরমা গাঙের জলের তুফান
পালতোলা নাওয়ের ঢেউভাঙ্গা ডাঙ্গর ভ্রমণ
রূপালি নদীর বুকে চেপে তুমি আইও নাইওরি
দামাল-কিশোরের ভেলায় চইড়া আইও ।

তোমারে দিমু চাঁদনী ঘাটের বনেদি পিঁড়ি
উদোম আসমানের নিচে বিছাইয়া দিমু রোদের জাজিম
বনেলা হাঁসের পাখনায় হাওয়ার সঙ্গীত
শা'জালালের জায়নামাজের মতোন মগ্ন-মোনাজাত ।

তুমি আইও অবাধ মেঘের মৃন্ময়-মায়ায়
বরষায় ভরা পানির ঝিলমিল-ঝিলে
হাওরের ভাসান শাপলার সাহসের মতোন আইও ।

তুমি তো কতোদিন দেখো না আলী আমজদের ঘড়ি
টিকটিক প্রাণের কাঁটায় মাকড়সার আইল;

জমিনের ধানবোনা পোয়াতি মৌসুমে আইও
উঠানে মাড়ার ধানভাঙ্গা ধবল আনন্দের মতোন আইও ।

## অর্কেস্ট্রায় বাজে মিলনের সুর

**আহম্মদ হোসেন বাবু**

কতো রাতে কতো দিনে এই ঘরে বন্দী জীবনে
অনেক মৃত্যু, অনেক দুঃখ সাথি হলো মনে,
বিভিষিকাময় সেই সব কথা আজ মনে হলে
বুকের ভেতরে পাখি ডানা ঝাপটায় মাথা তুলে ।

অবশেষে খুলে গেল সব বাধা, সব আশপাশ
একেবারেই কী গেল? এই নিয়ে চলে ফুসফাস,
ফুসফাস রেখে তাড়াতাড়ি চলো সময় যে নেই
বনের ছায়ায় তৃষ্ণার্ত লোক, নাচে ধেই-ধেই ।

পথে-ঘাটে, বাসে-ট্রামে ট্রেনে মানুষের হাসিমুখ
শিক্ষা কেন্দ্রে ছাত্রের ভীড়, মনে জাগে সুখ,
সুনীল আকাশে ভোরের সূর্য ছড়ায় কিরণ
ডালে বসে পাখি জপে প্রকৃতির রূপ-কীর্তন ।

এতোদিন পরে নদীতে জেগেছে প্রাণের জোয়ার
শক্ত হস্তে হাল ধরো মাঝি, থাকো হুশিয়ার,
পদ্ম ফুটেছে, শেফালি ঝরেছে কুয়াশার ভোরে
ধানের পাতায় শিশির বিন্দু, ঝলমল করে ।

আলিঙ্গনের আশা নিয়ে রাখো মুখ আয়নায়
হারানো বেদনা ভুলে প্রেম আজ ঠোঁটে চুমু খায়,
আতঙ্ক গেছে, ঈশ্বর রাজি হলো চিৎকারে-
প্রেমিক মিলবে আমোদে-প্রমোদে আর শীৎকারে ।

মায়াবতী প্রাণে বিস্মিত চোখে তারার ঝিলিক
শরতের মেঘে তারুণ্য মাখা আলোর লিরিক,
আগমনী হাসে, ছন্দে নৃত্যে ঝুমুর-ঝুমুর
অর্কেস্ট্রায় বাজে আজ, শুধু মিলনের সুর ।।

## দিন আসে দিন যায়

**তোফায়েল তফাজ্জল**

টেবিলের সামান্য উচ্ছিষ্ট আবর্জনা
হয়ে পড়ে আছি ,বোন-প্লেট থেকে ঝুড়ির মাধ্যমে
কাজের মেয়েটি চেনায় ময়লার স্তূপ,
পিঁপড়া-মাছি পড়ে, বিড়াল বা কাক পড়ে
পেটের আগুন নিভানোর দ্বিপ্রহরে ।
গায়ে পড়ে ঝগড়া করে কুকুরও বসায় ভাগ এতে ।
জায়গা মতো বসে আছে যারা
তাদের নজরে না পড়ায়
বা ইচ্ছাকৃত স্পর্শ না করায়, না ডরায়
পড়ে যাই আরো নিচে,
যে সুযোগ এঁদো ডোবা থেকে কাছে বা দুরের প্রসঙ্গ মাড়িয়ে
উড়ে এসে জুড়ে বসে নানান কথার গুঞ্জরণে ।

এভাবেই আমার গন্ডিতে দিন আসে, দিন যায়
না মৃত, না জ্যান্ত হয়ে পড়ে থাকি হিসেবের বাইরে:
না কেউ চোখের
নাব্যতা দেখায় গ্লিসারিন লাগিয়েও ।
হতাশায় কূল পায় না এখানে ।
তবু আশা ও বিশ্বাস, হেলাফেলা এমন জীবন অতিক্রম করবে
গুন টান টান সংযমের পরীক্ষায় ।

## লোডশেডিং

**মাসুম আহমদ**

আচমকা শহরের সব মোমবাতি
নিরব হয়ে ফোটে,
পায়ের আওয়াজে
ছাইরং সন্ধ্যা
শিরশির করে কেঁপে ওঠে ।

এরকম লোডশেডিং সন্ধ্যায়
মোমবাতিরা ঘামতে ঘামতে নিরব হয়,
গোধূলি ও পশ্চিমা বাতাসের তৃষ্ণারা
জমতে থাকে বন্ধ হওয়া ডিপফ্রিজে,
এবং বৈঠকখানায় জমে উঠে
তামাক, ধোঁয়া এবং বিচ্ছিন্নতার গল্প ।



## বিবসন ঔৎসুক্য

**বেনজির শিকদার**

একদা এইখানে সমুদ্দুর ছিল!
বিকেলটা প্রায়ই সেজেগুজে এসে কাছ ঘেঁষে বসতো!

সূর্য পাঠাতো চুমু
পৃথিবী পান করে অস্তরাগের ঠোঁট! সঙ্গমসুখের উচ্ছলতায়
এক আচাভুয়া বাতাসের গাল বেয়ে নামতো
শামুক কুড়ানো ক্ষণ!

ছিল বারোমাসে তেরো পার্বণীয় আয়োজন!
কবোষ্ণ প্রেমের অনুগ্রগন্ধে শ্যামলিমা চাষির মতো
শতবর্ষীয় আর্তির থালায় ঘাটে ঘাটে জমতো মেলা ।

সোনার কলসের মতো আনচান প্রাণ;
পারিজাত সুবাসে ছুঁয়ে দিতো দূরগামী কাপালিক চাঁদ!

আজ ফণীমনসার মতো এ বাড়ন্ত বেলায়
খালাসির তাড়া নেই, নেই পায়চারি সুকানির ।
ভূতগ্রস্ততায় মাঝেমাঝে চুপচাপ উড়ে যায়
প্রিয়হারা কিছু ম্লানমুখী মধ্যবয়সী মেঘ ।
চারিদিকে ক্রোধানল, দাউদাউ ক্ষিপ্রতার লাস্যময়ী ভিড় ।

পুরোনো দেয়ালের মতো লেগে থাকা সেইসব দাগ
নিসর্গ নয়; খরস্রোতা নদী হয়ে ঢেউভাঙে
বিহঙ্গ চোখে বিবসন ঔৎসুক্য; চেয়ে চেয়ে অন্ধকার ।
এখন সুমুদ্দুর নয়; এখানে কেবলই হৃদয়পোড়ার গন্ধ ।



# ফ্লু-তে আক্রান্ত হওয়ার সময় নয়। এখন সঠিক সময় একটি ফ্লু শট নেওয়ার।

COVID-19 আমাদের শিখিয়েছে যে আমাদের সবারই সুরক্ষা প্রয়োজন।
**একটি ফ্লু শট আপনাকে ও আপনার পরিবারকে সুরক্ষিত থাকতে সাহায্য করে।**

বিশেষ করে:

- 5 বছরের কমবয়সী শিশুরা
- যদি আপনি 65 বা তার উর্ধ্ববয়সী হন
- আপনি যদি গর্ভবতী হন বা সম্ভাবনা থাকে
- যদি আপনার অন্যান্য স্বাস্থ্যগত সমস্যা থাকে

আরো তথ্যের জন্য এবং আপনার ফ্লু শট পেতে একটি স্থানের জন্য, **nyc.gov/flu** ভিজিট করুন বা **311** নম্বরে কল করুন।

NYC Health
Bill de Blasio মেয়র
Dave A. Chokshi, MD MSc কমিশনার

সময়ের আগে ভোটদান
23–31 অক্টোবর

সাধারণ নির্বাচনের দিন
2 নভেম্বর

NYC VOTES

# vote now
# 現在就去投票
# এখন ভোট দিন
# vote ahora
# 지금 투표에 참여하세요

আমাদের ভবিষ্যৎ আজ ব্যালটে আছে। এখনই ভোট দিন।
আরো জানুন: **voting.nyc**

## ২০২৬ সালে জাতিসংঘ অধিবেশনে সভাপতি

(শেষের পাতার পর)

বাংলাদেশ। রোববার ঢাকায় জাতীয় প্রেসক্লাবে জাতিসংঘ দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ তথ্য জানান। পররাষ্ট্রমন্ত্রী মোমেন বলেন, আমরা এ লক্ষ্যে কাজ করছি।

ঢাকাবাসী আয়োজিত ওই অনুষ্ঠানে তিনি বলেন, বাংলাদেশ রোহিঙ্গা সংকট মোকাবিলা করছে। তবে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী পাঁচ সদস্যের জন্য রোহিঙ্গা সংকট ঝুলে আছে। বিশেষ করে চীন ও রাশিয়ার কথা বলতে চাই। তবুও আমরা প্রত্যাশা করছি এ সংকটের সমাধান হবে।

ড. মোমেন বলেন, জাতিসংঘের অবদান কোনোভাবেই অস্বীকার করা যাবে না। জাতিসংঘ সামাজিক উন্নয়নে বিশেষ অবদান রেখেছে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে কামরুল ইসলাম এমপি বলেন, হাজার বছর ধরে এ অঞ্চলের হিন্দু-মুসলমানরা এক সঙ্গে বসবাস করছে। তবে এখন সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টের গভীর চক্রান্ত চলছে।

## ১০ রাষ্ট্রদূতকে বহিষ্কারের নির্দেশ দিলেন এরদোয়ান

(প্রথম পাতার পর)

আবেদন করেছিলেন। 'আমি আমাদের পররাষ্ট্রমন্ত্রীকে নির্দেশ দিয়েছি যে এই ১০ জন রাষ্ট্রদূতকে যত তাড়াতাড়ি সম্ভব পারসোনা নন-গ্রাটা (কূটনীতিতে ব্যবহৃত একটি শব্দ, যা বহিষ্কারের আগে প্রথম পদক্ষেপকে নির্দেশ করে) হিসাবে ঘোষণা করার জন্য,' বলেন তুর্কি রাষ্ট্রপতি।

তবে তিনি নির্দিষ্ট তারিখ নির্ধারণ করেননি। 'তাদের অবশ্যই তুরস্ককে জানতে এবং বুঝতে হবে। তিনি রাষ্ট্রদূতদের সম্পর্কে বলেন, 'তাদের অবশ্যই এখান থেকে চলে যেতে হবে যেদিন তারা আর তুরস্ককে চিনবে না।'

রাষ্ট্রদূতরা সোমবার একটি 'অত্যন্ত অস্বাভাবিক যৌথ বিবৃতি' জারি করে বলেন যে, প্যারিসীয় বংশোদ্ভূত মানবাধিকারকর্মী ওসমান কাভালার অব্যাহত আটক তুরস্কের ওপর 'একটি ছায়া ফেলেছে। যুক্তরাষ্ট্র, জার্মানি, কানাডা, ডেনমার্ক, ফিনল্যান্ড, ফ্রান্স, নেদারল্যান্ডস, নিউজিল্যান্ড, নরওয়ে এবং সুইডেন '(কাভালার ক্ষেত্রে) ন্যায়সঙ্গত ও দ্রুত সমাধানের' আহ্বান জানিয়েছে।

কাভালা ২০১৭ সাল থেকে দোষী সাব্যস্ত না হয়ে কারাগারে আছেন। তিনি ২০১৩ সালে সরকারবিরোধী বিক্ষোভ এবং ২০১৬ সালে একটি ব্যর্থ সামরিক অভ্যুত্থানের সাথে যুক্ত ছিলেন বলে অভিযোগ। অভ্যুত্থানপ্রচেষ্টা থেকে বেঁচে যাওয়ার পর তিনি এরদোয়ানমুক্ত তুরস্কের প্রতীক হয়ে উঠেছেন।

গত সপ্তাহে জেল থেকে এএফপির সঙ্গে কথা বলেন বাভালা। সেখানে তিনি বলেন, আমি এরদোয়ানের প্রায় দুই দশকের শাসনের বিরোধিতা করছি। এ জন্য নিজেকে একটি হাতিয়ারের মতো মনে হয়।

ইউরোপের শীর্ষ মানবাধিকার পর্যবেক্ষক কাভালাকে বিচারাধীন অবস্থায় মুক্তি দেওয়ার জন্য ২০১৯ সালের ইউরোপীয় মানবাধিকার আদালতের আদেশ মেনে চলার জন্য তুরস্ককে একটি চূড়ান্ত সতর্কতা জারি করেছে। যদি তুরস্ক (৩০ নভেম্বর থেকে ২ ডিসেম্বরের মধ্যে) তার পরবর্তী বৈঠকে তা করতে ব্যর্থ হয়, তাহলে স্ট্রাসবার্গ-ভিত্তিক কাউন্সিল আঙ্কারার বিরুদ্ধে প্রথম শাস্তিমূলক কার্যক্রম শুরু করতে ভোট দিতে পারে।

## ১২ ডিসেম্বর ঢাবি এলামনাই এসোসিয়েশনের

(শেষের পাতার পর)

ইতিমধ্যেই নির্বাচনী তফসীল ঘোষণা করেছেন। ঘোষিত তফসীল মোতাবেক মনোনয়নপত্র সংগ্রহ ১০ নভেম্বর বুধবার (সন্ধ্যা ৬টা থেকে রাত ৮টা), মনোনয়নপত্র দাখিল ১৪ অক্টোবর, রোববার (সন্ধ্যা ৬টা থেকে রাত ৮টা)এবং মনোনয়নপত্র প্রত্যাহারের তারিখ ২১ নভেম্বর রোববার (সন্ধ্যা ৬টা থেকে রাত ৮টা)।

এসোসিয়েশন নির্বাচন পরিচালনার জন্য তিন সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন (ইসি) গঠন করা হয়েছে। কমিশনের চেয়ারম্যান মোহাম্মদ তৈয়বুর রহমান হারুন এবং ডেপুটি চেয়ারম্যানদ্বয় হলেন সুফিয়ান খান ও মোহাম্মদ সাইফুল ইসলাম খান।

নির্বাচন কমিশন জানায়, ১২ ডিসেম্বর রোববার জ্যামাইকার ১৪৬-১০ হিলসাইড এভিনিউ (দ্বিতীয় তলা) ঠিকানায় অনুষ্ঠিত হবে। বিকেল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

এদিকে আগামী ৫ নভেম্বর শুক্রবারের মধ্যে এসোসিয়েশনের সকল সদস্যকে সংগঠনের নির্ধারিত ফরম পূরণ করে সদস্যপদ গ্রহণ/নবায়ন করে ভোটার হওয়ার জন্য অনুরোধ জানিয়েছেন সভাপতি মোহাম্মদ হোসেন খান ও সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা।






# দ্রুত পদক্ষেপই হলো চাবিকাঠি!

## আপনার চিকিৎসককে মনোক্লোনাল অ্যান্টিবডি (Monoclonal antibody) চিকিৎসা সম্পর্কে জিজ্ঞাসা করুন

মনোক্লোনাল অ্যান্টিবডি চিকিৎসা হচ্ছে তাদের জন্য যারা COVID-19 এ আক্রান্ত হয়েছেন অথবা সম্প্রতি COVID-19 এ আক্রান্ত কারো সংস্পর্শে এসেছেন। মনোক্লোনাল অ্যান্টিবডি চিকিৎসা:

- আপনার রোগ প্রতিরোধ ব্যবস্থা যখন COVID-19 এর বিরুদ্ধে নিজস্ব অ্যান্টিবডি তৈরি শুরু করছে তখন তাকে এর বিরুদ্ধে লড়তে সাহায্য করে
- COVID-19 থেকে আপনার অসুস্থ হওয়া এবং হাসপাতালে ভর্তি হওয়ার ঝুঁকি হ্রাস করে
- 12 বছর বা তার বেশি বয়সীদের জন্য সুপারিশ করা হয় যারা গুরুতর COVID-19 অসুস্থতার উচ্চ ঝুঁকিতে রয়েছে, যেমন বয়স্ক প্রাপ্তবয়স্ক এবং অন্যান্য স্বাস্থ্য সমস্যাযুক্ত ব্যক্তি
- টিকা দেওয়ার বিকল্প **নয়**



মনোক্লোনাল অ্যান্টিবডি চিকিৎসা দানকারী একটি সাইট খুঁজে পেতে **nyc.gov/health/map** এ যান।

একটি টিকাদান সাইট খুঁজে পেতে, **nyc.gov/vaccinefinder** এ যান বা 877 829 4692 নম্বরে কল করুন।

NYC VACCINE FOR ALL: SAFE, FREE, EASY

NYC Health

## হিন্দুপল্লিতে সহিংসতায় ছাত্রলীগ নেতার স্বীকারোক্তি

(প্রথম পাতার পর)

গ্রেফতার ছাত্রলীগ নেতা সৈকত মন্ডল ও মসজিদের মুয়াজ্জিন রবিউল ইসলাম ঘটনার দায় স্বীকার করে ১৬৪ ধারায় জবানবন্দি দিয়েছে। গত রবিবার রাতে রংপুরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালত- ২এর বিচারক দেলোয়ার হোসেনের নিকট তারা দায় স্বীকার করে জবানবন্দি দেন। সৈকত ডিজিটাল নিরাপত্তা আইনে দায়ের করা মামলায় এবং রবিউল ইসলাম অগ্নিসংযোগ ও ভাঙচুর মামলায় স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছে। বিষয়টি নিশ্চিত করেছেন কোর্ট জিআরও সহিদুল ইসলাম। গ্রেফতার সৈকত মন্ডল রংপুর কারমাইকেল কলেজ ছাত্রলীগের দর্শন বিভাগের কমিটির সহ সভাপতি ছিলেন। সহিংস ঘটনার একদিন পরে ১৮ অক্টোবর তাকে ছাত্রলীগ থেকে অব্যাহতি দেয়া হয়। সৈকত মন্ডলের বাড়ি পীরগঞ্জের রামনাথপুর ইউনিয়নের মাঝিপাড়া গ্রামে। সৈকত বিভিন্ন সময়ে ফেসবুকে উসকানিমূলক পোস্ট ও মন্তব্য করতেন। সৈকতের বাবা রাশেদুল ইসলাম কোনো রাজনৈতিক দলের সঙ্গে জড়িত না থাকলেও তার দাদা আবুল হোসেন মন্ডল ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি পদে রয়েছেন। ১৭ অক্টোবর সহিংস ঘটনার পর পরই সৈকত মন্ডল (২৪) রবিউল ইসলামসহ (৩৬) অনেকেই গ্রাম থেকে আত্মগোপনে চলে যান।

## যে পরিচয়ে আসছে ফেসবুক

(প্রথম পাতার পর)

অনেকেই ফেসবুকের নতুন নতুন নাম দিচ্ছেন। যদিও এ প্রস্তাবনার বেশির ভাগই তারা করেছেন প্রতিদ্বন্দ্বী প্ল্যাটফর্ম টুইটারে গিয়ে।

কেউ কেউ বলছেন, ফেসবুকের নাম সংক্ষিপ্ত করে 'এফবি' করা হোক। কেননা অনেকেই এ নামে ফেসবুকে উল্লেখ করে থাকেন অনেক আগে থেকেই। আবার ফেসবুকের প্রথম নাম 'দ্য ফেসবুক' করার দাবিও এসেছে।

অন্য দিকে, মেটাভার্সের এক আলোচনা সভায় ফেসবুকের নতুন একটি নাম প্রস্তাব করা হয়েছে। ফেসবুকের বিকল্প নাম 'মেটা' হতে পারে বলে ওই আলোচনা সভায় উল্লেখ হয়েছে।

তবে এটির সত্যতা নিশ্চিত হওয়া যায়নি। এ ছাড়া বুকফেস, ফেসগ্রাম, ফেক্টাগ্রাম, ফেসটক এবং ওয়ার্ল্ডচেঞ্জার নামটিও আলোচনায় এসেছে।

কিন্তু ফেসবুক কেন এতটা তড়িঘড়ি করে নাম বদলাতে চাইবে? সে প্রশ্নের উত্তরে শোনা যাচ্ছে, দুর্নাম ঘোচাতে নাম বদলে দিতে চাইছে ফেসবুক।

প্রতিষ্ঠানটির সাবেক কর্মী ফ্রান্সেস হাউগেনের বক্তব্যে এমনটাই বোঝা যাচ্ছে। মার্কিন কংগ্রেসে তিনি বলেছেন, ফেসবুক সব সময় মানুষের ভালোর চেয়ে মুনাফায় গুরুত্ব দিয়েছে, শিশু-কিশোরদের ক্ষতি করছে জেনেও ব্যবস্থা নেয়নি, গণতান্ত্রিক প্রক্রিয়ায় বাধা দিয়েছে। এক প্রতিবেদনে সম্ভাব্য নাম হিসাবে 'হরাইজন'-এর উল্লেখ পাওয়া যায়। বেশ আগে থেকেই এ নামে একটি ভার্চুয়াল রিয়েলিটি প্ল্যাটফর্ম তৈরিতে কাজ করছে ফেসবুক, যা মেটাভার্সের ধারণার সঙ্গেও মিলে যায়।

মেটাভার্সে ফেসবুকের সামাজিক যোগাযোগমাধ্যম সেবা পাওয়া যাবে ভার্চুয়াল জগতে, যে জগতে ব্যবহারকারীরা যুক্ত হয়ে বাস্তব দুনিয়ার মতো একে অপরের সঙ্গে কথোপকথন চালাতে পারবেন, একসঙ্গে কিছু কিছু কাজও হয়তো করতে পারবেন। এতে ভার্চুয়াল আর বাস্তব জগতের বিভেদ কমে যাবে, যা অগমেন্টেড এবং ভার্চুয়াল রিয়েলিটি প্রযুক্তির সাহায্যে সম্ভব হবে।

এক প্রতিবেদনে বলা হয়েছে, ২৮ অক্টোবর ফেসবুকের বার্ষিক সম্মেলন 'কানেক্ট' অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। প্রতি বছর ফেসবুকের কর্মীদের নিয়ে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

এবারের সম্মেলনে ফেসবুকের প্রধান নির্বাহী কর্মকর্তা মার্ক জাকারবার্গ নাম পরিবর্তনের বিষয়টি নিয়ে আলোচনা করবেন বলে জানা গেছে। তার আগেই ফেসবুকের পক্ষ থেকে নতুন নাম জানানো হতে পারে।

## মেক্সিকো সীমান্তে ১৭ লাখ অনুপ্রবেশকারী

(প্রথম পাতার পর)

ইউএস কাস্টমস অ্যান্ড বর্ডার প্রটেকশনের তথ্য অনুসারে, তাদের মধ্যে ১০ লাখেরও বেশি মানুষকে মেক্সিকো বা তাদের আদি দেশে পুশব্যাক করা হয়। ১৬০টিরও বেশি দেশ থেকে আসা মানুষকে গ্রেপ্তার করা হয়েছে বলে জানা যায়।

অনেকে বলছে, প্রেসিডেন্ট জো বাইডেনের জনপ্রিয়তা ডুবে যাচ্ছে অনেকাংশে তাঁর অভিবাসন নীতির কারণে। এ মাসের শুরুর দিকে অ্যাসোসিয়েটেড প্রেস-এনওআরসি সেন্টার ফর পাবলিক অ্যাফেয়ার্স রিসার্চ সমীক্ষায় মাত্র ৩৫% মার্কিনি তাঁর পক্ষে।

বাইডেন তার পূর্বসূরি ডোনাল্ড ট্রাম্পের চেয়ে আরো মানবিক অভিবাসন নীতির প্রতিশ্রুতি দিয়েছিলেন। তবে মার্কিন-মেক্সিকো সীমান্ত ডেমোক্র্যাটের ৯ মাস বয়সী রাষ্ট্রপতির বেশির ভাগ সময় সংকটে কেটেছে।

২০২১ অর্থবছরের আটক সংখ্যা, যা সেপ্টেম্বরে শেষ হয়েছিল; ২০০০ সালের পর থেকে সর্বোচ্চ। সে বছর, ১৬ লাখেরও বেশি অভিবাসীকে মার্কিন-মেক্সিকো সীমান্তে আটক করা হয়েছিল। কিন্তু ১৯৬০-এর দশকে মার্কিন কর্তৃপক্ষ প্রথম এ ধরনের অনুপ্রবেশ বন্ধে কড়াকড়ি আরোপ শুরু করার পর থেকে সংখ্যাটি এই প্রথম ১৭ লাখে পৌঁছাল।

ইউএস কাস্টমস অ্যান্ড বর্ডার প্রটেকশন বলছে, মহামারি চলাকালীন বিপুলসংখ্যক অভিবাসী সীমান্ত অতিক্রম করার চেষ্টা করে। যারা অবৈধভাবে যুক্তরাষ্ট্রে প্রবেশের চেষ্টা করছে তারা মূলত মেক্সিকো, গুয়াতেমালা, হন্ডুরাস এবং এল সালভাদর-এর নাগরিক।। আটককৃতদের মধ্যে বেশি ছিল প্রাপ্তবয়স্ক। এদের সংখ্যা ১১ লাখেরও বেশি (প্রায় ৬৫ শতাংশ)।

একই সময়ে, মার্কিন কর্তৃপক্ষ বলেছে যে তারা এক লাখ ৪৫ হাজারেরও বেশি অভিভাবকহীন শিশুর সম্মুখীন হয়েছে- সংখ্যার দিক দিয়ে এটিও একটি রেকর্ড। সেই শিশুদের মধ্যে প্রায় ১১ হাজার শুক্রবার সরকারি হেফাজতে ছিল।

বিবিসির তদন্তে দেখা গেছে, এ বছরের শুরুতে টেক্সাসের ফোর্ট ব্লিস ডিটেনশন সেন্টারের যৌন নির্যাতনের ঘটনা ঘটেছে। একই সঙ্গে সেখানে দেখা গেছে মহামারি কভিডের হানা ও উকুনের উপদ্রব। ক্ষুধার্ত শিশুদের খেতে দেওয়া হয়েছিল আধা-সেদ্ধ মাংস আর বালিঝড় হানা দিয়েছিল মরুভূমির তাঁবু শিবিরে, যেখানে তরুণদের রাখা হচ্ছিল।

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500
আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।
দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডাঃ কাজী জাফরি সাত্তার
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস ( ইউনিক ডেন্টাল )
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না
Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা • বার্থ ইনজুরি
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল • নির্মাণ কাজে দুর্ঘটনা
• ব্রেইন ইনজুরি • পিছলে পড়ে গেলে
• এলিভেটর এক্সিডেন্ট • লেড পয়জনিং
• স্কুল লায়াবিলিটি • কুকুর কামড়ালে
• খেলার মাঠে দুর্ঘটনা • ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্নী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন
Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
www.surdezperezlaw.com

জ্যাকসন হাইট্স কাজী অফিস
সম্পূর্ণ নিরিবিলি পরিবেশে নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্টার্ড কাজীর মাধ্যমে শরিয়ত সম্মতভাবে বিবাহ সম্পন্ন সহ নিউইয়র্ক সিটির 'ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়।
বিস্তারিত তথ্যের জন্য ঃ ৭১৮-৬১৮-৪০৯৩
৪১-২২ ৭৫ স্ট্রিট, ১ম তলা, এলমহার্স্ট, নিউইয়র্ক ১১৩৭৩

গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

মুসলিম কাজী অফিস
ISLAMIC MARRIAGE SOLEMNIZER (NYC/S. REGISTERED)
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো ও নিউইয়র্ক সিটির 'ল' অনুযায়ী ম্যারেজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।
মাওলানা ক্বারী মোহাম্মদ রহমতউল্লাহ মজিদী
খতিব : ম্যানহাটন ডাউনটাউন ক্যানাল স্ট্রীট জুমা মসজিদ
ইমাম : বাইতুল ইসলাম মসজিদ এন্ড কমিউনিটি সেন্টার, ব্রুকলিন
ফ্রক ডিজিক/বালেয় গিয়ে "শিশুরা কোরআন শিক্ষা" দেওয়া হয়।
ফোনঃ 347-612-7397, 718-565-8219

# এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস

## একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান

**একাউন্টিং**

ইনকাম ট্যাক্স-ব্যক্তিগত (Individual all State) কর্পোরেশন, পার্টনারশীপ, নটফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আই.আর.এস-এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

**ইমিগ্রেশন**

সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি। ইলেকট্রনিক ফাইলিং করা হয় ২০১৩

* বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেট রেজিস্ট্রেশন
* নোটারী পাবলিক রেজুমী
* দক্ষতার সাথে রেজুমী ও কভারিং লেটার প্রস্তুত করা হয়
* ট্রান্সলেশন সার্ভিসেস

**SNS Authorized *IRS e.file* Provider**

Electronic Filling & Direct Deposite for Accurate Faster & Secure Refund

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমারদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেয়া হয়।



অফিস সময়: সপ্তাহে সাত দিন সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৮ টা।
আমাদের রয়েছে ১৮ বছরের বেশী বিধিসম্মত নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতা ও অভিজ্ঞতা

EXPERIENCE COUNTS, TRUST, WE SERVE YOU BETTER

**যোগাযোগ করুন: এম.এ. কাইয়ুম**

৩৫-৪৬ ৩১ স্ট্রিট, এস্টোরিয়া, নিউইয়র্ক-১১১০৬

ফোন: ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স: ৭১৮-৩৬১-৬০৭১

email: snsmaq@aol.com (N এবং W ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)



## দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

# Accident Cases, Medical Malpractice & Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্ট্রাকশন দুর্ঘটনা
- ভুল চিকিৎসা
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- মটর গাড়ি দুর্ঘটনা
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- লেড বিষ সম্ভীয়
- কাজের সময় দুর্ঘটনা
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- বার্থ রিলেটেড ইনজুরি
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

**Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC**

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428



# বাংলাদেশী মেডিকেল গ্রুপ



**ডাঃ আতাউল ওসমানি**
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

**ডাঃ ফেরদৌস খন্দকার**
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

**Brooklyn**
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

**Jackson Heights**
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি



# উইকেন্ড মাক্তাব ও আফটার স্কুল

আল্লাহর অশেষ মেহেরবানীতে নিউইয়র্কের সাউথ জ্যামাইকায় আপনার সন্তানের ধর্মীয় শিক্ষার জন্য আল-মানসুর কালচারাল সেন্টারে সুব্যবস্থা হয়েছে, তাই পাবলিক স্কুলগামী ৯৮ভাগ মুসলিম শিক্ষার্থীকে আফটার স্কুল ও উইকেন্ড মাক্তাবের মাধ্যমে প্রয়োজনীয় জাগতিক শিক্ষার পাশাপাশি অত্যাবশ্যকীয় ধর্মীয় শিক্ষালাভের সুযোগ করে দেয়াই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য।

## ফুলটাইম হিফ্জুল কোরআন ক্লাস

ইহা একটি পূর্ণাঙ্গ সিলেবাস সম্বলিত ৫ বছরের কোর্স যেখানে কায়দা-কোরআন শিক্ষার পাশাপাশি দোয়া, আক্বীদা, আখলাক, ফিক্হ ও হাদীস এবং ইসলামিক ইতিহাস শিক্ষা দেয়া হয়।

**সামার ক্লাস**
সামার ভ্যাকেশনের সাথে সামঞ্জস্য রেখে সম্পূর্ণ একটি সিলেবাস।
সপ্তাহে ৪ দিন, জুলাই ০২-আগস্ট ৩০।
সকাল ১০:৩০ - দুপুর ১:৩০

বৈশিষ্ট্য সমূহঃ
- বিজ্ঞ আলেমদের তত্ত্বাবধানে পরিচালিত
- অভিজ্ঞ শিক্ষক মন্ডলী
- সিলেবাস ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
- শিক্ষাদানের ভাষা ইংরেজী
- সেমিষ্টার ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
- ছেলে মেয়েদের আলাদা সুব্যবস্থা

ভর্তি চলছে!

সম্মানিত সচেতন অভিভাবক! আপনার সন্তানের ধর্মীয় অনুভূতি জাগরণে আপনাকেই নিতে হবে সঠিক সিদ্ধান্ত, আর তা বাস্তবায়ন ও সার্বিক সহযোগিতায় আমরা দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ।

পরিচালক ঃ *শায়েখ মুফ্তি মোহাম্মদ আব্দুল্লাহ্*
প্রাক্তন ইমাম, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট কারেকশনাল সার্ভিস।

**Al-Mansoor Cultural Center**
Learning · Reflecting · Celebrating

ভর্তি চলছে

Tel: 718-475-0904
646-545-1943
646-545-7924
107-57 154 Streeet, Jamaica, NY 11433

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

# ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

# কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ








সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

SECI

# সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক

SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGAN

## সোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধু

ঘরে বসে এখন Apps এর মাধ্যমে দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য আই ফোন এবং এনড্রয়েড ফোনে প্লে ষ্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে এর Apps টি

- যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
- সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌছে যায় অতি দ্রুত।
- ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়। লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | BRONX 718-822-1081 |
| JAMAICA 347-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-505-8670 | PATERSON 973-595-7590 |

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

# নিউইয়র্কের পথে প্রান্তরে-৫

(শেষের পাতার পর)

থাকতে। ঠান্ডা বেশি লাগত কিন্তু বিকেলের পর ক্যাফেইনযুক্ত চা খেলে ঘুম হয় না বলে এই ফুলের চা খেতাম। দেশে থাকতে বিদেশের যে ক্কটা জিনিস মিস করতাম তার মধ্যে এই চা একটা।

তো সেদিন ভাবলাম ছবি তুলে নিয়ে যাই কাউকে জিজ্ঞেস করব ফুলটার নাম কী?

তো ফুলের ছবি তুলতে গেলাম, দেখি ফুলের ঝোপঝাড়ের পাশে একটা কাঠবিড়ালি বড়সড় চোখে তাকিয়ে আছে, যেন পড়ে না চোখের পলক; ছবি তুলতে ভুলে গিয়ে আমিও তাকিয়ে রইলাম।

জিজ্ঞেস করলাম, কাঠবিড়ালি পেয়ারা তুমি খাও? সে উত্তর ত দিলই না, লাফ দিয়ে চলে গেল। বুঝলাম আমেরিকান কাঠবিড়ালি তাই বাংলা বুঝেনি। পরের বার দেখা হলে ইংরেজিতে জিজ্ঞেস করতে হবে;

সেদিন বেশ হাওয়া ছিল সকালে, ফুলগুলো ছোট আর এর লতানো ডাল খুব হালকা বলে ছবি তুলতে বেগ পেতে হল। একজন বললেন এটার নাম... Field bindweed, অনেকে বললেন- Morning glory.

আমি ফুল পাখি গাছপালা অত চিনি।

নিউইয়র্কে তখন প্রচন্ড গরম। দেশের মতো না, কেমন যেন দম বন্ধ হয়ে আসে। কিন্তু সেদিন বৃষ্টি হওয়ায় বেশ হালকা পাতলা বাতাস ছিল, আরামদায়ক আবহাওয়া সাথে আবার মিষ্টি রোদ্দুর।

হঠাৎ করেই মনে হল বেঁচে থাকাটা আনন্দের। আমার খুব খুব প্রিয় একজন মানুষ সব সময় বলেন, 'লাইফ ইজ বিউটিফুল, বি পজিটিভ, যা হয় ভালোর জন্য হয়, যা হবে ভালোই হবে'। আজ সকালে ঘরের বাইরে পা দিয়েই মনে হল কথাটা হয়তো সত্যি। আজ তাই সারাটা দিন মন ভালো ছিল।

ক্লিনিকে ঢুকেই দেখি অনেক অনেক কাজ। অন্যদিন হলে হয়তো প্রেশার ফিল করতাম। মন মেজাজ খারাপ হতো কিন্তু সেদিন মন ভালো থাকাতে কিভাবে দিনটা শেষ হয়ে গেল টেরই পেলাম না। কাজও ঠিকমতো শেষ হলো, আলহামদুলিল্লাহ।

অফিসে যাওয়ার আসার পথে কিছুটা পাগলামি করলাম, রাস্তার পাশে, ঝোপঝাড়ে যত ফুল পেলাম তার ছবি তুললাম। নিউইয়র্কে তখন সামার, লোকে পার্ক, নদীর পাড়ে, সাগর তীরে, অন্য শহরে ঘুরতে যায় আর ছবি তুলে। আমার দৌড় ওই বাসা আর কাজ। ঘুরাও হয় না ছবিও তোলা হয় না তাই পথের পাশে ফুলের ছবি তুলি। আজকাল নিজেকে মি. বিনের মতো মনে হয়। মি. বিন আমাদের এই শিক্ষা দেয় যে 'নিজেই নিজেকে সুখী করো, অন্যের কাছে আশা না করে, ইনজয় ইউর ওউন কোম্পানি'।

কাজ শেষে উল্টো পথে ফিরতে গিয়ে এক ঘন্টা দেরি হল কিন্তু এক অভূতপূর্ব দৃশ্য দেখলাম। ইংল্যান্ড আমেরিকার মতো দেশগুলো বেশিরভাগ রাস্তার পাশে ছোট ছোট ব্রেঞ্চ থাকে পথচারীদের বসার জন্য। ঠিক অফিস থেকে বের হতেই ৮০/৯০ বছরের বয়স্ক কাপলকে দেখলাম খুবই বয়স্ক, দুজনেই দুর্বল, বয়সের ভারে দু'জনেরই চামড়ায় অসংখ্য ভাজ পড়া, দুজনের হাতেই লাঠি, হঠাৎ করেই তাদের চোখে পড়ল।

সাধারণত এমন বয়স্ক লাভিং কাপল দেখলে লোভীর মতো তাকিয়ে থাকি। আজ পারলাম না। শুনলাম পুরুষ মানুষটা বলছে, আমি বৃদ্ধ হয়ে যাচ্ছি, বলে মহিলার কাঁধে মাথা রাখল, মহিলাও তাকে বাচ্চাদের মতো জড়িয়ে ধরে উত্তর দিল, ইউ আর স্টিল ইয়াং ফর মি!! কথাটা শোনার পর আর দাঁড়াইনি। জোরে পা চালিয়ে গেলাম। কখনো কখনো মনে হয় সব মিথ্যে সব ফাঁকি কিন্তু যখন এদের মতো কাউকে দেখি তখন মনে হয় এখনো, 'ভালোবাসা' বেঁচে আছে কারো কারোর মধ্যে।

# কমিউনিটিতে মাদকাশক্তি

(শেষের পাতার পর)

শুধু শুধুই ভুরি ভোজ!

অনুসন্ধানে জানা গেছে, কমিউনিটির নতুন প্রজন্মের মাঝে নিরব ঘাতকের মতো কাজ করে চলেছে। এক শ্রেনীর মানক ব্যবসায়ীর খপ্পরে পরে সম্ভাবনাময় জীবন নষ্ট ছাড়াও জীবন-হানীর মতো এটনা ঘটছে। উদ্ভুত পরিস্থিতিতে অভিভাবকরা না পারছেন কইতে, না পারছেন সইতে। অনেকে লজ্জায় মুখ দেখাতে পারছেন না। নিউইয়র্ক সিটিতে বাংলাদেশী অধ্যুষিত কুইন্সের জ্যামাইকা, জ্যাকসন হাইটস, উডসাইড, ব্রুকলীনের ওজনপার্ক ছাড়াও ব্রঙ্কসের কোন কোন জায়গায় গোপনে মাদক বেচা-কেনা করছেন বাংলাদেশী নতুন প্রজন্ম। বন্ধু-বান্ধবদের সঙ্গ, উৎসাহ-উদ্দীপনা আর নেশার টানে তারা মাদক ব্যবহারে অভ্যস্ত হয়ে পড়ছেন। উঠতি বয়সের ছেলেদের পাশাপাশি মেয়েরাও মাদকে আসক্ত হয়ে পড়ছেন। জ্যামাইকার প্রাণকেন্দ্রের একটি সাবওয়ের কাছে সন্ধ্যায় গাজার গন্ধে চলাফেরা করাই দায় বলে স্থানীয় অভিবাসীরা অভিযোগ করেছেন।

সূত্র মতে, বাংলাদেশে ইয়াবা, ফেনসিডিল, হেরোইন আর গাঁজার বাইরেও অন্তত ২০ ধরনের মাদক সেবন করে মাদকসেবীরা। মাদকগুলো কোন সীমান্ত দিয়ে আসছে, কীভাবে আসছে তা নিয়ে নানা প্রশ্ন রয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের হিসেব অনুযায়ী অবশ্য দেশে ২৪ নয়, ১৫ রকমের মাদক সেবন করা হয়। তবে র‍্যাব-পুলিশের হিসেবে সংখ্যাটা ৬ থেকে ১০-এর মধ্যে এই মাদকগুলো কোন সীমান্ত দিয়ে আসছে, কীভাবে আসছে? আবার যাচ্ছেও অন্য দেশে।

দেশে মাদকসেবীরা যেসব মাদক সেবন করেন, সেগুলোর রয়েছে ভিন্ন ভিন্ন নাম। মাদক চক্রের সদস্যদের মাধ্যমে নতুন মাদকসেবীরা জানতে পারছে নতুন নতুন মাদকের নাম। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে খোঁজ নিয়ে জানা গেছে, দেশে এখন পর্যন্ত ২৪ ধরনের মাদক উদ্ধার হয়েছে আর এসব মাদকের মধ্যে রয়েছে ইয়াবা, ফেনসিডিল, হেরোইন, গাঁজা, চোলাই মদ, দেশি মদ, বিদেশি মদ, বিয়ার, রেক্টিফাইড স্পিরিট, ডিনেচার্ড স্পিরিট, তাড়ি, প্যাথেডিন, বুপ্রেনরফিন (টি.ডি. জেসিক ইঞ্জেকশন), ভাং, কোডিন ট্যাবলেট, ফার্মেন্টেড ওয়াশ (জাওয়া), বুপ্রেনরফিন (বনোজেসিক ইঞ্জেকশন), মরফিন, আইচ পিল, ভায়াগ্রা, সানাগ্রা, টলুইন, পটাশিয়াম পারম্যাংগানেট ও মিথাইল-ইথাইল কিটোন।

সূত্র জানায়, একটি মহল নানাভাবে, নানান পথে উল্লেখিত মাদকগুলোর মধ্যে ফেনসিডিল, হেরোইন, গাঁজা, ভায়াগ্রা প্রভৃতি বিদেশে বিশেষ করে নিউইয়র্কে এনে ব্যবসা করছেন। অতি গোপনে গোপানে এসব বেচা-কেনা হচ্ছে। ফলে বিপথে যাচ্ছেন নতুন প্রজন্ম।

সাম্প্রতিক সময়ে মাদকাসক্তে নেশাগ্রস্ত হয়ে একাধিক প্রাণহানীর ঘটনায় উদ্বিগ্ন হয়ে পড়েছে কমিউনিটি। এব্যাপারে সম্প্রতি জ্যামাইকায় মাদক বিরোধী একটি সভা অনুষ্ঠিত হলেও নেই সেই সভার 'ফলো আপ'। ফলে অনেকেই হতাশ হয়ে পড়েছেন। জনমনে প্রশ্ন উঠেছে কমিউনিটির সামাজিক সংগঠনগুলোর নিরবতায়।

কমিউনিটিতে মাদকের ছোবল বিষয়ে বিশিষ্ট রিয়েল এস্টেট ব্যবসায়ী মোহাম্মদ আনোয়ার হোসেন-এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি এই প্রতিনিধিকে জানান, কমিউনিটির নতুন প্রজন্মের মাঝে মাদকের ছোবল খুবই উদ্বেগ ও উৎকণ্ঠার বিষয়। এজন্য আমরা সম্প্রতি জ্যামাইকায় সর্বস্তরের প্রবাসীদের নিয়ে সচেতনমূলক সভা করেছি। এমন সভা সকল স্থানেই করা উচিৎ এবং তার ফলোআপ থাকা উচিৎ। সেই সাথে মিডিয়ার ভূমিকার পাশাপাশি সামাজিক সংগঠনগুলোও বিশেষ ভূমিকা রাখতে পারে। তিনি জানান, আগামী ডিসেম্বর অথবা জানুয়ারী মাসে মাদক বিষয়ে আমরা আবারো জ্যামাইকাতে ফলোআপ সমাবেশ করবো।

এব্যাপারে কমিউনিটির উদীয়মান নেতা মিসবা আবদীন নতুন প্রজন্মের মাদকাসক্তের কথা স্বীকার করে বলেন, আমরা যারা কমিউনিটির কল্যানে কাজ করছি তারা এই বিষয়টি অবহিত, এতে আমরা উদ্বিগ্ন। তবে নিউইয়র্ক সিটির অন্যান্য এলাকার চেয়ে ওজনপার্কের নতুন প্রজন্মকে সঠিক পথে মাদক মুক্ত রাখতে আমরা এলাকায় নানা কর্মসূচী নিয়ে থাকি। এর মধ্যে খেলাধুলা অন্যতম। মাঝে মাধ্যেই ওজনপার্কে ক্রিকেট ও ফুটবল খেলার আয়োজন করা হয়। এতে নতুন প্রজন্ম অংশ নিয়ে ভালো সময় অতিবাহিত করছে।

# সিটির প্রতিটি বাসিন্দার

(শেষের পাতার পর)

নিরাপত্তা বিধান করাই নিউইয়র্ক সিটি পুলিশের দায়িত্ব ও কর্তব্য। অতি সম্প্রতি দৃস্কৃতকারীদের হাতে বাংলাদেশী ফুড ডেলীম্যান নিহত হওয়া ছাড়াও ইমিগ্র্যান্ট কমিউনিটিতে নিরাপত্তা আতংকের প্রেক্ষিতে এই সভা ডাকা হয়।

ব্রুকলীনে বাংলাদেশী কমিউনিটির উদ্যোগে চার্চ এভিন্যুতে অবস্থিত ব্রুকলীন ইসলামী সেন্টার আয়োজন করা হয় এই সভা। সভায় পুলিশ কমিশনার ডারমট সি বলেন, নির্বাহী অধ্যাদেশের মাধ্যমে কারো ইমিগ্র্যাশন স্টেটাস নিয়ে প্রশ্ন তোলা নিষিদ্ধ করা হয়েছে। এজন্য যে কোন ভয়ভীতির উর্ধ্বে উঠে তিনি যে কোন অপরাধ সংগঠিত হলে তা পুলিশকে অবহিত করার আহ্বান জানান।

অতি সম্প্রতি ফুড ডেলিভারীতে নিয়োজিত একজন বাংলাদেশী নিহত হওয়ার ঘঠনায় তিনি দুঃখ প্রকাশ করে বলেন, ইতোমধ্যেই সন্দেহভাজনকে গ্রেফতার করে বিচার প্রক্রিয়ার আওতায় আনা হয়েছে।

বিপুল সংখ্যক বাংলাদেশীর উপস্থিতিতে আয়োজিত উক্ত অনুষ্ঠান পরিচালনা করেন, বৃহত্তর নোয়াখালী সোসাইটি ইউএসএ'র সাধারণ সম্পাদক জাহিদ মিন্টু।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন নিহত বাংলাদেশীর আত্মীয় মোহাম্মদ আহসান সুমন, ব্রুকলীন বাংলাদেশ মুসলিম সেন্টারের সভাপতি আবুল হাশেম, ব্রুকলীন ইসলামী সেন্টারের সভাপতি সাইকুল আজম, সন্দ্বীপ সোসাইটির সভাপতি আব্দুল হান্নান পান্না, নোয়াখালী সমিতির সাবেক সভাপতি আব্দুর রব মিয়া, বর্তমান সভাপতি নাজমুল হাসান মানিক, চট্টগ্রাম সমিতির সভাপতি আহসান হাবিব, অনুষ্ঠানে এনওয়াইপিডির ক্যাপ্টেন কারাম চৌধুরী প্রমুখ।

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Really Inc.

আমাদের সেবা সমূহ:
- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে (Loan Modification) ফ্রি সহায়তা
- ফরক্লোজারে (Foreclosure) ফ্রি সহায়তা
- আরইও (REO) বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর (Taxlien) বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের (Short Sale) বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ (Mix Use) বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

Jumbo Travel, Inc.



Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com







# ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



## কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

**All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.**

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

# হিলসাইডে বাংলাদেশী ডাক্তার

## ডাঃ মোঃ কাওসার রশীদ

Diplomate American Board of Internal Medicine

❋ ফিজিক্যাল এক্সাম ❋ স্কুল ও কলেজের জন্য টীকা ❋ টিএসি এক্সাম ❋ হজ্ব ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা ❋ ডায়াবেটিস ❋ উচ্চ রক্তচাপ ❋ থাইরয়েড ❋ এজমা ❋ বাতের ব্যথা ❋ গ্যাষ্ট্রোরোগ ❋ টেনিরোগ এবং অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়।

আমাদের ক্লিনিকে সুলভ মূল্যে ব্লক পরীক্ষা, ইকোজি, স্পাইরোমেট্রি, মেগোগ্রাফি, টিবি টেষ্ট, কান পরিষ্কার করা হয়।

We accept all major insuranPes including Medicare, Medicaid, Metro Plus, Health Plus, GHI, HIS, AETNA, OXFORD, HIP BC & BS, 1199, Union Plan এবং অন্যান্য যাদের ইন্সুরেন্স নেই তাদের জন্য স্বল্পমূল্যে চিকিৎসা করা হয়।

আমরা ১৮ বৎসর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের জন্য Child Health Plus ইন্সুরেন্স করতে সাহায্য করে থাকি।

সোম থেকে শুক্রবার : সকাল ১০টা থেকে বিকেল ৬টা পর্যন্ত, শনিবার : সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।

168-32 Highland Ave. Jamaica, NY. F টেন 169th St. (South Side)
Tel: 718-657-8325, 718-657-7300
মেডিক্যাল অফিসে আসার পূর্বে এপয়েন্টমেন্ট করে নিন।

# LAW OFFICES

OF
ANDREW MOULINOS
(Licensed Attorney)

## মজিবুর রহমান

লাইসেন্সপ্রাপ্ত লিগ্যাল কনসালটেন্ট

718-545-2600, 917-834-9269

*Bankruptcy, Divorce
*Major Accident Cases
*Business, Incorporation
*Investment
*Estate, Litigation
*Landlord & Tenant Commercial
*Real Estate Closing
*Trade Disputes

Trade disputes and Investments involving Bangladeshi legal matters

যোগাযোগ : মুজিবুর রহমান ৯১৭-৮৩৪-৯২৬৯

23-52 31st. Street. Astoria. NY 11105

# জ্যামাইকা ও গ্রীন পয়েন্টে বাংলাদেশী ডেন্টিস্ট



আমরা মেডিকেইড, মেট্রোপ্লাস, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট, সিগ্না, এ্যাটনা, মেটলাইফ, গার্ডিয়ান, সেলিডেন্ট ও অন্যান্য Insurance এবং Union Plan গ্রহণ করে থাকি।

ডাঃ মাহফুজুল হাসান ডি.ডি.এস

DR. MAFUJUL HASAN D.D.S.

জ্যামাইকা অফিস
170-09, Hillside Ave,
Jamaica, NY-11432
Ph: 718-291-2710

গ্রীনপয়েন্ট অফিস
40-41, Green Point Ave,
Sunnyside, NY- 11104
Ph: 718-392-2858

# FAMILY DENTAL



We Do
Implant & Veneers

আপনার পরিবারের সবার যাবতীয় দাঁতের চিকিৎসার জন্য এষ্টোরিয়ায় রয়েছে আমাদের ডেন্টাল অফিস। আমরা সর্বাধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহার করি। মেডিকেইড গ্রহণ করা হয়।

## ডাঃ মোহাম্মদ নাঈম
## ডাঃ ফেরদৌস হুসনে

অংড়ভরধ খড়পধঃরড়হ
২৮-৫৭ ঝাবরহধু ঝাবরবহ,
অংড়ভরধ, ঘঢ
ঘ ঃধৎরয় ঃড় ৩০ অব. ঝাবঃরড়হ
ওরবষ: ৭১৮-২৬৭-০৫০০

Elmhurst Location
81-46 Baxter Ave.
Elmhurst, NY
#7 train to 82st. Station.
Tel: 718-478-1710

# ARMAN CHOWDHURY, CPA

ARMAN CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়



718-475-5686

7 DAYS OPEN

AUTHORIZED e-file PROVIDER

87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET

# KARNAFULLY TAX SERVICES INC

## কর্ণফুলী ইনকাম ট্যাক্স সার্ভিসেস

We are Licensed by the IRS

# CPA & Enrolled Agent

এর মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

### ইনকাম ট্যাক্স

- Individual Tax Return (All States)
- Self Employed (taxi driver and vendor), /and Sole Proprietorship.
- Small Business
- Corporate Tax Return
- Partnership Tax Return
- Current Year / Prior Years' & Amended Tax Returns
- Individual Tax ID Numbers (ITIN)

AUTHORIZED IRS e-file PROVIDER

Direct Deposit

Representation taxpayers IRS & State tax audit.

### একাউন্টিং

- Payroll, W-2's, Pay Checks,
- Pay subs, Sales Tax, Quaterly & Year-end filings

### NEW BUSINESS SETUP

- Corporation
- Small business (S-corp)
- Partnership
- LLC/SMLLC

### ইমিগ্রেশন

- Petition for Alien relatives
- Apply for citizenship or Passport
- Affidavit of Support
- Condition Removal on Green Card
- Reentry Permit
- Adjustment of Status

আমাদের ফার্মে রয়েছে অভিজ্ঞ
CPA & Enrolled Agent

Special Price for W2 File



Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
Admitted to Practice before the IRS
IRS Certifying Acceptance Agent

NOTARY PUBLIC

IRS ENROLLED AGENT

Office Hours:
Monday - Saterday
10:00am - 8pm

Tax Preparation fee pay by Cradit card

Ph: 718-205-6040, 718-205-6010, Fax : 718-424-0313
karnafullytax@yahoo.com, www.karnafullytax.com
37-20 74th Street. 2nd Floor. Jackson Heights

# ভারতকে হারিয়ে পাকিস্তানের বিজয়

(প্রথম পাতার পর)

জুটি সমর্থকদের উপহার দিয়েছেন বাবর আজম ও মোহাম্মদ রিজওয়ান। গোটা কুড়ি ওভার-ই পর্যন্ত ক্রিজে সময় কাটিয়ে দিয়েছেন তারাই। জয় নিয়েই মাঠ ছেড়েছেন। বাবর-রিজওয়ান জুটির কাছে ভারতীয় বোলারদের অসহায় লেগেছে। মাঠে তারা শুধু ঘামই ঝরিয়েছেন। ভুবনেশ্বর, বুমরাহ, শামির মতো পেসারদের একের পর এক পরিকল্পনা ব্যাটে উড়িয়ে দিয়েছেন বাবর ও রিজওয়ান। আইপিএলে দুর্দান্ত বল করা বরুণ চক্রবর্তীও ব্যর্থ। রবিন্দ্র জাদেজার ঘূর্ণিকে ফু-দিয়ে উড়িয়ে দিয়েছেন পাক ব্যাটাররা। জাদেজা ও বরুণ দুজনে ৪ ওভার বল করে রান দিয়েছেন যথাক্রমে ২৮ ও ৩৩। বোলারদের ব্যর্থতা চেয়ে চেয়ে দেখা ছাড়া উপায় ছিল না বিরাট কোহলির। চির প্রতিদ্বন্দ্বীদের বিপক্ষে সামনে থেকে নেতৃত্ব দিয়েছেন বাবর আজম। খেললেন ৫২ বলে ৬৮ রানের অসাধারণ এক ইনিংস। যেখানে ৬ বাউন্ডারি ও ২টি ছক্কার মার রয়েছে। উইকেটকিপার ব্যাটার মোহাম্মদ রিজওয়ানও কম যাননি। বাবরকে যোগ্য সঙ্গ দিয়ে ৫৫ বলে ৭৮ রানের অসাধারণ ইনিংস খেললেন তিনি। তার ইনিংসে ছক্কার মার ছিল ৩টি আর মাটি কামড়িয়ে বল সীমানা ছাড়া করেছেন ৬বার। জয়ের লক্ষ্যে শেষ ৩ ওভারে প্রয়োজন পড়ে ১৭ রানে। ১৮ বলে ১৭ রান। সবকটি উইকেট হাতে। জয়ের উল্লাসে মাতা শুধু সময়ের ব্যাপার। এ রানের জন্য শেষ ওভার পর্যন্ত আর অপেক্ষা করেননি তারা। ১৭.৫ ওভারেই জয়ের বন্দরে পৌঁছে দেন দলকে। এর আগে টস জিতে ভারতকে প্রথমে ব্যাটিংয়ে পাঠায় পাকিস্তান। প্রথমে ব্যাটিংয়ে নেমেই বিপাকে পড়ে যায় ভারত। মাত্র ৬ রানে দুই ওপেনার রোহিত শর্মা ও লোকেশ রাহুলের উইকেট হারায় তারা। পাকিস্তানের পেসার শাহিন শাহ আফ্রিদির বলে এলবিডব্লিউ হয়ে ফেরেন রোহিত আর বোল্ড হয়ে ফেরেন লোকেশ রাহুল। ২.১ ওভারে ৬ রানে দুই ওপেনার আউট হওয়ার পর দলীয় ৩১ রানে ফেরেন চার নম্বর পজিশনে চ্যাটিংয়ে নামা সুরাইয়া কুমার যাদবও। ইনিংসের প্রথম সারির ৩ ব্যাটসম্যান আউট হওয়াতে চাপের মধ্যে পড়ে যায় ভারত। দলকে খেলায় ফেরাতে চেষ্টা করেন অধিনায়ক বিরাট কোহলি। চতুর্থ উইকেটে ঋষভ পন্থকে সঙ্গে নিয়ে ৫৩ রানের জুটি গড়েন কোহলি। ৩০ বলে ৩৯ রান করে শাদাব খানের বলে তার হাতেই ক্যাচ তুলে দিয়ে ফেরেন ঋষভ পন্থ। ছয় নম্বর পজিশনে ব্যাটিংয়ে নেমে হাসান আলীর বলে ক্যাচ তুলে দেওয়ার আগে ১৩ বলে মাত্র ১৩ রান করার সুযোগ পান রবিন্দ্র জাদেজা। এরপর হার্দিক পান্ডিয়াকে বেশি সময় সঙ্গ দিতে পারেননি অধিনায়ক বিরাট কোহলি। ৪৯ বলে ৫টি চার ও এক ছক্কায় ৫৭ রান করে ফেরেন তিনি। কোহলি আউট হওয়ার পর ১৩ রানের ব্যবধানে ফেরেন পান্ডিয়া। শেষ দিকে চার বলে পাঁচ রান করেন ভুবনেশ্বর কুমার। ভারত থামে ৭ উইকেটে ১৫১ রানে।

ভারতের বিপক্ষে জয়ে যা বললেন ইমরান খান

ভারতের বিপক্ষে রোববার বিশ্বকাপের প্রথম ম্যাচে খেলতে নামার আগে বাবর আজমদের পরামর্শ দিয়েছিলেন পাকিস্তানের প্রধানমন্ত্রী তথা সাবেক বিশ্বকাপজয়ী অধিনায়ক ইমরান খান। ১৯৯২ সালে কীভাবে সব হিসাব উল্টে তারা বিশ্বকাপ জিতেছিলেন, সেই কাহিনী বাবরের দলকে শুনিয়েছেন ইমরান। কীভাবে স্নায়ুচাপের ম্যাচ জয় করতে হয় তা নিয়ে টোটকা দিয়েছিলেন বাবরকে। আর সাবেক অধিনায়কের সেই টোটকা পুরোদমেই কাজে লেগেছে। রোববার সুপার টুয়েলভে নিজেদের প্রথম ম্যাচে ভারতকে ১০ উইকেটে ধরাশায়ী করেছে পাকিস্তান। দারুণ এই জয় দিয়ে ইতিহাস গড়ল বাবর আজমের দল। দলের এমন জয়ে যারপরনাই উচ্ছ্বসিত পাক প্রধানমন্ত্রী ইমরান খান। পাকিস্তান দলকে শুভেচ্ছা জানিয়েছেন তিনি। পাক-ভারত ম্যাচ উপভোগ করছেন - এমন একটি ছবি সোশ্যাল মিডিয়ায় আপলোড করেছেন ইমরান খান। লিখেছেন, 'পাকিস্তান টিমকে ধন্যবাদ। বিশেষ করে বাবর আজমকে। যে সামনে থেকে নেতৃত্ব দিয়েছে। রেজ ওয়ান এবং শাহীন আফ্রিদিকেও বিশেষ ভাবে ধন্যবাদ তাদের পারফরম্যান্সের জন্য। জাতি তোমাদের সবাইকে নিয়ে গর্ব করে।'

## পাকিস্তানের বিপক্ষে লজ্জার পরাজয়ের পর যা বললেন কোহলি

বাংলা পত্রিকা ডেস্ক :- টি-টোয়েন্টি বিশ্বকাপ মঞ্চে পাকিস্তানের বিপক্ষে ভারত বরাবরই এগিয়ে। ভারতের একচেটিয়া আধিপত্য সেখানে। আজকের ম্যাচের আগে ছয়বারের মুখোমুখিতে পাঁচবারই জিতেছে ভারত। এর পরও রোববারের ম্যাচ ঘিরে খুব সতর্ক ছিলেন ভারতের অধিনায়ক বিরাট কোহলি। তিনি জানিয়েছিলেন, ইতিহাস যতই ভারতের পক্ষে যাক, পাকিস্তানের মতো শক্তিশালী দলকে হারাতে হলে সর্বোচ্চটাই দিতে হবে। কিন্তু দুবাইয়ের মাঠে সেই সর্বোচ্চা দিতে পারল না তার দল। ব্যাট হাতে কোহলি ফিফটি হাঁকিয়ে নিজের দায়িত্ব ভালোভাবে নেভালেও বাকিরা ছিলেন অনুজ্জ্বল। পাক বোলারদের কাছে অসহায় আত্মসমর্পন করেছেন রোহিত,সূর্যকুমাররা। ফলে ১৩ বল বাকি থাকতে ১০ উইকেটে পাকিস্তানের কাছে লজ্জার পরাজয়ের স্বাদ নিতে হয়েছে বিরাট কোহলিকে। এমন লজ্জার হারের জন্য অবশ্য কোহলি শিশিরকে দুষলেন কিছুটা। ম্যাচের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে কোহলি বলেন, 'আমরা যা চেয়েছি, তা করে দেখাতে পারিনি। কিন্তু কৃতিত্ব অবশ্যই প্রাপ্তভারা আমাদের চেয়ে ভালো খেলেছে। প্রথম তিনটি ব্যাটসম্যান আগে খোয়ানোর পর খেলায় ফিরে আসা খুবই কঠিন। বিশেষ করে, যখন আপনি জানেন যে, শিশির ঝরতে যাচ্ছে। তারা ব্যাটহাতে বেশ পেশাদার ছিল। পাকিস্তান ইনিংসে যেটা মনে হয়েছিল, আমাদের প্রথম অর্ধেকে সেভাবে সঠিক লাইন বজায় রেখে ব্যাটিং করা সহজ ছিল না। যখন আপনি জানেন যে, পরিস্থিতি (কনডিশন) বদলে যেতে পারে, তখন ১০ থেকে ২০টি অতিরিক্ত রান প্রয়োজন হয়। কিন্তু পাকিস্তানের বোলিং দক্ষতা তা আমাদের করতে দেয়নি। নিশ্চিতভাবে, আমরা কোনো ভীরু দল নই, এটা কেবল টুর্নামেন্টের শুরু, শেষ না।'

## ভারতের বিরুদ্ধে দুর্দান্ত বোলিংয়ের পর যা বললেন শাহীন আফ্রিদি

বাংলা পত্রিকা ডেস্ক।- বিশ্বকাপের হাইভোল্টেজ ম্যাচে ভারতের বিরুদ্ধে দুর্দান্ত বোলিং করেছেন পাকিস্তানি পেসার শাহীন শাহ আফ্রিদি। ভারতের তিন ব্যাটিং স্তম্ভকে (রোহিত, রাহুল, কোহলিকে) সাজঘরে ফিরিয়ে দিয়ে ব্যাপক চাপের মুখে ফেলেন পাকিস্তানের সাবেক অধিনায়ক শহীদ আফ্রিদির মেয়ের জামাই শাহীন আফ্রিদি। ম্যাচ শেষে ইএসপিএনকে দেওয়া তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় শাহীন শাহ আফ্রিদি বলেন, আমি আমার পরিকল্পনামাফিক ভালোভাবেই আমার কাজটা করতে পেরেছি। আমি নেটে সুয়িং নিয়ে কাজ করেছিলাম। সুয়িং যদি ঠিকমতো কাজ না করতো তবে আমার জন্য খুবই কঠিন হতো। আমি চেয়েছিলাম উইকেট যাতে আমাদের টিমকে বাড়তি সুবিধা দেয়। যেহেতু বল ব্যাটে সরাসরি আসছে সেহেতু এটা রান চেজ করে জিততে সহায়তা করবে। প্রসঙ্গত, পাকিস্তানের বিপক্ষে টস হেরে প্রথমে ব্যাট করতে নেমে ৭ উইকেট হারিয়ে ১৫১ রান তুলতে সক্ষম হয় বিরাট কোহলিরা। রোববার দুবাই আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে টি-টোয়েন্টি বিশ্বকাপের উত্তেজনাপূর্ণ ম্যাচে টস জিতে ভারতকে প্রথমে ব্যাটিংয়ে পাঠায় পাকিস্তান। প্রথমে ব্যাটিংয়ে নেমেই বিপাকে পড়ে যায় ভারত। মাত্র ৬ রানে দুই ওপেনার রোহিত শর্মা ও লোকেশ রাহুলের উইকেট হারায় তারা। পাকিস্তানের পেসার শাহিন শাহ আফ্রিদির বলে এলবিডিব্লিউ হয়ে ফেরেন রোহিত আর বোল্ড হয়ে ফেরেন লোকেশ রাহুল। শাহীন আফ্রিদি ৪ ওভারে ৩১ রানে তিন উইকেট শিকার করেন। আর হাসান আলী ৪৪ রানে নেন দুই উইকেট। ভারতের পক্ষে সর্বোচ্চ ৫৭ রান করে অধিনায়ক বিরাট কোহলি।

# ট্রাম্পের জামাতার তহবিলে সৌদি যুবরাজের

(প্রথম পাতার পর)

ট্রাম্পের জামাতা জারেড কুশনারের ব্যক্তিগত একটি প্রতিষ্ঠানে ২০০ কোটি ডলারের তহবিল যোগান দিচ্ছেন সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমান।

জারেড কুশনারের প্রতিষ্ঠানে সৌদি আরবের যে তহবিল থেকে এই অর্থ দেয়া হচ্ছে তার চেয়ারম্যান হচ্ছেন বিন সালমান। খবর প্রেসটিভির।

সৌদি আরব থেকে তহবিল নেয়ার পর সম্ভাব্য তীব্র প্রতিক্রিয়া কমানোর উপায় নিয়ে আলোচনা করছেন জারেড কুশনার।

এরইমধ্যে জারেড কুশনারের এ প্রতিষ্ঠানে ৫০০ কোটি ডলারের বিনিয়োগ এসেছে তবে মোট কত কোটি ডলার সেখানে নিয়োগ করা হবে তা পরিষ্কার নয়।

হোয়াইট হাউসে মার্কিন প্রেসিডেন্টের উপদেষ্টা হওয়ার আগে কুশনার রিয়েল এস্টেট ব্যবসায়ী ছিলেন।

এর আগে গত জুলাই মাসে খবর বের হয়েছিল যে, কুশনার একটি আর্থিক প্রতিষ্ঠান করছেন যার সদরদপ্তর হবে মিয়ামিতে।

# জয়ের ম্যাচে হারের গল্প বাংলাদেশের

(প্রথম পাতার পর)

হাসলো। বিশেষ করে টাইগারদের তরুণ ব্যাটার নাঈম শেখ মরুর বুকে সুফলা এই উইকেটের সঙ্গে যেন গড়ে তুললেন সখ্যতা। গতকাল সুপার টুয়েলভ পর্বে নিজেদের প্রথম ম্যাচে শ্রীলঙ্কার বিপক্ষে অর্ধশতক হাঁকান নাঈম শেখ। এর আগে বাছাই পর্বের গুরুত্বপূর্ণ ম্যাচে ওমানের বিপক্ষে ৬২ রানের ইনিংস খেলেন তরুণ টাইগার ওপেনার। পাওয়ার পের বাদনাম উড়িয়ে গতকাল শুরুর ৬ ওভার শেষে ১ উইকেট হারিয়ে বাংলাদেশের সংগ্রহ ছিল ৪১ রান। লিটন দাস বিদায় নেন ১৬ রানে। কিন্তু নাঈম খেলেন ৫২ বলে ৬২ রানের ইনিংস। তিনি যখন আউট হন তখন স্কোর বোর্ডে সংগ্রহ ১৬ ওভারে ১২৯ রান।

বিদায় নেয়ার আগে বিশ্বকাপে নিজের মতো করে আরো একটি ফিফটি হাঁকালেন তরুণ ব্যাটার। তাকে দারুণভাবে সঙ্গ দিয়েছেন অভিজ্ঞ মুশফিকুর রহীম। দু'জনের জুটিতে এসেছে তৃতীয় উইকেটে ৭৩ রান। শেষ পর্যন্ত ৬ উইকেট হাতে রেখে নির্ধারিত ওভারে টাইগারদের সংগ্রহ দাঁড়ায় ১৭১ রান। ইনিংস বিরতিতে মুশফিকুর রহীম বলেন, 'সত্যি বলতে, উইকেটটা ব্যাটিংয়ের জন্য দারুণ। আমরা আইপিএল ও অন্য ম্যাচগুলি দেখছিলাম। ১৪০ রান এখানে যথেষ্ট মনে হচ্ছিল। তবে আজ উইকেট ভালো। জিততে হলে বোলিং-ফিল্ডিং ভালো করতে হবে আমাদের। বিশেষ করে, নতুন বলে ব্যাটিং সহজ। তাই শুরুতে উইকেট নিতে হবে।' টি-টোয়েন্টি বিশ্বকাপের শুরু থেকেই মুশফিকুর রহীম ছিলেন বিবর্ণ। কিন্তু শ্রীলঙ্কাকে সামনে পেয়েই যেন জ্বলে উঠলেন। তার বর্ণীল ক্রিকেট ক্যারিয়ারের সবচেয়ে বেশি গড়, রান, ফিফটি ও দ্বিতীয় সর্বোচ্চ স্ট্রাইক রেটে যে লঙ্কানদের বিপক্ষে। গতকালও সেই ধারা অব্যাহত ছিল। মুশফিকের ব্যাট থেকে আসে অপরাজিত ৫৭ রানের ইনিংস। শারজাহ ক্রিকেট স্টেডিয়ামে টস জিতে বাংলাদেশকে ব্যাটিংয়ে পাঠান লঙ্কান দলপতি দাসুন শানাকা। আগে ব্যাট করতে হয়েছে বলে আক্ষেপ নেই অবশ্য টাইগার দলপতি মাহমুদুল্লাহ রিয়াদের। টস জিতলে যে ব্যাটিংই নিতেন। ওপেনিং জুটি অনেকদিন ধরেই চিন্তার কারণ। চলতি টি-টোয়েন্টি বিশ্বকাপের প্রথম পর্বের ৩ ম্যাচেও হতাশাজনক পারফরম্যান্স। ৩ ম্যাচে উদ্বোধনী জুটি উপহার দেয় মাত্র ১৯ রান। তবে গতকাল বদলে গেল সেই ইতিহাস। ৫.৫ ওভারে লিটন দাস ও নাইম শেখের উদ্বোধনী জুটিতে আসে ৪১ রান। যদিও যথারীতি ব্যর্থ লিটন, ফিরেছেন ১৬ বলে ১৬ রান করে। লাহির কুমারার বলে মিড অফে ক্যাচ দেন। সাজঘরে ফেরার আগে লঙ্কান পেসারের সঙ্গে বাগবিতন্ডায়ও জড়ান। এরপর ফর্মে থাকা সাকিব আল হাসান শুরুটা দারুণ করলেও বেশিক্ষণ টিকেননি। চামিকা করুণারত্নের বলে বোল্ড হন ৭ বলে ১০ রান করে। তবে অন্য প্রান্তে নাঈম ছিলেন নিজের মতোই। ১০ ওভারে ২ উইকেট হারিয়ে বাংলাদেশের স্কোরবোর্ডে ৭২ রান। ব্যাট হাতে খারাপ সময় কাটানো মুশফিক ওয়ানিন্দু হাসারাঙ্গাকে স্লগ সুইপে ছক্কা হাঁকিয়ে যেনো বার্তা দিলেন আজ রানে ফিরছেন। বাঁহাতি পেসার ভিনুরা ফার্নান্দোকে হাঁকানো দ্বিতীয় ছক্কায়ও ছিলো আত্মবিশ্বাসের রসদ। ১৪তম ওভারে লাহির কুমারাকে চার হাঁকিয়ে ৪৪ বলে নিজের ফিফটি ও দলীয় ১০০ রান পূর্ণ করেন নাঈম। তার আগে ব্যক্তিগত ৪৬ রানে অবশ্য তাকে ফেরানোর সহজ সুযোগ পায় লঙ্কানরা, তবে সরাসরি থ্রোতে রান আউট করতে ব্যর্থ হন। ততক্ষণে আরও চড়াও হন মুশফিক, ১৫তম ওভারে হাসারাঙ্গাকে সুইপ শটে হাঁকান ব্যাক টু ব্যাক চার। তবে অন্য প্রান্তে নাঈম ৫২ বলে ৬২ রানের ইনিংস খেলে আউট হলে ভাঙে দুজনের ৫১ বলে ৭৩ রানের জুটি। আফিফ হোসেন ৬ বল খেলে ৭ রানে আউট হলেও মাহমুদুলাহ রিয়াদকে নিয়ে রানের চাকা সচল রাখেন মুশফিক। ৩২ বলে পূর্ণ করেন ক্যারিয়ারের ৬ষ্ঠ ও শ্রীলঙ্কার বিপক্ষে তৃতীয় ফিফটি। মুশফিক শেষ পর্যন্ত অপরাজিত থাকেন ৩৭ বলে ৫ চার ২ ছক্কায় ৫৭ রানে। শেষ দিকে দুই বাউন্ডারিতে ৫ বলে ১০ রান করে অপরাজিত থাকেন অধিনায়ক মাহমুদুলাহ।

# পেঁয়াজ কিনতে সাবধান

(প্রথম পাতার পর)

পেঁয়াজগুলো মেক্সিকোর চিহুয়াহুয়া থেকে আমদানি করা। আর সেসব পেঁয়াজ সরবরাহ করেছে প্রোসোর্স ইনকরপোরেশন।

সিডিসি এক টুইট বার্তায় জানিয়েছে, আস্ত পেঁয়াজে সালমোনেলা ব্যাকটেরিয়ার সংক্রমণ দেখা গেছে ৩৭ টি রাজ্যে। লেবেলবিহীন পেঁয়াজ বাড়ি থেকে ফেলে দিন। এসব পেঁয়াজ খাবেন না, বিক্রি করবেন না। মেক্সিকো থেকে আমদানি করা লাল, সাদা এবং হলুদ পেঁয়াজের ক্ষেত্রে এ নির্দেশনা দেওয়া হয়েছে।

অন্য কোনো পেঁয়াজ কিংবা সরবরাহকারী এই প্রাদুর্ভাবের সাথে যুক্ত কি না, তা যাচাইয়ের জন্য তদন্তকারীরা কাজ করছেন। প্রোসোর্স ইনকরপোরেশন বলেছে যে, তারা স্বেচ্ছায় এই পেঁয়াজগুলো প্রত্যাহার করে নিতে সম্মত আছেন।

# ফাইজারের টিকা শিশুদের ক্ষেত্রে

(প্রথম পাতার পর)

দর ট্রায়ালে ৯০ দশমিক ৭ শতাংশ কার্যকর বলে দাবি করেছে সংস্থাটি। মার্কিন ওষুধ প্রস্তুতকারক সংস্থাটির বরাত দিয়ে শুক্রবার রয়টার্স এ খবর জানিয়েছে।

যুক্তরাষ্ট্রের ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশনে জমা দেওয়া ডকুমেন্টে সংস্থাটি জানায়, ট্রায়ালে থাকা শিশুদের মধ্যে যাদের প্লাসিবো দেওয়া হয়েছিল তাদের মধ্যে ১৬ জন করোনা আক্রান্ত হয়। অন্যদিকে, টিকা গ্রহণকারীদের মধ্যে ৩ জনের করোনা শনাক্ত হয়।

প্রায় ২ হাজার শিশুর ওপর ট্রায়াল চালিয়ে এ কার্যকারিতার কথা জানিয়েছে ফাইজার।

ট্রায়ালে অংশগ্রহণকারীদের মধ্যে প্লাসিবো গ্রহণকারীর দ্বিগুণ সংখ্যক শিশুকে টিকা দেওয়া হয়। তাদের মধ্যে ৯০ শতাংশেরও বেশি শিশুর ক্ষেত্রে এ টিকা কার্যকারিতা দেখিয়েছে বলে জানায় ফাইজার।

সংস্থাটি জানায়, প্রাথমিকভাবে ভাইরাসের বিরুদ্ধে টিকার কার্যকারিতা দেখার জন্য এ ট্রায়াল করা হয়নি। টিকা দেওয়ার পর বয়স্কদের তুলনায় শিশুদের ক্ষেত্রে অ্যান্টিবডি তৈরির অবস্থা জানতে এ ট্রায়াল চালানো হয়।

এর ফলাফলের ওপর ভিত্তি করে ফাইজার-বায়োএনটেক গত মাসে জানিয়েছিল, তাদের করোনা টিকা শিশুদের মধ্যে শক্তিশালী প্রতিরোধ ক্ষমতা তৈরি করতে পারছে।

ট্রায়ালে ৫ থেকে ১১ বছর বয়সী শিশুদের ভ্যাকসিনের ১০ মাইক্রোগ্রাম ডোজের ২টি শট দেওয়া হয়।

# ডেল্টা'র চেয়ে দ্রুত

(প্রথম পাতার পর)

ারো সহজে ছড়িয়ে পড়তে পারে। ইউকে হেলথ সিকিউরিটি এজেন্সি (ইউকেএইচএসএ) এই সম্ভাব্য ঝুঁকিকে আমলে নিয়ে এটিকে 'তদন্তাধীন ভেরিয়েন্ট' বিভাগে নিয়েছে।

তবে, এটি পরিস্থিতিতে আরো খারপের দিকে নিয়ে যাবে- এমন প্রমাণ এখনো পাওয়া যায়নি। বিজ্ঞানীরা আত্মবিশ্বাসী যে বিদ্যমান টিকাগুলো এখনও মানুষকে রক্ষা করার জন্য ভালোভাবে কাজ করবে। যদিও নিয়মিত ডেল্টা এখনো যুক্তরাজ্যে বেশির ভাগ কভিড সংক্রমণের জন্য দায়ী, তবে 'ডেল্টা প্লাস' বা অণ.৪.২ এর সংক্রমণ বাড়ছে।

বিশেষজ্ঞ ও কর্মকর্তারা বলছেন, কিছু প্রাথমিক প্রমাণ রয়েছে যে এটি ডেল্টার তুলনায় যুক্তরাজ্যে বৃদ্ধির হার বাড়াতে পারে। ইউকেএইচএসএ বলেছে, 'এই উপ-বংশ সাম্প্রতিক মাসগুলোতে যুক্তরাজ্যে ক্রমবর্ধমানভাবে সর্বজনীন হয়ে উঠেছে এবং এর কিছু প্রাথমিক প্রমাণ রয়েছে যে ডেল্টার তুলনায় যুক্তরাজ্যে এর বৃদ্ধির হার বাড়তে পারে।' তবে ডেল্টার বিপরীতে এটি এখনও 'উদ্বেগের ভেরিয়েন্ট' হিসাবে বিবেচিত হয়নি। বিশ্বজুড়ে ছড়িয়ে থাকা কভিডের হাজার হাজার বিভিন্ন ধরন বা রূপ রয়েছে। ভাইরাস সব সময় পরিবর্তিত হয়, তাই নতুন নতুন ভেরিয়েন্ট আসায় অবাক হওয়ার কিছু নেই। অণ.৪.২ হলো ডেল্টার একটি শাখা যাতে কিছু নতুন মিউটেশন রয়েছে যা স্পাইক প্রোটিনকে প্রভাবিত করে। Y145H I A222V- রূপান্তরগুলো মহামারি শুরুর পর থেকে অন্যান্য বিভিন্ন করোনাভাইরাস বংশে পাওয়া গেছে। মার্কিন যুক্তরাষ্ট্রেও কয়েকটি ক্ষেত্রে শনাক্ত করা হয়েছে। ডেনমার্কে কিছু ছিল, কিন্তু অণ.৪.২ এর সাথে নতুন সংক্রমণ সেখানে নেমে গেছে।

যুক্তরাজ্য এর মধ্যে শীতের আগে উচ্চঝুঁকিপূর্ণ ব্যক্তিদের কভিড ভ্যাকসিনের বুস্টার ডোজ অফার করছে। যাতে তারা করোনভাইরাস থেকে সম্পূর্ণ সুরক্ষা পায়।

ইউকেএইচএসএ-এর প্রধান নির্বাহী ড. জেনি হ্যারিস বলেছেন, 'জনস্বাস্থ্য পরামর্শ সব বর্তমান প্রকরণগুলোর জন্য একই। টিকা নিন এবং যাঁদের বুস্টার ডোজ লাগবে তাঁরা এগিয়ে আসুন- যত তাড়াতাড়ি আপনাকে ডাকা হবে। সাবধানতা অবলম্বন চালিয়ে যান। জনাকীর্ণ স্থানে মাস্ক পরুন এবং বাড়িতে বাইরের লোকদের সঙ্গে দেখা করার সময়ও। ঘরের বাতাস চলাচলের জন্য জানালা এবং দরজা খুলে দিন। আপনার যদি উপসর্গ থাকে তবে একটি পিসআর পরীক্ষা করুন এবং নেতিবাচক ফলাফল না পাওয়া পর্যন্ত বাড়িতে আইসোলেশনে থাকুন।






সংবাদ সম্মেলনে বক্তব্য রাখছেন হিন্দু কমিউনিটির নেতৃবৃন্দ

# প্রবাসী নাগরিক সমাজের ৫ দফা

(শেষের পাতার পর)

বাংলাদেম সরকারের প্রাত প্রবাসী নাগরিক সমাজ ৫ দফা আর হিন্দু কমিউনিটির ৭ দফা দাবি জানিয়েছে। গত শনিবার (২৩ অক্টোবর) জ্যাকসন হাইটসে আয়োজিত এক সমাবেশে প্রবাসীরা বাংলাদেশের ধর্মীয় সংখ্যালঘুদের নিরাপত্তা, ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন, সাম্প্রদায়িক হামলার জন্যে দায়ীদের দৃষ্টান্তমূলক শাস্তিসহ ৫ দফা দাবি উত্থাপন করেন। অপরদিকে গত শুক্রবার (২২ অক্টোবর) নিউইয়র্কে আয়োজিত এক সংবাদ সম্মেলনে হিন্দু কমিউনিটি অব নিউইয়র্ক ৭ দফা দাবি উত্থাপন করেছে।

শনিবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের ডাইভার্সিটি প্লাজায় প্রবাসী নাগরিক সমাজের ব্যানারে আয়োজিত সমাবেশে বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিত্বকারী প্রবাসীরা অংশগ্রহণ ও মানববন্ধন করেন।

'রুখে দাঁড়াও বাংলাদেশ' মন্ত্রে উজ্জীবিত সমাবেশে সভাপতিত্ব করেন প্রবীণ সাংবাদিক সৈয়দ মোহম্মদ উল্লাহ। এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা যথাক্রমে গোলাম মোস্তফা খান মিরাজ, রেজাউল বারি ও তাজুল ইমাম, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী কণ্ঠযোদ্ধা রথীন্দ্রনাথ রায়, বিশিষ্ট সাংবাদিক মুহম্মদ ফজলুর রহমান, বঙ্গবন্ধু ফাউন্ডেশনের কেন্দ্রীয় নেতা আল আমিন বাবু, যুক্তরাষ্ট্র ঐক্য পরিষদের অধ্যাপক নব্যেন্দু বিকাশ দত্ত, অধ্যাপক হুসনে আরা, গণজাগরণ মঞ্চের অন্যতম প্রতিষ্ঠাতা সৈয়দ জাকির আহমেদ রনি, সাংবাদিক ও ছড়াকার সঞ্জীবন কুমার, ঘাতক দালাল নির্মূল কমিটির সাধারণ সম্পাদক স্বীকৃতি বড়ুয়া, সম্মিলিত সাংস্কৃতিক জোটের কেন্দ্রীয় সদস্য মাহতাব সোহেল, কমিউনিটি বোর্ড মেম্বার আহনাফ আলম প্রমুখ।

এই সমাবেশে দাবি উপস্থাপন করেন কমিউনিটি অ্যাক্টিভিস্ট মোজাহিদ আনসারী। দাবীগুলো হচ্ছে: ১. বাংলাদেশে হিন্দু সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উৎসব দুর্গাপূজাকে কেন্দ্র করে বিভিন্ন মন্ডপে হামলা, প্রতিমা ভাংচুর, বিভিন্ন স্থানে হিন্দুদের বাড়িঘরে হামলা ও অগ্নিসংযোগে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন, ক্ষতিপূরণ ও পূর্ণ নিরাপত্তা, ২. এবারসহ অতীতের সকল সাম্প্রদায়িক দাঙার জন্য দায়ি ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত বিচারের মাধ্যমে কঠোর ও দৃষ্টান্তমূলক শাস্তি এবং সকল ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা, ৩. সাম্প্রদায়িক দাঙার জন্য একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠন করে অপরাধীদের শাস্তির আওতায় আনা, ৪. অসাম্প্রদায়িক চেতনায় মুক্তিযুদ্ধে বিজয়ী জাতির প্রথম সংবিধানে (বাহাত্তর) ফিরে যাওয়া এবং ৫. মুক্তিযুদ্ধের মূল চেতনা গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা প্রতিষ্ঠা করা। সমাবেশ পরিচালনা করেন সাংবাদিক তোফাজ্জল লিটন।

**হিন্দু কমিউনিটির সাংবাদিক সম্মেলন**

এদিকে কুমিল্লার ঘটনা এবয় পরবর্তীতে দেশব্যাপী সৃষ্ট ঘটনার প্রেক্ষিত্রে হিন্দু কমিউনিটি অব নিউইয়র্ক গত ২২ অক্টোবর, শুক্রবার আয়োজিত এই সংবাদ সম্মেলনে বাংলাদেশ সরকারের কাছে ৭ দফা দাবি উত্থাপন করে। জ্যাকসন হাইটসের ওম শক্তি মন্দীরে আয়োজিত সংবাদ সম্মেলনে বাংলাদেশে বিভিন্ন সময়ে হিন্দু সম্প্রদায়ের ওপর হামলার পরিসংখ্যান তুলে ধরে বক্তারা এসব ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান। তারা এসব ঘটনা ঠেকাতে জোড়ালো পদক্ষেপ গ্রহনের জন্য বাংলাদেশ সরকারের প্রতি দাবী জানান।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে সদ্য সমাপ্ত শারদীয় দুর্গোৎসবের সময় বাংলাদেশের হিন্দু ধর্মাবলম্বীদের উপর মৌলবাদী ও উগ্রপন্থী ধর্মবাজরা আবারও যে মধ্যযুগীয় বর্বর অত্যচার করল সে বিষয়ে সৃষ্ট সমস্যার স্থায়ী সমাধান কামনা করে বলা হয় যে, সম্প্রতি সমাপ্ত সনাতন ধর্মালম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব দুর্গাপূজা চলাকালে দেশের ছাব্বিশটি জেলায় সুপরিকল্পিতভাবে হিন্দু সম্প্রদায়ের উপর একটানা ছ'দিন ব্যাপী বীভৎস সাম্প্রদায়িক সন্ত্রাসী হামলা চালানো হয়। সন্ত্রাসীরা গত ১৩ অক্টোবর কুমিল্লার নানুয়ার দিঘীরপাড় পূজামন্ডপে হিংস্র অক্রমণ দিয়ে শুরু করে নোয়াখালীর ইসকন মন্দির, চৌমুহনী, ফেনী, চট্টগ্রাম এবং ১৮ অক্টোবর পীরগঞ্জের জেলে পল্লী ভস্মীভূত করা পর্যন্ত খুন, যখম, নারী ও শিশু ধর্ষণ, মন্দির ও দেব-দেবীর প্রতিমা ভাঙচুর, বাড়িঘর ও ব্যবসা লুটপাট করে অগ্নি সংযোগ করার যে নারকীয় তান্ডব চালিয়েছে সেটা ১৯৪৬-এর অক্টোবরে নোয়াখালীতে, ১৯৬৪ সালে খুলনা, ঢাকা ও দেশের অন্যান্য অঞ্চলে, ১৯৭১ সালে, ১৯৯২ সালে, ২০০১ থেকে ২০০৫ সালে সারা দেশে,২০১২-'১৩ সালে রামুতে, এবং তৎপরবর্তীকালে নাসির নগর, সাঁথিয়া, শাল্লা, মুরাদনগর প্রভৃতি স্থানে ধর্মীয় সংখ্যালঘুদের প্রতি বর্বরতার ভয়াবহ স্মৃতি স্মরণ করিয়ে দেয়।

উক্ত ছয় দিনে ধর্মীয় মৌলবাদী ও সন্ত্রাসীরা নোয়াখালীর ইসকন মন্দির সহ দেশের সহ বিভিন্ন মন্দির ও মন্ডপের পুরোহিত ও ভক্ত সহ সাত জনকে নৃশংসভাবে হত্যা করেছে, তিনজন মা-বোনকে ধর্ষণ করেছে, পূজামন্ডপ, প্রতিমা ধ্বংস করছে, ১০০র মত হিন্দু বাড়ীঘর লুটপাট করে ভস্মীভূত করেছে। ওই ধর্মবাজদের ধর্ষনের পৈশাচিকতায় প্রাণ হারিয়েছে একটি দশ বছরের নাবালিকা, গতকালও মারা গেছেন নানুয়ার দিঘীর পাড়ে আক্রমণের শিকার একজন, আরও কতজন মারা যাবেন সেটা এখনও বলা যায়না। গৃহহীন অবস্থায় শত শত হিন্দু পরিবার সম্ভাব্য অগামী আক্রমণের আশঙ্কায় দিশেহারা। হিন্দু সম্প্রদায়ের উপর এই নৃশংস সাম্প্রদায়িক সন্ত্রাসী হামলার রিপোর্ট করেছে নিউইয়র্ক টাইমস ও গার্ডিয়ান সহ অসংখ্য দেশী বিদেশী সংবাদ মাধ্যম, প্রতিবাদ ও নিন্দা জানিয়েছে বিভিন্ন সভ্য দেশের দূতাবাস, ইউনাইটেড নেশনস এবং হিউমেন রাইটস ওয়াচ সহ অনেক মানবাধিকার সংস্থা।

এবারকার নৃশংসতার অজুহাত তৈরি করা হয়েছে পবিত্র ধর্মগ্রন্থ কুরআন অবমাননার নাটক সাজিয়ে, যেমনটা অতীতেও করা হয়েছে। ধর্ম অবমাননার জিগির তুলে হিন্দুদের উপর পরিকল্পিত এই জঙ্গী সন্ত্রাসী হামলা বাংলাদেশে এখন রুটিন ঘটনা হয়ে দাঁড়িয়েছে। এর উদ্দেশ্য, বাংলাদেশকে অ-মুসলমান শূন্য করা।

লিখিত বক্তব্যে আরো বলা হয় যে, বাংলাদেশ সরকার বেশ উচ্চকণ্ঠে আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে এটা দাবি করে থাকে যে, সরকার ধর্মীয় সাম্প্রদায়িকতা বিরোধী, কিন্তু আপনারা এ'টাও জানেন যে সেখানে সংখ্যালঘু নির্যাতকদের কোন দিনই বিচার ও শাস্তি হয়নি, যে কথাটা ২০১৭ সালের ১৩ নভেম্বর বি.বি.সি. বাংলা "বাংলাদেশে সংখ্যালঘুদের উপর হামলার বিচার হয় না কেন?" শিরোনামে লিখেছিল। ২০০১-এ বিএনপি-জামাতের নৃশংস অত্যাচার ও সন্ত্রাসী হামলার প্রেক্ষিতে বিচারপতি সাহাবুদ্দিন কমিশন রিপোর্টে চিহ্নিত কয়েক হাজার সংখ্যালঘু নির্যাতকদের একজনেরও বিচার হচ্ছে না কেন? আশ্চর্যের ব্যাপার, বরাবরের মতই গত ক'দিনের হামলার জন্য হাজার হাজার ধর্মীয় মৌলবাদী ও জঙ্গী প্রস্তুতি নিল কিন্তু ট্রেনিংপ্রাপ্ত গোয়েন্দা বিভাগ বা আইন রক্ষাকারী সংস্থাগুলো কিছুই আঁচ করতে পারল না, সেটা কি করে হয়! সংখ্যালঘুদের নিরাপত্তা বিধানে সরকারের অনীহা এবং বিচারহীনতার সরকারী নীতির কারণেই হিন্দুদের উপর সাম্প্রদায়িক এই হামলা নিরন্তরভাবে চলছে। কোন কোন সরকার প্রত্যক্ষভাবে, আর কোন কোন সরকার তাদের বিচার না করার মাধ্যমে পরোক্ষভাবে এই বর্বরতাকে সমর্থন করে সংখ্যালঘুদের দেশত্যাগে বাধ্য করছে। সংখ্যালঘু নির্যাতনের এই অশুভ নীতি বিশ্বব্যাপী সকল সরকার গ্রহন করলে যুক্তরাষ্ট্র প্রবাসীরা সহ বিশ্বের কোটী কোটী ধর্মীয় সংখ্যালঘু মানুষের কি করুণ পরিণতী হবে।

এই অশুভ, মানবতা বিরোধী সাম্প্রদায়িক শক্তির মূলোৎপাটনে করতে দেশের সকল সচেতন প্রগতিশীল নাগরিকদের ঐক্যবদ্ধ সক্রিয় ভুমিকা গ্রহনের জন্য আহবান জানিয়ে বলা হয়, এটা তো চলতে পারে না- এর অবসান হতেই হবে। আর, কাজটা প্রধানত: করতে হবে দেশের সংখ্যাগরীষ্ঠ ধর্মীয়গোষ্ঠীর প্রগতিশীল মানুষকেই।

সংখ্যালঘুদের উপর নিরন্তর সাম্প্রদায়িক হামলার ঘটনাবলীর প্রেক্ষাপটে "বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির উজ্জ্বল উদাহরণ" বলে যে সরকারী দাবী সেটা আজ বিশ্বের সভ্য সমাজকে বিশ্বাস করানো কঠিন হয়ে পড়েছে। মাননীয়া প্রধানমন্ত্রী এবার সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে কঠোর অবস্থান ঘোষণা করেছেন। অপরাধীদের বিচার ও শাস্তি প্রদান এবং এবং নির্যাতিতদের বিদ্ধস্ত ও ধ্বংসপ্রাপ্ত বাড়িঘর পুনর্ণির্মানের এবং সার্বিক সহায়তা দানের প্রতিশ্রুতিকে আমারা অভিনন্দন জানাই। আমরা আশা করব যে সংখ্যালঘু নির্যাতকদের বিচার ও শাস্তি প্রদান প্রক্রিয়া শিঘ্রই শুরু হবে।

সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রীর কাছে নিম্নলিখিত দাবিসমূহ বাস্তবায়নের অনুরোধ জানানো হয়:

১। অবিলম্বে বিশেষ ট্রাইব্যুনাল গঠন করে অপরাধীদের বিচারের মাধ্যমে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান।

২। মৌলবাদী-সন্ত্রাসীদের হাতে নিহত, আহত, গৃহহীন সংখ্যালঘু পরিবারসমূহকে আর্থিক ক্ষতিপূরণ ও বাসস্থান পুনর্ণির্মান করে দেয়া হোক, এবং নিহতদের পরিবারগুলোর একজনকে করে সরকারী চাকরি দিয়ে তাঁদের বেঁচে থাকার ব্যবস্থা করা।

৩। আহতদের বিনা খরচে চিকিৎসার ব্যবস্থা করা।

৪। এই হামলায় ক্ষতিগ্রস্ত, বিদ্ধস্ত, ও ধ্বংসপ্রাপ্ত সকল মন্দির ও মন্ডপসমূহ পুনর্ণির্মান।

৫। একটি বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠন করে সাম্প্রতিক ঘটনা সহ অতীতের সকল সংখ্যালঘু নির্যাতনের ঘটনাবলীর একটি শ্বেতপত্র প্রকাশ করা হোক, এবং তাতে যারা অপরাধী বলে চিহ্নিত হবে তাদের বিচারপতি সাহাবুদ্দিন কমিশন কর্তৃক চিহ্নিত অপরাধীদের নামের তালিকায় যোগ করে, সেটা প্রকাশ করে, তাদের বিচার ও শাস্তির ব্যবস্থা করা।

৬। অবিলম্বে সংখ্যালঘু কমিশন, হিন্দু, বৌদ্ধ, ও খ্রিষ্টান ফাউন্ডেশন, ও একটি সংখ্যালঘু মন্ত্রনালয় গঠন করা হোক; এবং একটি হেইট স্পীচ-ক্রাইম আইন ও সংখ্যালঘু সুরক্ষা আইন প্রণয়ন করা। এবং

৭। অবিলম্বে বঙ্গবন্ধু প্রদত্ত ১৯৭২-সালের সংবিধান পুনর্বহাল করে দেশকে একটি অসাম্প্রদায়িক রাষ্ট্রে পরিণত করার জন্য অবশ্য প্রয়োজনীয় প্রথম পদক্ষেপটি গ্রহন করা।

# ইতিহাস সৃষ্টির পথে শাহানা-সোমা

(শেষের পাতার পর)

নির্বাচনের সকল প্রস্তুতি সম্পন্ন করেছে নিউইয়র্ক সিটির বোর্ড অব ইলেকশন। এদিকে এবারের নির্বাচনে ইতিপূর্বে ডেমোক্রাট দলীয় প্রাইমারীতে ব্রুকলীনের কাউন্সিল ডিষ্ট্রিক্ট-৩৯ থেকে শাহানা হানিফ আর কুইন্স কাউন্টির ডিষ্ট্রিক্ট জাজ পদে সোমা সাঈদ বিজয়ী হয়ে চুড়ান্ত বিজয়ের জন্য ২ নভেম্বরের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন। এছাড়াও কুইন্সের কাউন্সিল ডিষ্ট্রিক্ট-২৪ থেকে কনারভেটিভ পার্টি থেকে মুজিব-উর রহমান ও কাউন্সিল ডিষ্ট্রিক্ট-২৫ থেকে রিপাবলিকান পার্টি থেকে শাহ শহীদুল হক প্রতিদ্বন্দ্বিতা করছেন। বাংলাদেশী-আমেরিকান এই প্রার্থীদের জন্য আসন্ন নির্বাচন কমিউনিটিতে ভিন্ন মাত্র যোগ করেছে। নির্বাচনে মেয়র পদে ডেমোক্র্যাট পার্টি থেকে এরিক অ্যামস আর রিপাবলিকান পার্টি থেকে কুর্টিস এ স্লীওয়া সহ ৯জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। উল্লেখ্য, টার্ম লিমিট শেষ হওয়ায় বর্তমান মেয়র বিল ডি ব্লাজিও (পর পর দু'বার নির্বাচিত) আর নির্বাচন করতে পারছেন না।

নিউইয়র্ক সিটির বোর্ড অব ইলেকশন সূত্রে জানা গেছে, মেইল ভোট, আগ্রীম ভোট (আর্লি ভোটিং) এবং ভোটের দিন ভোট এই তিন পদ্ধতিতে ভোট অনুষ্ঠিত হচ্ছে। গত ২৩ অক্টোবর থেকে শুরু অগ্রীম ভোট প্রদান হয়েছে, চলবে ৩১ অক্টোবর রোববার পর্যন্ত। ভোটের দিন (ইলেকশন ডে) ২ নভেম্বর মঙ্গলবার কেন্দ্রে কেন্দ্রে বিরতিহীন ভোট গ্রহণ চলবে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত। তবে মেইলিং ভোট ১ নভেম্বরের মধ্যে ইলেকশন অফিসে পৌছতে হবে। এই ভোটের ডেডলাইন ছিলো ১৮ অক্টোবর। এদিকে গত ২২ জুন অনুষ্ঠিত এবছরের প্রাইমারী নির্বাচনে ২জন রিপাবলিকান সহ ১৩জন ডেমোক্র্যাট মেয়র পদপ্রার্থী সহ মোট ৫২৯জন প্রার্থী বিভিন্ন পদে প্রতিদ্বন্দ্বিতা করেন। নির্বাচন ঘিরে চলছে ব্যাপক জল্পনা-কল্পনা। দর্শনীয় স্থানে সাটানো হয়েছে রং বে রং এর পোস্টার, চলছে শেষ সময়ের ভোট প্রার্থনা। তবে ফেসবুকেই বেশী প্রচার চলছে। নির্বাচনে মেয়র পদে ডেমোক্র্যাট দলীয় প্রাইমারীতে ব্রুকলীন বরো প্রেসিডেন্ট এরিক অ্যাডমস সহ আলোচিত প্রার্থীদের মধ্যে ছিলেন সাবেক ফেডারেল হাউজিং সেক্রেটারী সাউন ডনাবান, সাবেক সিটি সেনিটেশন কমিশনার ক্যাথরান গার্সিয়া, সাবেক ওয়াল স্ট্রীট এক্সিকিউটিভ রেমন্ড জে ম্যাগুইর, সাবেক নন প্রফিট এক্সিকিউটিভ ডিয়ানী সোরালেস, সিটি কম্পট্রোলার স্কট এম স্ট্রীঙ্গার, মেয়র বিল ডি ব্লাজিওর সাবেক কাউন্সেল মায়া উইলী ও সাবেক প্রেসিডেন্টশীয়াল ক্যান্ডিডেট এন্ড্রু ইয়ং। এদের মধ্যে অধিকাংশ বাংলাদেশী-আমেরিকানরা পৃথক পৃথকভাবে এরিক অ্যাডমস, রেমন্ড জে ম্যাগুইর ও এন্ড্রু ইয়ং কে সমর্থন করেছিলেন। ডেমোক্র্যাট দলীয় প্রাইমারীতে এরিক অ্যাডমস জয়ী হন।

অপরদিকে ডেমোক্র্যাট দলীয় প্রাইমারীতে নিউইয়র্ক সিটির ৫ বরোর ৫১টি ডিষ্ট্রিক্ট কাউন্সিল-এর মধ্যে বাংলাদেশী প্রার্থী হিসেবে ব্রুক্স বরোর কাউন্সিল ডিষ্ট্রিক্ট-১৮ থেকে মোহাম্মদ এন মজুমদার ও মির্জা মামুন রশীদ, কুইন্স বরোর কাউন্সিল ডিষ্ট্রিক্ট-২৪ থেকে মৌমিতা আহমেদ, সাবুল উদ্দিন ও সাইফুর খান হারুন, কাউন্সিল ডিষ্ট্রিক্ট-২৬ থেকে বদরুন খান মিতা ও সুলতান মারুফ, ব্রুকলীন বরোর কাউন্সিল ডিষ্ট্রিক্ট-৩২ থেকে শেখ হেলাল, কাউন্সিল ডিষ্ট্রিক্ট-৩৭ থেকে মিসবা আবদীন এবং কাউন্সিল ডিষ্ট্রিক্ট-৩৯ থেকে শাহানা হানিফ ও মামনুন হক প্রতিদ্বন্দ্বিতা করেন। এদের মধ্যে একমাত্র শাহানা হানিফ জয়ী হয়ে ইতিহাস সৃষ্টি করেন। অপরদিকে কুইন্স কান্টি জজ পদে এটর্নী সোমা সাঈদ এবং ডিষ্ট্রিক্ট লীডার পদে শাহানা মাসুম অ্যাসেম্বলী ডিষ্ট্রিক্ট-৬১ থেকে প্রতিদ্বন্দ্বিতা করলেও সোমা সাঈদ প্রাইমারীতে জয়ী হয়ে ইতিহাস গড়েন।



বিসমিল্লাহির রাহমানির রাহিম

# বাংলাদেশ সোসাইটি ইন্‌ক, নির্বাচন ২০২১
# BANGLADESH SOCIETY INC, ELECTION 2021

১৪ নভেম্বর, রোববার নির্বাচনে

ঐক্যবদ্ধ কমিউনিটি, বাংলাদেশ ও আমেরিকার
মূলধারায় প্রবাসী বাংলাদেশীদের স্বার্থ প্রতিষ্ঠায় অঙ্গিকারবদ্ধ

নিষ্ঠাবান, সৎ ও যোগ্য ব্যক্তিদের সমন্বয়ে সার্বজনীন

## নয়ন-আলী
## পরিষদ


B1
কাজী নয়ন
সভাপতি প্রার্থী
Kazi Ashraf Hossain (Nayan), President


B4
মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক প্রার্থী
Mohammad Ali
General Secretary


B2
আব্দুর রহিম হাওলাদার
সিনিয়র সহ-সভাপতি
Abdur Rahim Howladar
Sr. Vice President



B3
মোঃ রেজাউল করিম (সগীর)
সহ-সভাপতি
Md. Rezaul Karim (Sagir)
Vice President


B5
মিয়া মোহাম্মদ দুলাল
সহ-সাধারণ সম্পাদক
Mia Mohammad Dulal
Asst. General Secretary


B6
মোহাম্মদ জে. খান (ডিউক)
কোষাধ্যক্ষ
Mohammed Z Khan (Duke)
Treasurer


B7
আহসান হাবিব
সাংগঠনিক সম্পাদক
Ahsan Habib
Organizing Secretary


B8
মনিকা রায়
সাংস্কৃতিক সম্পাদক
Manika Roy
Cultural Secretary


B9
শেখ হায়দার আলী
জনসংযোগ ও প্রচার সম্পাদক
Public Relation & Sekh Haider Ali
Public Relation & Publicity Secretary


B10
আবুল কাশেম চৌধুরী
সমাজ কল্যাণ সম্পাদক
Abul Kashem Chowdhury
Social Welfare Secretary


B11
মোহাম্মদ হাসান (জিলানী)
সাহিত্য সম্পাদক
Mohammed Hassan (Zilani)
Literary Secretary


B12
মোঃ এইচ রশিদ (রানা)
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক
Mohammed H Rashid (Rana)
Sports & Ent. Secretary


B13
মোঃ সামাদ মিয়া (জাকের)
স্কুল ও শিক্ষা সম্পাদক
Md. Samad Miah (Zaker)
School & Edu. Secretary


B14
ছাইদুর খান (ডিউক)
কার্যকরী সদস্য
Saidur Khan (Duke)
Executive Member


B15
মোঃ মাহমুদ আলম
কার্যকরী সদস্য
Md. Mahmood Alam
Executive Member


B16
মোঃ এ. সিদ্দিকী
কার্যকরী সদস্য
Md. A. Siddique
Executive Member


B17
আহসান উল্লা (মামুন)
কার্যকরী সদস্য
Ashan Ullah (Mamun)
Executive Member

PLEASE VOTE FOR NAYAN-ALI PANEL

অনুগ্রহ করে নয়ন-আলী পরিষদে ভোট দিন

## নয়ন-আলী পরিষদ
আপনাদের ভোট ও দোয়া প্রার্থী

ELECTION DATE: NOVEMBER 14 , 2021

PLEASE VOTE FOR
NAYAN-ALI PANEL

প্রচারে ঃ নয়ন-আলী নির্বাচন পরিচালনা কমিটি

# Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



**Mohammad Pier**
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
**Cell: 917-678-8532**

**Income Tax**
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

**Immigration Services**
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

**Real Estate**
For Buying & Selling Houses
Mortgage Services

*IRS e file*

**PIER TAX AND EXECUTIVE SERVICES**

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
**Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583**
Email: piertax@gmail.com

# মেঘনা ট্রাভেলস

ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের
একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

## OUR SERVICES

**International & Domestic Tickets**
**Hajj & Umrah Special Package**
**Visa Processing**
**Money Transfer**

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয়
ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

25th Anniversary

# KAKATUA AGENCY
# কাকাতুয়া এজেন্সী

Authorized e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)

ENROLLED AGENT

**OUR SERVICES ARE:**

- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

**NEW ADDRESS**
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
**Tel: (718) 726-6900 | (718) 397-5004**
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভাদাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

**Afzal Hossain MD**
Board certified in Internal Medicine

**Ashwad Afzal MD, FACP**
87-81 169th street, Jamaica NY 11432
Tel: 718-297-4300, Fax: 718-297-4302

**Sanjeev Palta MD, FACC**
Board certified in Cardiology

**We perform tests in the office:**

ECG

We treat all heart patients and have tests performed in our office by our experienced Internist and Cardiologist.

- EKG/Electrocardiogram
- Echocardiogram
- Cardiac stress test
- Vascular studies
- Allergy Test
- Nerve Test/Sudoscan
- TB/PPD testing
- Spirometry/Lung Test
- Peak flow
- Test for Heartburn







Blood test done in the office

**We provide Vaccines for:**

- Hepatitis A
- Hepatitis B
- Influenza
- Meningitis
- Measles
- Mumps
- Pneumococcal
- Rubella
- Tetanus/Tdap
- Varicella

- Physical Exam
- Pre-employment Exam
- Physical for school
- CDL certification
- TLC Certification
- Home Health Aid/HHA Certification

We accept most insurance and have arrangement for treating uninsured patients at low costs.

**Office Hours**
Mon-Thurs 10am-6pm
Friday 11:30am-6pm
Saturday 10am-3pm

Call us today at 718-297-4300

# Law Office of Md Golam Mostofa, Esq.

## OUR SERVICES:

- Personal Injury all kinds
- Medical Mal Practice
- Accident in Construction Work and Car Accidents
- Lead Poisoning
- Slip and Fall
- All Civil Matters
- Immigration all kinds & investments
- Real Estate, Business
- Bankruptcy
- Criminal Case
- Landlord-Tenant
- Family Matter-Divorce
- Employment Matter, Etc.





## Attorny M. Mostofa, Esq.

LL.B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh, Advocate, Bangladesh Supreme Court.
LL.B Honors, UK. Barrister-At-Law, London.,
LL.M, USA. Attorney-At-Law, NY

7226 Broadway, 3rd Floor, Jackson Heights, NY 11372, Phone: 718-565-2661

## এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

# MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

| ASTORIA OFFICE: | JAMAICA OFFICE: |
|---|---|
| 30-04, 36th Avenue<br>LIC, NY 11106<br>Tel: 718-383-4500 | 170-12 Highland Avenue<br>Jamaica Estates, NY- 11432<br>www.drmrahman.com |

## নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"

যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com

# DEBT SOLUTIONS BANKRUPTCY

- আমরা গ্যারান্টি সহকারে আপনার কার্ড বিল কমিয়ে দিতে পারি।
- মাত্র ১২ থেকে ৩৬ মাসে আপনি সম্পূর্ণভাবে দেনামুক্ত হতে পারবেন।




BHUIYAN
917-832-7619

## BT & T GROUP LLC

37-12, 75th Street, Suite #203, Jackson Heights, NY 11372
Phone: 917-832-7619 | Fax: 718-425-9293

## Hillside Accounting Services Inc.

Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



Shafi Chowdhury
Consultant

*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

# Highland Medical Care, PLLC



## Nazmul H. Khan, MD, FACP

Board Certified in Internal Medicine

**Address**

87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

---

**BRONX OFFICE**
1268 Whiteplains Road.
Bronx,
NY 10472
718-792-6991

**JACKSON HEIGHTS OFFICE**
37-33 77th St. # 1,
Jackson Heights
NY 11372
718-478-6100

- স্বল্পমূল্যে চিকিৎসার ব্যবস্থা
- জীবানুমুক্ত যন্ত্রপাতি
- সর্বাধুনিক প্রযুক্তি। অভিজ্ঞ ডাক্তার
- মেডিকেইড। ইন্সুরেন্স। ইউনিয়ন - কার্ড গ্রহণ
- Visa / Master Card / American Express / Discover সহ অন্যান্য ক্রেডিট কার্ড গ্রহণ
- সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহারে Implant / Braces চিকিৎসা



আপনাদের সেবায়



**DR. WALI KHAN**
D.D.S.

---



## DR. M. M. ABDUR ROB D.D.S.

কম্বাইন্ড রিজিওনাল বোর্ড কর্তৃক স্বীকৃত বাঙ্গালি ডেন্টিস্ট বাংলাদেশ আর্মির প্রাক্তন **ডেন্টাল সার্জন**

আমরা সর্বনিম্ন মূল্যে সর্বাধুনিক প্রযুক্তিতে দাঁত ও মাড়ির সব ধরনের চিকিৎসা করে থাকি।

আমরা মেডিকেইড, ইন্সুরেন্স ও ইউনিয়ন প্লান গ্রহন করি



**আপনাদের সেবায় আমাদের দুটি শাখা**

**QUEENS DENTAL CARE**
28-55, 34St, 2Floor, Astoira
(at the corner of 30 AVE. & 34St)
**718-204-0672**
বিকেল ৫টা থেকে রাত ৯টা, রোববার এপয়েন্টমেন্ট নিতে হবে

**BRONX OFFICE**
780E. Tremont Ave. Bronx
**718-731-6176**
সকাল ৯:৩০ থেকে বিকেল ৪:৩০, রোববার বন্ধ।

---




WELCOME TO
Your Medical Home

**SABOOR WAIZUN MEDICAL PC**
Caring For Your Health
**INAMULHAQUE M SABOOR,MD**
Board Certified Internal Medicine
**USCIS Designated Civil Surgeon**

BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
FAX: (914) 500-6570
Sat, Tues and Thursday:
1:00PM- 8:00PM

JAMAICA
167-10 HIGHLAND AVE
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
FAX: (718) 558-0290
Mon, Wed & Friday:
11:00AM to 5:00PM

**Office Hours**
Sat, Tues and Thursday: 1:00PM- 8:00PM
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

Available on call 24 hours a day, 7 days a week 365 days a year

---

## ড্রাইভিং লাইসেন্সের ১০০% গ্যারান্টি

ড্রাইভিং শিখতে ভয় পাচ্ছেন? বারবার ফেল করছেন? তাদেরকে চুক্তিতে থিয়োরি দিয়ে ও প্র্যাকটিক্যালি সরলভাবে শতভাগ নিশ্চয়তা সহকারে শেখানো হয়।



যোগাযোগ:
রাজীব খান
**347-279-8327**
nukdu345@gmail.com

---

# Vital Accounting Inc.

## File your Tax with experienced professional.

* Income tax:
* Individual/ Personal Tax (All states)
* Business Tax (Corporation, Partnership)
* Sales tax (Food Vendor, Corporation)
* Payroll Tax
* Business Incorporation
* Immigration Services



**Atikur Rahman**
*Masters in Economics*
*MBA (Accounting), MAFM*
**Tel: 718-820-2212**

**37-22 73rd Street, 2nd Fl (Suite # 2D), Jackson Heights, NY 11372**

# ব্রাজিলে শেখ রাসেল দিবস পালিত

**ব্রাজিল:** ব্রাসিলিয়াস্থ বাংলাদেশ দূতাবাস যথাযথ মর্যাদায় উদ্দীপনাপূর্ণ প্রাণবন্ত পরিবেশে বাংলাদেশী এবং ব্রাজিলীয় শিশু কিশোরদের অংশগ্রহণে 'জাতির পিতা' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব-এর কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৮তম জন্মদিবস পালন করে। কোভিড-১৯ মহামারীর অন্যতম ক্ষতিগ্রস্থ দেশ ব্রাজিলের ভয়াবহ করোনা ভাইরাস পরিস্থিতি বিবেচনায় ২০২০ সালের ১৭ মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপনের পর এই প্রথম ব্রাসিলিয়া প্রবাসী বাংলাদেশীদের উপস্থিতিতে দূতাবাস কোন জাতীয় দিবস পালন করে।



গত ১৮ অক্টোবর বিকেল পাঁচটায় দূতাবাস প্রাঙ্গনে শুরু হওয়া মূল অনুষ্ঠানের প্রথমপর্বে ব্রাসিলিয়া প্রবাসী বাংলাদেশী শিশুরা দিবসটির প্রতিপাদ্য 'শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্মবিশ্বাস'-এর উপর চিত্রাংকন করে। ব্রাসিলিয়া প্রবাসী প্রায় সকল অভিবাসী বাংলাদেশী শিশুচিত্রাংকন পর্বে অংগ্রহণ করে। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বের শুরুতে ব্রাজিলে বাংলাদেশের নবনিযুক্ত রাষ্ট্রদূত মিজ সাদিয়া ফয়জুননেসা অনুষ্ঠানে আগত শিশুদের সাথে নিয়ে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এরপর পবিত্র কুর'আন থেকে তেলাওয়াত, পবিত্র গীতা থেকে শ্লোক এবং পবিত্র বাইবেল থেকে পাঠ করা হয়। শেখ রাসেলসহ ১৫ আগস্টের নির্মম হত্যাকান্ডে নিহত বঙ্গবন্ধু এবং বঙ্গবন্ধু পরিবারের সকল শহীদ এবং মুক্তিযুদ্ধের সকল শহীদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ প্রার্থনা করা হয়। দিবসটির তাৎপর্য তুলে ধরে বাংলাদেশের রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী প্রদত্তবাণী পাঠ করা হয়। এরপর শহীদ শেখ রাসেলের উপর নির্মিত বেশ কিছু অ্যানিমেশন চিত্রপ্রদর্শিত হয়। উপস্থিত সুধীবৃন্দও শিশু কিশোররা প্রদর্শিত ভিডিও চিত্রগুলো মুগ্ধতার সাথে উপভোগ করেন।

শেখ রাসেল দিবস উপলক্ষ্যে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে ব্রাসিলিয়া প্রবাসী বাংলাদেশী শিশুদের অংশগ্রহণে দেশাত্ববোধক কবিতা আবৃত্তি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের অন্যতম মূল আকর্ষণ ছিল ব্রাসিলিয়াস্থ Centro Cultural Escola do Mundo-এর শিল্পী গোষ্ঠীর অংশগ্রহণে ব্রাজিলের ঐতিহ্যবাহী শিল্পকলা "কাপুয়েরা"- এর বিশেষ পরিবেশনা যা উপস্থিত সকলকে মন্ত্রমুগ্ধ করে রাখে। শেখ রাসেল দিবস-এর প্রতিপাদ্য সামনে রেখে মূলত ব্রাজিলীয় শিশু শিল্পীরা এই পরিবেশনাটিতে অংশ নেয়। উল্লেখ্য যে 'কাপুয়েরা' ইউনেস্কো কর্তৃক ঘোষিত একটি সাংস্কৃতিক ঐতিহ্য।

দিবসটির তাৎপর্য তুলে ধরে অনুষ্ঠিত আলোচনা পর্বে দূতাবাসের কর্মকর্তাগণ স্বতঃস্ফূর্তভাবে অংশ গ্রহণ করেন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধাজ্ঞাপন করে ব্রাজিলে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মিজ সাদিয়া ফয়জুননেসা তাঁর বক্তব্যে বলেন যে, জাতির পিতার বলিষ্ঠ নেতৃত্বই আমরা পেয়েছি স্বাধীন সার্বভৌম বাংলাদেশ, লাল সবুজের পতাকা আর দেশকে প্রতিনিধিত্ব করার সুযোগ। ব্রাজিলের নব-নিযুক্ত রাষ্ট্রদূত হিসেবে যোগদানের প্রথম কর্ম দিবসেই শেখ রাসেল দিবস উদযাপনের সুযোগ পেয়ে রাষ্ট্রদূত নিজেকে সৌভাগ্যবান বলে দাবি করেন। ১৯৭৫ সালের ১৫ আগস্টের নির্মম হত্যাকান্ডকে ইতিহাসের নৃশংসতম ও বর্বরতম ঘটনা হিসেবে উল্লেখ করে তিনি বলেন যে, প্রধানমন্ত্রীর সুদৃঢ় নেতৃত্বেও ফলে ঐ ঘৃণিত হত্যাকারীদের বিচার প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হয়েছে। শেখ রাসেলসহ ১৫ আগস্টেও নির্মম হত্যাকান্ডের পলাতক খুনীদের অবস্থান ও সংশ্লিষ্ট যে কোন তথ্য দূতাবাসকে তাৎক্ষণিক ভাবে জানিয়ে তাদেরকে বিচারের আওতায় এনে দেশের প্রতিনিজ কর্তব্য পালনের অনুরোধ করে রাষ্ট্রদূত উপস্থিত সকলকে সদাসতর্ক ও সজাগ থাকার আহবান জানান।

## দুঃখিত

বাংলা পত্রিকা'র গত সংখ্যায় (১৮ অক্টোবর, ২০২১) 'মোহাম্মদ পেয়ার আহ্বায়ক হারুন সদস্য সচিব : জেবিবিএ'র সাধারণ সভায় আহ্বায়ক কমিটি গঠিত' শীর্ষক খবরে অসাবধানতা বশত: বিপিএল অব ইউএসএ'র নতুন কমিটি'র সভাপতি ও সেক্রেটারীর ছবি প্রকাশিত হয়েছে। এজন্য আমরা আন্তরিকভাবে দু:খিত।
-বার্তা সম্পাদক


**হাউজ কিপিং জব করতে চাই**

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, **বাংলাদেশ সুপ্রীমকোর্ট**)।

**ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯**
**৩৪৭-৮৪৯-৭৫২৩**

**Income Taxes & Immigration**

আমরা অত্যন্ত সততা ও দক্ষতার সহিত নির্ভুল তথ্যের ভিত্তেতে ইনকাম ট্যাক্স রিটার্ণ করে থাকি। অধিক রিফান্ডের লোভে ভুল তথ্য দিয়ে ফেডারেল ও স্টেটের অডিটের ঝামেলায় না গিয়ে সঠিক তথ্যের ভিত্তিতে ট্যাক্স রিটার্ণ করে ঝামেলা মুক্ত থাকুন।



নিউইয়র্কে বাড়ি ক্রয় বিক্রয় আবাসিক ও কমার্শিয়াল, রিয়েল এস্টেট এজেন্ট, নোটারী পাবলিক।

**Md. Harunur Rashid (Milon)**
MSS.Pol.Science
ITP.CUNY, H&R Block
Cell: 718-341-3927
Email: harunur69@aol.com

**RASHID ENTERPRISE**
Bangladesh Plaza, 2nd Fl., #206, 37-15,73rd Street, Jacksone Heights, NY 11372
Tel: 718-458-0575, Fax: 347-642-3276

আমাদের নিকট নিম্নলিখিত সেবা পাবেনঃ

ইমিগ্রেশনঃ
ফ্যামিলি পিটিশন ও কে-ভিসা
ডিভোর্স কন্সিলিয়েশন
এভিডেন্সিয়ারি অব সাপোর্ট
বিনা পাইপায় সিটিজেনশীপ
এমপ্লয়মেন্ট অথরাইজেশন
সিএসএস সুলভ
ডিভিডেন্সি, এসাইলম, গ্রীনকার্ড রিনিউ

AUTHORIZED e-file PROVIDER
IRS authorised e-file provider

ইনকাম ট্যাক্সঃ
ব্যক্তিগত ও ব্যবসা
ট্যাক্সি ক্যাব ও ফুড ট্রেডার
পার্টনারশীপ, কর্পোরেশন
স্পেয়ারেল এন্ড সেলস ট্যাক্স
ব্যবসা সেটআপ
কর্পোরেশন ও এলএলসি গঠন

**FREE CONSULTATION!!!**
I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service

MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

**TAX - ACCOUNTING - NOTARY PUBLIC**
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স-একাউন্টিং-নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com




## ভ্রমণ

নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:

**বাংলা ট্যুর**
**৩৪৭ ২৮০ ৭২৬৯**


* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

**পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা**

**জয় ক্যাটারিং মেন্যু**

| প্যাকেজ -১ | প্যাকেজ-২ | প্যাকেজ-৩ | প্যাকেজ-৪ |
|---|---|---|---|
| ব্রেইন পোলাও<br>চিকেন রোস্ট<br>মিক্সড ভেজিটেবল<br>সালাড<br>ডিজার্ট | ব্রেইন পোলাও<br>চিকেন রোস্ট<br>সামি কাবাব<br>মিক্সড ভেজিটেবল<br>সালাড<br>ডিজার্ট | ব্রেইন পোলাও<br>চিকেন রোস্ট<br>গোট অথবা বিফ কারি<br>মিক্সড ভেজিটেবল<br>সালাড<br>ডিজার্ট | মটর পোলাও<br>চিকেন রোস্ট<br>সামি কাবাব<br>গোট অথবা বিফ কারি<br>মিক্সড ভেজিটেবল<br>সালাড<br>ডিজার্ট |
| $ 7.00 | $ 8.00 | $10.00 | $11.00 |

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

# যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত

(শেষের পাতার পর)

আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটে বিক্রি হয়ে যাবে। এ দলনের বিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেওয়া সত্যিই স্মার্ট কাজ।

কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তরাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে পরিণত করতে পারেন না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত যেসব কথা বলে থাকেন তা নিম্নরূপ:

**যোগাযোগ কম:** আপনি আশা করেন যে আপনার এজেন্ট আপনার বাড়ি বিক্রির কাজে ব্যস্ত থাকবেন। তার অর্থ হচ্ছে, সে অনেক সময় তার এই ব্যস্ততার জন্য হয়ত আপনার ফোন ধরতে পারবেন না। কিন্তু একজন বাজে রিয়েল এস্টেট এজেন্ট ভদ্রতার খাতিওে হয়ত আপনাকে কল ব্যক করবেন কিন্তু আপনার জন্য যে সসব বিষয় গুরুত্বপূর্ণ তা হয়ত আপনাকে বলতে ভুলে যাবেন, এবং সত্যিকার অর্থেই তারা গুরুত্বপূর্ণ যোগাযোগে ব্যর্থ।

**আপনাকে বারবার আশ্বাস দেবে কিন্তু সে আশ্বাস কাজে পরিণত করতে পারবে না:** এটা ঘটতে পারে আপনার বাড়ির লিস্টিং অথবা বিক্রির চুক্তি সাক্ষরের ক্ষেত্রে। একজন রিয়েল এস্টেট এজেন্ট আপনাকে সহজেই আপনার বাড়িটি বিক্রে করে দেওয়ার আশ্বাস দেবে। এজন্য তিনি ওয়েবসাইট, স্যোসাল মিডিয়া, ভিডিও ট্যুরস, প্রফেশনাল ফটোগ্রাফি-ইত্যাদিও মাধ্যমে বাড়িটি বাজারজাত করার উদ্যোগের কথা বলবেন। কিন্তু দেখা যাবে তিনি যেসব উদ্যোগ নেওয়ার কথা বলেছিলেন তার খুব কমই করতে পেরেছেন।

**উদ্ভট ফটোগ্রাফি ও ভিডিও:** ইদানিং ক্রেতারা বাড়ি ক্রয় করার কাজটি শুরু করেন, বাড়ির ছবি বা ভিডিও দেখে। ফলে বিক্রিত বাড়ির ছবি বা ভিডিও-এর ক্ষেত্রে প্রফেশনাল ছোঁয়া না থাকলে ক্রেতা আকর্ষন করা কঠিন। কিন্তু বাড়ি বিক্রেতার এজেন্ট হয়ত বলবেন যে তিনি এক্ষেত্রে সেরা কাজটি করবেন কিন্তু দেখা গেল তিনি যে ছবি ও ভিডিও দিয়েছেন তা কোন মতে করা হয়েছে এবং দায় সারা গোছের।

**আপনার বাড়িটি যে বাজাওে বিক্রি হবে সে বাজার সম্পর্কে অজ্ঞ:** আপনি অবশ্যয় চাইবেন আপনার বাড়িটি যে এলাকার আপনার এজেন্ট সে এলাকায় বাড়ি বিক্রি সম্পর্কে অভিজ্ঞ হবেন।

উপরোক্ত বিষয়সমূহে একজন ভাল রিয়েল এস্টেট এজেন্ট ভাল হলে সে হবে আপনার বাড়ির জন্য প্রকৃত এজেন্ট। আপনি যখন আপনার বিক্রি করার সিদ্ধান্ত নেবেন, আাপনি ভাল কওে জেনে নিন আপনি যে এজেন্ট নিয়োগ দিচ্ছেন ওপওে উল্লেখিত বিষয়গুলোতে আপনার এজেন্টের যোগ্যতা কেমন। এ বিষয়ে আপনি একটি চেক লিস্ট করতে পারেন এবং তার ভিত্তিতে আপনার জন্য যোগ্য এজেন্ট নিয়োগ দিন।

এ বিষয়গুলোতে চিন্তা কওে আপনি নিশ্চিত হন যে আপনি এমন কোন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দিচ্ছেন না যিনি আপনার স্বার্থ দেখার চেয়ে তার ওয়ালেট ভারী করার কাজে বেশী মনোযোগী।

**কি করবেন?** যখন আপনি বাড়ি বিক্রি করবেন তখন একজন ভাল রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেওয়া আপনার সফলতার জন্য খুবই গুরুত্বপূর্ণ। আপনার উচিত হবে এমন একজনের প্রতি নজর দেওয়া যে আপনার বাড়ি বিক্রির সকল পর্যায়ে আপনার সাথেই থাকবেন এবং আপনার স্বার্থ দেখবেন। রিয়েল এস্টেট বাজারে ভাল যোগাযোগ আছে একই সাথে আপনার সাথে ভালভাবে যোগাযোগ রক্ষা করতে পারে তেমন রিয়েল এস্টেট এজেন্ট বাড়ি বিক্রির জন্য মুল্যবান। সত্যিকার ভাল রিয়েল এস্টেট এজেন্ট এই বিষয়গুলো জানেন এবং তারা আপনার জন্য যথাসাধ্য করতে পিছুপা হন না। নিম্নে উল্লেখিত কাজগুলো খেয়াল করুন এবং যে আপনাকে প্রতারিত করতে পারে এমন যে কোন রিয়েল এস্টেট এজেন্টকে বর্জন করুন:


কখনো ডুয়েল এজেন্সী গ্রহণ করবেন না।

এমন রিয়েল এস্টেট এজেন্টকে মনোনীত করবেন না যে শুধু ওপেন হাউজকে প্রাধান্য দেয়। এমন কোন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেবেন না, যে শুধু বাড়ি বিক্রয় করাকে শুধু তার মূল্যের ওপর গুরুত্ব দেয়। গব সময় আপনার রিয়েল এস্টেট এজেন্টকে বাড়ির ইন্সপেকশনের সময় উপস্থিত থাকতে তাগাদা দিন। আপনার আশেপাশের এমন একজন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দিন যার বিশেষ সুনাম রয়েছে এবং ভাল ট্রাক রেকর্ড আছে।

উপরে উল্লেখিত টিপসগুলো ব্যবহার করে আপনি আপনার বাড়ি বিক্রয়ে সেরা সফলতা লাভ করতে পারেন।

বাড়ী ক্রয়-বিক্রয় বা মর্টগেজ সংক্রান্ত যে কোনো সমস্যায় আমরাও আপনাকে পরামর্শ দিতে পারি। লোন অপশন আপনার জন্য প্রযোজ্য হবে- এ ব্যাপারে আমাদের পর্যবেক্ষণ ও পরামর্শ আপনার জন্য উপকারী হতে পারে।

আপনি, আপনার পরিবার অথবা বন্ধু-বান্ধব যদি বাড়ি ক্রয় করার সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন, আপনার যোগ্য মর্টগেজ খুঁজে নিতে চান তাহলে ফ্রি কনসালটেন্টের জন্য এম কামাল সিপিএর সাথে যোগাযোগ করতে পারেন। অথবা wwwkamalmortgagetips.com লগ অন করে বিস্তারিত জেনে নিন। এ ছাড়াও এ বিষয়ে বিস্তারিত জানার জন্য ৭১৮-৫০৭-লোন (৫৬২৬) এই নাম্বারে যোগাযোগ করতে পারেন।







## রুম ভাড়া

করোনা এলাকায় সেভেন ট্রেনের কাছে একটি এপার্টমেন্টে একটি আলাদা রুম ভাড়া দেয়া হবে। কিচেন, বাথরুম শেয়ার করতে হবে। কেবলমাত্র পুরুষরা যোগাযোগ করুন। মাসিক ভাড়া ৩৫০ ডলার। কোন অতিথি আনা যাবে না। ফোন: ৭১৮-৫০৭-৪১৬৯
অ-২৫/ন-০১

## সাহায্যকারী আবশ্যক

নিউজার্সীর নিউ ব্রুন্সউইক-এ বসবাসরত একজন বয়স্কা প্যারালাইজড মহিলা রোগিনীকে সবসময় দেখাশুনা করার জন্য রোগিনীর বাসায় থাকতে আগ্রহী মহিলা সাহায্যকারী দরকার। আগ্রহীরা যোগাযোগ করুন। ফোন: ৯৭৩-৯৩১-৬০৫৯ (কলি)
অ-২৫/ন-০১/০৮/১৫

## রুম ভাড়া

ওজনপার্কের ৯৪-৫৭ ১৩৩ স্ট্রীট ঠিকানায় নিরিবিলি পরিবেশে বসবাসের জন্য শুধুমাত্র একজন কর্মজীবী মেয়ে অথবা নারী অথবা ছাত্রীকে রুম ভাড়া দেওয়া হবে। এ ট্রেন সাবওয়ে এবং বাস সার্ভিস বাসার কাছেই। ভাড়া আলোচনা সাপেক্ষ। যোগাযোগ: ৯২৯-৬০২-৯৯৬৬ অথবা ৫১৬-৮৮১-১১২৫
অ-২৫/ন-০১

## বাসা ভাড়া

কুইন্স ভিলেজে-এর ৯৩ এভিনিউ এবং ২১০ প্লেস-এ এক বেডরুমের বেসমেন্ট বাসা ভাড়া দেওয়া হবে। বাসার কাছেই কিউ১১০, কিউ৭৭, কিউ৩৬ আর কিউ১ এর বাস স্টপেজ। যোগাযোগ: ৯১৭-২২৬-৪৪২৩ (বাবলু)
অ-২৫/ন-০১

## বাসা ভাড়া

ব্রুকলীনের এফ ট্রেনের বেলপার্কওয়ে সাবওয়ে ষ্টেশন ও বি৬ বাস স্টপ একই ব্লকের মধ্যে ১ রুমের বাসা ভাড়া হবে। আলাদা লিভিং ও কিচেন। যোগাযোগ: ৭১৮-৮৫৯-৫১৪৯ অথবা ৭১৮৫৫২৬৯৩১
অ-২৫/ন-০১/০৮

## কন্ডো বিক্রয়

ব্রঙ্কস, পার্কচেস্টার, নিউইয়র্ক, ১ বেডরুমের কন্ডো বিক্রয় হবে। ৬ ট্রেন সাবওয়ে এবং মেসির নিকটে। Asking price $210000. Please contact # **934-234-7361**

## সেমিবেসমেন্টভাড়া

ব্রঙ্কস পার্কচেস্টার কাছে ৬ ট্রেনে ২২৫৭ নিউ বল্ড এভিনিউ সেমিবেসমেন্ট ২ বেড রুমের বাসা ভাড়া হবে। **যোগাযোগঃ ৭১৮-৮৬৪-৭৩৬৭**

## রুম ভাড়া

কুইন্সের পার্সন্স বলেভার্ড ও হিলসাইড এভিনিউ এলাকায় কর্মজীবি সিঙ্গেল অথবা স্বামী স্ত্রী'র কাছে একটি প্রাইভেট হাউজের রেনোভেটেড রুম ভাড়া হবে (দুটি ফুল বাথরুম আছে)। নিরাপদ ও শান্তিপূর্ণ পরিবেশ। যোগাযোগ: ৯১৭-৮০৬-৪৩৮৮
আ-০২

## রুম ভাড়া

করোনায় সেভেন ট্রেন সাবওয়ে থেকে দুই ব্লক দূরে একটি এপার্টমেন্টের এক বেডরুম একজন কর্মজীবির পুরুষের কাছে ভাড়া দেওয়া হবে। মাসিক ভাড়া ৩৫০ ডলার (গ্যাস ও ইলেক্ট্রিসিটি অন্তর্ভুক্ত নয়)। বাসায় গেষ্ট নেওয়া যাবে না। যোগাযোগ: ৭১৮-৫০৭-৪১৬৯
আ-০২

## অবশ্যক

প্রাথমিক কাজ মান সমপন্ন রান্না (fine cookings) এবং সাথে ষরমযঃ যড়ঁংবশবব়রহম। রান্নায় সখ এবং হাউসকিপিং এ অভিজ্ঞতা আছে এমন হলে ভাল হয়। পরিবারের সদস্য মাত্র ২ জন। আওয়ার ১৫.০০ ডলার। **যোগাযোগঃ ৭১৮ ২০৭-৩৭৫৭**

## বাসা ভাড়া

কুইন্স ভিলেজের ৮৮ এভিনিউ এবং ২১২ প্লেসে ডুপ্লেক্স বাড়ী ভাড়া হবে, ১লা নভেম্বর থেকে। ৩ বেডরুম, ১ বাথরুম (সেকেন্ড ফ্লোর), ১/২ বাথরুম, লিভিং, ডাইনিং, কিচেন (ফানস্ট ফ্লোর)। এফ ট্রেন এর লাস্ট স্টপেজ (১৭৯ স্ট্রীট)। বাস কিউ১, কিউ৩৬ ও কিউ৪৩। যোগাযোগ: ড্যানী (৬৪৬) ৫২৯-৫২৪০।
অ-০৪/১১

## রুমমেট আবশ্যক

জ্যাকসন হাইটসের প্রাইভেট হাইজে ৭১ ষ্ট্রীট ও ৩৫ এভিনিউ, মাছ বাজার সংলগ্ন ২ জন রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৬৪৬-৭৩৩-৭২৯৬ অথবা ৬৪৬-৭৩৩-৭২৭৯
অ-০৪/১১

## বাসা ভাড়া

ইষ্ট এলহার্স্ট-এর নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ ও ৩২ এভিনিউর উপরে প্রথম তলায় একটি দুই বেডরুমের বাসা ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩
আ-০২

## এপার্টমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৪৬ স্ট্রীট এবং ১০৫ এভিনিউতে তিন বেডরুম এবং দুই বাথরুমের এপার্টমেন্ট ভাড়া দেওয়া হবে। তিন ব্লকের মধ্যে এলআইআরআর এয়ার ট্রেন এবং সাবওয়ে। যোগাযোগ: ৭১৮-৮৮৬-০৮৫৪
জুলা-০৫/১২

## রুমমেট চাই

ব্রুকলীনের চার্চ-ম্যাকডোনাল্ডের সন্নিকটে ৪৬৫ ওশান পার্কওয়ে অ্যাপার্টমেন্ট বাসায় বিশাল একটি রুমে অধুমপায়ী পুরুষ রুমমেটের নিকট ভাড়া দেওয়া হবে। যোগাযাগে: ৬৩১-৫৬৮-১১৭৩
জু-২৮/জু-০৫

## অ্যাটিক ভাড়া

ব্রঙ্কসের পার্কচেষ্টার এলাকায়, জেরেগা সাবওয়ে থেকে মাত্র দুই ব্লকের মধ্যে এক বেডরুম, এক বাথরুম, লিভিং রুম, ডাইনিং স্পেস ও কিচেন সহ অ্যাটিক ভাড়া দেয়া হবে। বাংলাদেশী গ্রোসারী, মসজিদ ও স্কুল এক ব্লকের মধ্যে।
জু-২৮/জু-০৫

## বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা স্টেটের ৮৭ এভিনিউ এবং ১৮৮ স্ট্রীটের মাঝে দুই বেডরুমের বেসমেন্ট আগষ্ট মাস থেকে ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭-৬০৭-৩১৯৮ অথবা ৩৪৭-৫৫৮-৭৭৪
জু-২৮/জু-০৫

## আবশ্যক

একটি গ্যাস ষ্টেশনে কাজ করবার জন্য ফুল টাইম কেশিয়ার আবশ্যক। বিনিয়োগে করতে ইচ্ছুক হলে আলোচনা সাপেক্ষে তাকে পার্টনারশীপ দেয়া যেতে পারে। যোগাযোগ: **৯১৭-৭৪৪-৭৩০৮**

## বেসমেন্ট ভাড়া

কুইন্সের জ্যামাইকায় ২ বেডরুম/১ বেডরুমের বেসমেন্ট ছোট পরিবারের কাছে ভাড়া দেওয়া হবে। (হিন্দু হলে ভালো হয়। কারণ বাসার সবাই হিন্দু)। যোগাযোগ: গোপ (৩৪৭-৬০৫-৯৫৮২)
আ-৩০/সে-০৬

## আবশ্যক

বাংলাদেশী পরিবারের একটি দশ বছরের বাচ্চাকে সোমবার থেকে শুক্রবার বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৮টা পর্যন্ত দেখাশুনা করার জন্য একজন বাংলাদেশী মহিলা প্রয়োজন। ৩৫-৪৭ বছর বয়সী প্রার্থীকে ভালো ইংলিশ জানতে হবে। সেলারী ১৭ ডলার ঘন্টা। যোগাযোগ: ৯১৭-২৮৫-৩৭৯৪ অথবা ৩৪৭-৫৭৯-৯৮৭৮
জু-২৮/জু-০৫

## বেসমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজের নিরিবিলি পরিবেশে দুজন থাকার জন্য বেসমেন্ট স্টুডিও এপার্টমেন্ট সকল ইউটিলিটি ও ইন্টারনেট ভাড়া হবে। কিউ২ ও কিউ৮৩ বাস কাছাকাছি। ভাড়া ১১০০ ডলার। যোগাযোগ: ৩৪৭-৭৪৪-৭৩৩৯ অথবা ৩৪৭-৯২৩-১২৯৯
জুন-২১/২৮

## বেসমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজের ১৬০-১৯ ৭৬ এভিনিউতে বেসমেন্ট স্টুডিও এপার্টমেন্ট ইউটিলিটি এবং ইন্টারনেট ২জনের কাছে ভাড়া হবে। কিউ-২ এবং কিউ-৮৩ কাছাকাছি। শান্ত পরিবেশ। যোগাযোগ: ৩৪৭-৭৪৪-৭৩৩৯ অথবা ৩৪৭-৯২৩-১২৯৯
জুন-১৪/২১

## বাসা ভাড়া

জ্যামাইকার হিলসাইড এভিনিউ ও হাইল্যান্ড এভিনিউর মাঝে ১৬৯ স্ট্রীটে ৩ বেডরুমের বাসা জুলাই মাস থেকে ভাড়া দেওয়া হবে। লিভিং রুম, ডাইনিং, কিচেন ২ বাথরুম সহ। যোগাযোগ: ৯২৯-৩৯৮-৮২৮৩
জুন-১৪/২১

## বাসা ভাড়া

ওজোনপার্কের ১০৬-২৪ ৭৫ স্ট্রীটের সেকেন্ড ফ্লোরে এক বেডরুমের বাসা জুলাই মাস থেকে ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭-৬০৩-৩১৯৭ অথবা ৩৪৭-৫৫৮-৬৭৭৪ জুন-১৪/২১

## কন্ডো বিক্রি

ব্রঙ্কসের পার্কচেষ্টারে নিউলি রেনোভেটেড ২ বেডরুমের কন্ডো বিক্রি করা হবে। এটি এখনই বসবাসযোগ্য। যোগাযোগ: ৯১৭-৮৯২-৭৫০০
অ-২৫/ন-০১

## লোক আবশ্যক

জমজমাট রেস্টুরেন্ট এবং ভালো পরিবেশে কাজের জন্য জারুরী ভিত্তিতে অভিজ্ঞ তান্দুরী শেফ আবশ্যক। **যোগাযোগঃ +১ (৫১৬) ৯৭৪-৬৮৭২**

## রেস্টুরেন্ট বিক্রি

জমজমাটপূর্ণ খুবই ভালো লোকেশনে একটি রেস্টুরেন্ট বিক্রি হবে। **যোগাযোগঃ +১ (৫১৬) ৯৭৪-৬৮৭২**

## আবশ্যক

ব্রঙ্কসে বাংলাদেশী পরিবারের একটি দশ বছরের বাচ্চাকে সোমবার থেকে শুক্রবার বেলা ৩টা থেকে সন্ধ্যা ৮:৩০ ঘটিকা পর্যন্ত দেখাশুনা করার জন্য একজন বাংলাদেশী মহিলা প্রয়োজন। ইংলিশ জানা ৩৫ থেকে ৪৭ বছরের মধ্যে। প্রতি ঘন্টা ১৭ ডলার। যোগাযোগ: ৯১৭-২৮৫-৩৭৯৪ আবশ্যক ৩৪৭-৫৭৯-৯৮৭৮
অক্টো-১১/১৮

## সেমিবেমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৭৯ ষ্ট্রীট এফ ট্রেন সাবওয়ের সন্নিকটে সেমিবেসমেন্ট নামাজি কর্মজীবি ২ জন মহিলা অথবা স্বামী/স্ত্রীর নিকট ১ নভেম্বর থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৬৪৬-২৫৫-৮৯২৩
অক্টো-১১/১৮

## পারমিট ভাড়া

দুই বৎসরের সিটিওয়াইড ফুলটাইম জায়রোর পারমিট ভাড়া দেয়া হবে।
যোগাযোগঃ টিপু আহমেদ
**৩৪৭-৪৫৯-৪৮৯১**
অ-০৪/১১


## জমি বিক্রয়

খুলনা শহরের বানিয়া খামার মৌজার মিস্ত্রি পাড়ায় খালপাড় রোডে ৫ কাঠা জমি বিক্রি হবে। যোগাযোগ: ৩৪৭-৯৪৪-৪১৮১ (সকাল ১০টা থেকে রাত ১০টা পর্যন্ত)
অক্টো-১১/১৮

## গাড়ি ভাড়া

উবার/ লিফটটের জন্য ২০২১ টুসান হুন্দাই ০ মাইলেজ গাড়ি ভাড়া হবে। **যোগাযোগঃ ৯২৯-৩৯৩-৬৮০৭**

**One Bedroom CONDOMINIUM FOR SALE**
1510 Union Port Road,Bronx ,NY-10462.Asking Price $199,000.00
Common Charge $ 804.69 . Living area Sqft 613.more Info please contact




## আবশ্যক

ফ্লোরিডার কিওয়েষ্ট-এ গ্রোসারী স্টোরে কাজের জন্য জরুরী ভিত্তিতে লোক আবশ্যক। ভালো সুযোগ-সুবিধা সহ থাকার ব্যবস্থা রয়েছে। শান্তিপ্রিয় এলাকা, জিরো ক্রাইম, যাতায়াতের জন্য গাড়ীর প্রয়োজন নেই। বাসা থেকে স্টোর হাঁটা পথ। প্রার্থীর কমপিউটার ব্যবহার জানা থাকলে ভালো।

**যোগাযোগ: ৩০৫-৮৯৬-৯৫৪৭**

জুন-২১/২৮

## বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!

**শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার**
**Bangladesh Center Inc**
**ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২**

## মুসলিম কাজী অফিস

Imam & Khatib
**Bangla Bazar Jame Masjid**
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



**Quazi Moulana Abul Kashem Eahea**
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
**Marriage Registrar New York State**
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
**Tel: 347-208-9055**
Email:abuleahea@gmail.com

## MATRIMONIAL SERVICE

## কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY
**KAZI MOWLANA MD. ABUL KHAIR**
IMAM & KHATUB
**MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.**
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444

# জীবন-মৃত্যুর ফিতনা

(শেষের পাতার পর)

পড়ে তখন সে যেনো চারটি জিনিস থেকে রক্ষা পাওয়ার প্রার্থনা করে এ বলে দু'আ করে...আল্লাহুম্মা ইন্নি আউযু বিকা মিন আযাবি জাহান্নাম ওয়া মিন আযাবিল কবওে ওয়া মিন ফিতনাদিল মাহ্ইয়া ওয়াল মামাতি ওয়া মিন শাররি ফিতানাতিল মাসিহিদ দাজ্জাল ।" অর্থাৎ হে আল্লাহ! আমি তোমার কাছে জাহান্নাম ও কবরের আযাব থেকে জীবন ও মৃত্যুর ফিতনা থেকে এবং মাসিহ দাজ্জালের ফিতনার ক্ষতি থেকে তোমার কাছে আশ্রয় চাই ।" (মুসলিম: ১২১১, কিতাবুল মাসাজিদে.....বাবু মা ইসতাআযু..... বুখারী ১৩৮৮)

হাদীসটিতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম চারটি জিনিস থেকে আল্লাহর কাছে আশ্রয় চাইতে বলেছেন । চারটির একটি হলো, "জীবন-মৃত্যুর ফিতনা" । জীবন-মৃত্যুর ফিতনা বলতে বুঝায়, একান্তই সীমিত ক্ষণস্থায়ী দুনিয়ার জীবনের জন্য মৃত্যু পরবর্তি জীবনকে ভুলে যাওয়া । যারা জীবন ও প্রচেষ্টার ফলাফলকে কেবল এ দুনিয়া পর্যন্ত সীমাবদ্ধ মনে করে এবং যারা এমন কোন আদালতকে স্বীকার করবে না যেখানে মানুষের সারা জীবনের সমস্ত কাজ যাচাই-পর্যালোচনা করে তার দোষ-গুণের শেষ ও চুড়ান্ত ফায়সালা করা হবে এবং যখন সে মৃত্যুর পরে এমন কোন জীবনের কথা স্বীকার করবে না যেখানে দুনিয়ার জীবনের কর্মকা-ের প্রকৃত মূল্য ও মর্যাদা অনুযায়ী যথাযথ পুরস্কার ও শাস্তি দেয়া হবে তখন অনিবার্যভাবে তার মধ্যে একটি বস্তুবাদী দৃষ্টিভঙ্গি বিকাশ লাভ করবে । তার কাছে সত্য ও মিথ্যা, হালাল-হারাম, তাওহীদ, পাপ,পূন্য এবং সচ্চরিত্র অসচ্চরিত্র যাবতীয় আলোচনা একেবারেই অর্থহীন মনে হবে । সে জীবন-মৃত্যুর ফিতনায় নিমজ্জিত হবে ।

ফলে এ দুনিয়ায় যা কিছু তাকে ভোগ, আরাম-আয়েশ, বস্তুগত উন্নতি, সমৃদ্ধি এবং শক্তি ও কর্তৃত্ব দান করবে, তা যে কোন উপায়ে হোক না সেটিকেই সে কল্যাণকর উপায় মনে করবে । এর জন্য যদি লক্ষ-কোটি মানুষ তার এই কর্মপন্থার দুর্ভোগের সম্মুখীনও হয় তাতে তার মাথা ব্যথা নেই । তার মুল আকাংখা হবে কেবলমাত্র দুনিয়ার জীবনের সৌন্দর্য ও সাফল্য । এগুলো অর্জন করার চিন্তা তাকে বিপথে টেনে নিয়ে যাবে । এ উদ্দেশ্যে সে যা কিছুই করবে তাকে নিজের দৃষ্টিতে মনে করবে বড়ই কল্যাণকর ও জীবনের প্রকৃত সফলতা । যারা তার মতো বৈষয়িক স্বার্থোদ্ধারে ডুব দেয়নি এবং চারিত্রিক সততা ও অসততা থেকে বেপরোয়া হয়ে স্বেচ্ছাচারিতার মত জীবন পরিচালনা করেনি, বরং সুখে দু:খে ও কষ্টে-শিষ্টে কোন মতে জীবন চলে যায়, তাদেরকে সে বোকা ও ব্যর্থ মনে করে ।

তখন আল্লাহও তাদের এ কাজকে শোভন বানিয়ে দেন । তাদের অসৎকাজগুলো আল্লাহ শোভন করে দেন মানে তাদের দৃষ্টিভংগীকে সে দিকেই প্রসারিত করে দেন । আল কুরআনে শয়তান তাদের কাজকে শোভন করে দেয়ার কথাও বলা হয়েছে । শয়তার শোভন করে দেয়ার অর্থ হচ্ছে, শয়তান এই বলে ভালোভাবে আশ্বাস দিতে থাকে সাবাস! বেটা খুব চমৎকার কাজ করছো । এগিয়ে যাও তোমাকে ঠেকায় কে? তুমিই সফল । ফলে সে আখিরাতে ঘর ভেঙ্গে দুনিয়ার ঘর নির্মাণ করে । দুনিয়ার পথকে মসৃণ করে আখিরাতের পথকে কন্টকাকির্ণ করে । এটিই হলো, জীবন-মৃত্যুর ফিতনা । তারা আখিরাত টাখিরাত বিশ্বাস করে না । তারা মনে করে মৃত্যুর পর পঁচে-গলে মাটির সাথে মিশে যাবো । সুতরাং যতক্ষণ পারো দুনিয়াকে লুটেপুটে খেয়ে যাও । দুনিয়াটাই মস্ত বড় ।

লেখক: ম্যানেজার, আইবিবিএল, জিন্দাবাজার শাখা, সিলেট ।

# পাঁচ দিনব্যাপী 'নিউইয়র্ক বাংলা বইমেলা' শুরু ২৮ অক্টোবর

(শেষের পাতার পর)

বাইরে সবচেয়ে বড় ও দীর্ঘস্থায়ী বইমেলা হিসেবে স্বীকৃত । করোনা মহামারীর কারণে মাঝে একটি বছর প্রকাশ্যে বইমেলা করা সম্ভব হয়নি । এবারও শেষ পর্যন্ত ভার্চুয়ালি, নাকি সরাসরি সবার অংশগ্রহণে মেলা হবে এ নিয়ে এক ধরণের দ্বিধা ছিল । তবে আয়োজকরা জানিয়েছেন, শেষ পর্যন্ত প্রকাশক, পাঠক ও সাংস্কৃতিক কর্মীদের সরাসরি অংশগ্রহণে অনুষ্ঠিত হবে এবারের বইমেলা । এবারের বইমেলার আহবায়ক একুশে পদক বিজয়ী লেখক ড. নুরুন নবী ।

মুক্তধারা ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও সিইও বিশ্বজিত সাহা জানিয়েছেন, বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছরে এবারের মেলাকে ভীন্ন আঙ্গিকে সাজানো হয়েছে । বাংলাদেশ ও ভারত থেকে অনেক গুরুত্বপূর্ণ ব্যক্তিরা এতে সরাসরি অংশ নেবেন । সেই সঙ্গে বইমেলারও ৩০ বছর পূর্ণ হচ্ছে । এই মাইলফলকটিও স্মরণীয় করে রাখার চেষ্টা হচ্ছে বলে জানান তিনি । বিশ্বজিত সাহা বলেন, 'দীর্ঘস্থায়ী এই মেলার উপর মানুষের আস্থা ও ভালোবাসাই আমাদের সবচেয়ে বড় অর্জন । আশা করছি, এবারও সফল একটি আয়োজন করা সম্ভব হবে' ।

আয়োজকরা জানিয়েছেন, এবারের বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানটি হবে নিউইয়র্কের কুইন্সের লাগোর্ডিয়া মেরিয়ট হোটেলের বলরুমে । জাঁকজমকপূর্ণ মেলার উদ্বোধন করবেন কবি আসাদ চৌধুরী । আর প্রধান অতিথি থাকবেন বাংলাদেশ সরকারের সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ । অন্যান্যের মধ্যে উপস্থিত থাকবেন বাংলা একাডেমীর মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদা, জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক মিনার মনসুরসহ অনেক লেখক-সাহিত্যিক ও প্রকাশক । সঙ্গীত পরিবেশন করবেন রথীন্দ্রনাথ রায়, শহীদ হাসান, কাদেরী কিবরিয়া, কাবেরি দাশ, নবনিতা চৌধুরী, শাহ মাহবুব এবং পারমিতা মুমু । এ ছাড়া লেখক ও সাংবাদিক শামীম আল আমিনের পরিচালনায় দ্য কনসার্ট ফর বাংলাদেশ এর উপর ভিত্তি করে নির্মিত প্রামাণ্যচিত্রএকটি দেশের জন্য গান মেলায় প্রদর্শিত হওয়ার কথা রয়েছে ।

সংশ্লিস্টরা আরো জানান, ২৮ অক্টোবর বৃহস্পতিবার সন্ধ্যঅ সাড়ে ৬টায় বই মেলার উদ্বোধন হবে লাগোর্ডিয়া এয়ারপোর্ট ম্যারিয়ট হোটেলেন বলরুমে । অনুষ্টান চলবে রাত ১১টা পর্যন্ত । উদ্বোধনী অনুষ্ঠানের পরেরদিন ২৯ অক্টোবর শুক্রবার বাংলাদেশের সেরা প্রকাশনা সংস্থাগুলো বইয়ের পসরা সাজিয়ে বসবেন জ্যাকসন হাইটের জুইশ সেন্টারে । সেখানে মেলা চলবে প্রতিদিন বিকাল ৪ টা থেকে রাত ১১টা পর্যন্ত । শেষ হবে ১ নভেম্বর সোমবার । লেখক ও প্রকাশকদের অংশগ্রহণে বিভিন্ন অনুষ্ঠান থাকবে বলে জানান তিনি । এছাড়াও ৩০ অক্টোবর শনিবার ৭৭ স্ট্রীটে আয়োজন করা হবে পথমেলা ।

এদিকে এবার নিউইয়র্ক বাংলা বইমেলায় উপমহাদেশের বরেণ্য কথাসাহিত্যিক সমরেশ মজমুদারকে মুক্তধারা-জিএফবি সাহিত্য পুরস্কার প্রদান করা হচ্ছে বলে সংশ্লিস্ট সূত্রে জানা গেছে । সাহিত্যে অনন্য কীর্তির জন্য আগামী ২৮ অক্টোবর মেলার প্রথম দিন আনুষ্ঠানিকভাবে এই পুরস্কার হস্তান্তর করা হবে । ড. নুরুন নবী জানিয়েছেন, 'মুক্তধারার নির্বাহী পরিষদের এক বৈঠকে সমবেশ মজুমদারকে এবারের পুরস্কার দেয়ার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত নেয়া হয়েছে' ।

উল্লেখ্য, এর আগে মুক্তধারা সাহিত্য পুরস্কার পেয়েছেন কবি নির্মলেন্দু গুণ, বাংলা একাডেমির সাবেক সভাপতি শামসুজ্জামান খান, বিশ্ব সাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা আবদুল্লাহ আবু সায়ীদ, কথাসাহিত্যিক দিলারা হাশেম ও কথাসাহিত্যিক সেলিনা হোসেন । ছয় বছর আগে নিউইয়র্ক বইমেলা এই বার্ষিক সাহিত্য পুরস্কার প্রবর্তন করে । বর্তমানে এর নাম মুক্তধারা-জিএফবি সাহিত্য পুরস্কার । মুক্তধারার অন্যতম উপদেষ্টা গোলাম ফারুক ভুঁইয়ার অর্থানুকুল্যে প্রতিষ্ঠিত এই পুরস্কারের অর্থমূল্য ২,৫০০ ইউএস ডলার ।

# 'মোদির দলে যোগ দিলেই

(শেষের পাতার পর)

মহারাষ্ট্রের মন্ত্রী ছগন ভুজবল । শনিবার (২৩ অক্টোবর) মুম্বাইয়ে নিজের দল মহাজোটের শরিক ন্যাশনাল কংগ্রেস পার্টির (এনসিপি) এক অনুষ্ঠানে এ দাবি করেন তিনি ।

ছগন ভুজবল বলেন, শাহরুখ যদি এই মুহূর্তে ক্ষমতাসীন দলে নাম লেখান, তবে মুম্বাইয়ের প্রমোদতরী থেকে উদ্ধার হওয়া মাদক, যা নিয়ে প্রতিদিন নতুন নতুন তথ্য সামনে আসছে, তা স্রেফ চিনির গুঁড়া বলে প্রতিপন্ন হবে ।

গুজরাটের মুন্দ্রা বন্দরে বিপুল পরিমাণে মাদক উদ্ধারের পর এই নেতা বলেন, দেশের জাতীয় মাদক নিয়ন্ত্রক ব্যুরো সেই ঘটনার তদন্ত না করে শাহরুখের পেছনে পড়ে আছে । শাহরুখ যদি বিজেপিতে যোগ দেন, তবে ওই মাদক এখনই চিনির গুঁড়ায় পরিণত হবে ।

গত ২ অক্টোবর মুম্বাইয়ের একটি প্রমোদতরীতে অভিযান চালিয়ে মাদক উদ্ধার করে ভারতের জাতীয় তদন্তকারী সংস্থা (এনসিবি) । ওই পার্টিতে ছিলেন শাহরুখের ছেলে আরিয়ান খান । মাদক মামলায় ৩ অক্টোবর গ্রেফতার করা হয় আরিয়ানকে । গত ৮ অক্টোবর থেকে মুম্বাইয়ের আর্থার রোড জেলে আছেন আরিয়ান । তার জামিনের আবেদন বার বার খারিজ হয়েছে আদালতে ।

**শাহরুখপুত্র আরিয়ানের মামলায় ১৮ কোটি রূপি ঘুষ লেনদেনের অভিযোগ**

এদিকে মাদককান্ডে গ্রেফতার হয়ে জেলে আছেন বলিউড তারকা শাহরুখ খানের ছেলে আরিয়ান খান । এই কেসে এবার চাঞ্চল্যকর তথ্য বেরিয়ে এলো । মামলার এক সাক্ষী ১৮ কোটি রূপি ঘুষ লেনদেনের অভিযোগ তুলেছেন । এমনকি নারকোটিক ব্যুরোর এক কর্মকর্তা আট কোটি রূপি নিয়েছেন- এমন কথাও বলেছেন ওই সাক্ষী ।

রোববার (২৪ অক্টোবর) এসব জানিয়েছে ভারতীয় গণমাধ্যম এনডিটিভি । এক প্রাইভেট ইনভেস্টিগেটর কেপি গোসাবি, স্যাম ডিসুজা এবং নারকোটিক ব্যুরোর অফিসার সামির ওয়াংখেড়ের বিরুদ্ধে ঘুষ লেনদেনের অভিযোগ উঠেছে । অভিযোগ দিয়েছেন, গোসাবির বডিগার্ড ও মামলার সাক্ষী প্রভাকর শীল ।

বলা হয়েছে, গোসাবি ও ডিসুজার মধ্যে ১৮ কোটি রূপির ডিল হয়েছে এটা শুনেছেন প্রভাকর । এরমধ্যে আট কোটি রূপি নাকি ওয়াংখেড়ে নেবেন । এমনকি গোসাবির কাছ থেকে টাকাগুলো নিয়ে ডিসুজাকে পৌঁছে দিয়েছেন শীল ।

# অনিদ্রা দূর করবে যেসব

(শেষের পাতার পর)

শর্ত । পাশপাশি ত্বকের সুস্থতা, রোগ প্রতিরোধ ক্ষমতা, চুল অকালে পড়ে যাওয়াসহ একাধিক সমস্যার কারণ অপর্যাপ্ত ঘুম ।

অনেকেই আছেন যারা বালিশে মাথা রাখলেই ঘুমিয়ে পড়েন । কিন্তু কারো কারো ঘুমের জন্য রীতিমতো সাধনা করতে হয় । তাই দ্রুত ঘুমাতে চাইলে প্রতিদিনের খাদ্যাভাসে পারবির্তন আনতে হবে । এর জন্য যে অনেক নামিদামি খাবার খেতে হবে এমনটা নয় । আপনার পরিচিত কিছু খাবার নিয়মিত খেলেই আরামের ঘুম চোখে ভর করবে বিছানাতে গেলেই । তাহলে জেনে নিন খাদ্যতালিকায় কোন কোন খাবার রাখলে অনিদ্রা সমস্যা দূর করে আপনাকে তাড়াতাড়ি ঘুমাতে সাহায্য করবে ।

সুনিদ্রার জন্য উষ্ণ দুধ পান খুবই প্রচলিত রীতি । দুধের সেরোটোনিন উপাদান মস্তিষ্কের ওপর যে প্রভাব ফেলে তার প্রভাবে ঘুম আসতে সুবিধে হয় । রাতে যাদের ঘুমের সমস্যা হয় তার গরম দুধ পানের অভ্যাস করতে পারেন ।

ভালো ঘুমের জন্য নৈশভোজের পর ক্যামোমাইল চা পান বেশ কার্যকর । স্নায়ুতন্ত্রের ওপর এই পানীয়ের কোমল প্রভাবে অনিদ্রা সমস্যা দূর হয় । অ্যান্টিঅক্সিড্যান্ট যৌগ অ্যাপিজেনিনের ফলে উদ্বেগ দূর হয় এবং ভালো ঘুম আসে ।

খাদ্যগুণের দিক থেকে কলা প্রিবায়োটিক । অর্থাৎ কলায় যে উৎসেচক আছে তার ফলে প্রোবায়োটিক উৎপন্ন হয় । ভারতে সাম্প্রতিক কিছু গবেষণায় দেখা গিয়েছে, প্রিবায়োটিক খাবার উদ্বেগ দূর করে সুনিদ্রয় সহায়ক ।

যাদের ঘুমের সমস্যা আছে তারা চেরি খেতে পারেন । কারণ চেরিতে আছে মেলাটোনিন । এর প্রভাবে সুনিদ্রায় সহায়ক পরিস্থিতি তৈরি হয় । মানসিক স্বাস্থ্যের উপরেও এর সুপ্রভাব আছে । দুশ্চিন্তা দূর করে চেরি । প্রতিদিন ১০ থেকে ১২টি চেরি খেলে রাতে ঘুম আসতে সমস্যা হয়না ।

ভালো ঘুমের জন্য রাতের খাবারে যোগ করতে পারেন মধু । কারণ মধুর প্রভাবে সেরোটোনিন রূপান্তরিত হয় মেলাটোনিনে । এই রাসায়নিক যৌগ সুনিদ্রায় দারুণ সহায়ক ।


# Dhaka University Alumni Association USA. Inc.

## ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন ইউএসএ, ইন্ক

## নির্বাচনী বিজ্ঞপ্তি ২০২১

নির্বাচনী কার্যালয়ঃ ১৪৬-১০ হিলসাইড এভিনিউ, ২য় তলা, জ্যামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫

ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের সম্মানিত সদস্য/সদস্যাদের জ্ঞাতার্থে কার্যকরী পরিষদের আসন্ন নির্বাচনে অংশগ্রহণের জন্য নির্বাচন কমিশন অফিস থেকে নিম্নে সময়সূচী ঘোষণা করা হলোঃ

**মনোনয়ন পত্র সংগ্রহ ঃ** ১০ই নভেম্বর,বুধবার ২০২১ সন্ধ্যা ৬টা থেকে রাত ৮টা
**মনোনয়ন পত্র দাখিল ঃ** ১৪ই নভেম্বর, রবিবার ২০২১ বিকাল ৬টা থেকে রাত ৮টা
**মনোনয়ন পত্র প্রত্যাহার ঃ** ২১শে নভেম্বর, রবিবার ২০২১ সন্ধ্যা ৬টা থেকে রাত ৮টা

**নির্বাচন ঃ ১২ই ডিসেম্বর, রবিবার ২০২১**
**মেয়াদঃ ২০২২-২০২৩**
**বিকাল ৩টা হইতে রাত ৮টা**
**স্থানঃ ১৪৬-১০ হিলসাইড এভিনিউ, ২য় তলা, জ্যামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫**

**সুফিয়ান খান**
ডেপুটি চেয়ারম্যান
নির্বাচন কমিশন
৬৪৬-৩২২-৬৪৮২

**মোঃ তৈয়েবুর রহমান হারুন**
চেয়ারম্যান
নির্বাচন কমিশন
৯১৭-৩৯২-৮৯৩২

**মোঃ সাইফুল ইসলাম খান**
ডেপুটি চেয়ারম্যান
নির্বাচন কমিশন
৮৬২-২৬৭-৫৫৫৮

**সদস্যপদ গ্রহণ ও নবায়নের জন্য আহ্বান**

'ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের কার্যকরী পরিষদ' আগামী ৫ই নভেম্বর, শুক্রবার ২০২১ রাত ৮টার মধ্যে সংগঠনের নির্ধারিত ফরম পূরণ করে সদস্যপত্র গ্রহণ/নবায়ন করে ভোটার হবার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছে ।

**মোহাম্মদর হোসেন খান**
সভাপতি
ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন
৫১৬-৩৪৩-৯৪৫৬

**নিবেদক**

**গোলাম মোস্তফা**
সাধারণ সম্পাদক
ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন
৯১৭-৪৪০-৭৮৩২





## সাংবাদিক ইয়াসমিন

(শেষের পাতার পর)

শনিবার সন্ধ্যায় নিউইয়র্কের বাংলাদেশী অধ্যুষিত ব্রঙ্কসে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বৃহত্তর কুমিল্লা সমিতি ইউএসএ'র সভাপতি বিশিষ্ট চিকিৎসক ডা. এনামুল হক।

কুমিল্লা সোসাইটি অব ইউএসএ ইনক'র সভাপতি আবুল খায়ের আখন্দ'র সভাপতিত্বে সম্বর্ধনা সভা সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক এইচ এম মিজানুর রহমান। সভায় বক্তব্য রাখেন কমিউনিটি অ্যাক্টিভিষ্ট আইনজীবী এন মজুমদার, সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, শিক্ষা উদ্যোক্তা মোশাররফ হোসেন খান চৌধুরী, সংগীত শিল্পি আলিয়া ফেরদৌসী, বাংলাদেশ সোসাইটির সাবেক নির্বাচন কমিশনার ইউনুস সরকার, কুমিল্লা সোসাইটির সাবেক সভাপতি আবুল বাশার মিলন, বৃহত্তর কুমিল্লা সমিতির সিনিয়র সহ সভাপতি মিয়া মোহাম্মদ দুলাল, কুমিল্লা সোসাইটির সহ সভাপতি মিয়া মোহাম্মদ দাউদ, অধ্যক্ষ মোহাম্মদ ছানা উল্লাহ, কমিউনিটি নেতা জালাল আহমেদ চৌধুরী, তোফায়েল চৌধুরী, সাংবাদিক জামাল আহমেদ, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট নুরে আলম জিকুসহ নিউইয়র্ক প্রবাসী কুমিল্লাবাসী।

অনুষ্ঠানে সাংবাদিক ইয়াসমিন রীমা বলেন, বিগত ২৩ বছরের সাংবাদিকতায় আজকের দিনটি আমার জন্য স্মরণীয়। তিনি বলেন, ছোট ছোট লেখাগুলো জমে আজ অনেক হয়েছে। সাংবাদিকতায় জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে এ পর্যন্ত ১৪টি সম্মাননা পেয়েছি। কিন্তু আজকের সম্মাননাটি আমার কাছে অনেক বড়। তিনি বলেন, প্রবাসীরা দেশের সম্পদ। আপনারা এক একজন দেশের একটি ইন্সটিটিউশন। আপনাদের অবদান তুলে ধরাই আমাদের কাজ। আপনাদের অবদানেই এগিয়ে যাচ্ছে আজকের বাংলাদেশ।

সম্বর্ধনা সভায় সকল বক্তাই কুমিল্লা নামে বিভাগ বাস্তবায়নের দাবি জানান। তারা বলেন, কুমিল্লা নামেই বিভাগ চাই, এ ব্যাপারে আপোষ নাই।

উল্লেখ্য, সাংবাদিক ইয়াসমিন রীমা নিউইয়র্কে অনুষ্ঠিত জলবায়ু বিষয়ক সাংবাদিকতা আন্তর্জাতিক একটি সেমিনারে যোগ দিতে যুক্তরাষ্ট্রে আসেন। আগামী ২৬ অক্টোবর তিনি দেশে ফিরে যাবেন।

## নতুন কোচ পেল

(শেষের পাতার পর)

জাতীয় দলের প্রধান কোচের দায়িত্ব দেওয়া হয়েছে আবাহনীর পর্তুগিজ কোচ ম্যারিও ল্যামোসকে। জাতীয় দল কমিটির চেয়ারম্যান ও বাফুফের সহসভাপতি কাজী নাবিল আহমেদ বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি বলেন, 'আবাহনীর কোচ ম্যারিও ল্যামোসকে আমরা শ্রীলংকার চার জাতির টুর্নামেন্টের প্রধান কোচ হিসেবে দায়িত্ব দেওয়ার সিদ্ধান্ত নিয়েছি। আশা করছি আজকের মধ্যেই তিনি ভিসা পাবেন এবং খুব শিগগির বাংলাদেশে ফিরবেন।'

আগামী ২৫ অক্টোবর থেকে শ্রীলংকা টুর্নামেন্টের জন্য বাংলাদেশ দলের ক্যাম্প শুরু করবে। প্রসঙ্গত, সাফ চ্যাম্পিয়নশিপে বসুন্ধরা কিংসের কোচ অস্কার ব্রুজোন জাতীয় দলের কোচের দায়িত্ব পালন করেছেন। তার আগে জামাল ভূঁইয়াদের কোচ ছিলেন ব্রিটেনের জেমি ডে। কিন্তু তার পারফরম্যান্সে বাফুফে অসন্তুষ্ট হয়ে তাকে তিন মাসের জন্য দায়িত্ব থেকে সাময়িক বিরতি দেয়।

## সচেতন প্রবাসী ও বিশিষ্ট

(শেষের পাতার পর)

অশুভ শক্তির বিরুদ্ধে জাতীয় ঐক্য গড়ে তুলতে হবে।

রোববার (২৩ অক্টোবর) প্রেরিত বিবৃতিতে তারা বলেন, বাংলাদেশে সম্প্রতি সংঘটিত সাম্প্রদায়িক সহিংসতার খবরে আমরা যারপর নাই উদ্বিগ্ন ও মর্মাহত। আমরা এর তীব্র নিন্দা জ্ঞাপন করছি। সঠিক তদন্তের মাধ্যমে প্রকৃত দোষীদের সনাক্ত করে তাদেরকে বিচারের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের জন্য সরকারের প্রতি জোর দাবী জানাচ্ছি। অনেক ঘাত-প্রতিঘাতের মধ্য দিয়ে এই করোনা সময়েও আমরা যখন সামনের দিকে এগিয়ে যাচ্ছি, তখন হঠাৎ শান্তিপূর্ণ অবস্থার মধ্যে, কেন এই সহিংসতা? অবশ্যই এই প্রশ্নের উত্তর আমাদের খুঁজে পেতে হবে। আমরা দেশবাসীকে যেকোন উস্কানীর মুখে কোন পাতানো ফাঁদে যেন পা না দিই, সেই সম্পর্কেও সদা সতর্ক থাকার জন্য আহ্বান জানাচ্ছি। বহু রক্ত, ঘাম, ইজ্জত ও আত্মত্যাগের বিনিময়ে অর্জিত স্বাধীন বাংলাদেশের ললাটে এই বর্বর সহিংসতা এঁকে দিয়েছে কলংকের কালিমা। এযেন আমাদের সেই চিরচেনা বাংলাদেশ নয়, যেখানে হাজার বছর ধরে মুসলমান, হিন্দু, বৌদ্ধ, খৃষ্টান ও সকল ধর্মমতের মানুষ মিলে-মিশে বাস করে আসছি এবং যা ছিল সাম্প্রদায়িক সম্প্রীতির এক উজ্জল দৃষ্টান্ত। এই ক্ষেত্রে মনে রাখতে হবে যে, সাম্প্রদায়িকতা হচ্ছে স্বাধীনতা, শান্তি ও সভ্যতার চির শত্রু। তাই সাম্প্রদায়িক সম্প্রীতির কোন বিকল্প নেই বিধায়, দেশ ও মানবতা বিরোধী এই অশুভ শক্তির বিরুদ্ধে সকল শুভশক্তি তথা জনগণ ও গোটা জাতিকে ঐক্যবদ্ধ হওয়ার জন্য আমরা উদাত্ত আহ্বান জানাচ্ছি।

আসুন দল, মত, জাতি, ধর্ম, বর্ণ, পেশা ও শ্রেনী নির্বিশেষে অসাম্প্রদায়িক রাজনীতি, স্বাধীনতা ও সার্বভৌমত্বের পতাকা উর্দ্ধে তুলে ধরি।

**উল্লেখিত বিবৃতিতে সম্মতি প্রদানকারীরা হলেন:** কবি, লেখক, পরিবেশবিদ ও সোস্যাল অ্যাক্টিভিষ্ট, আতিকুর রহমান সালু (নিউজার্সী, যুক্তরাষ্ট্র), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও একুশে পদকপ্রাপ্ত ড. জসিম উদ্দিন আহমেদ (কানাডা), ফার্মাসিস্ট, লেখক ও পরিবেশবিদ সৈয়দ টিপু সুলতান (নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র), সিডনী ইউনিভারসিটি'র অধ্যাপক ও জাতিসংঘের সাবেক কর্মকর্তা ড. আনিসুজ্জামান চৌধুরী (অস্ট্রেলিয়া), সাউথ ক্যারোলিনা ষ্টেট ইউনিভারসিটির অধ্যাপক, ড. শফিকুর রহমান (যুক্তরাষ্ট্র), সাপ্তাহিক আজকাল-এর প্রধান সম্পাদক মনজুর আহমদ (নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র), লেখক ও বাংলাদেশ ফেডালের সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে) এর সৈয়দ শফিক উদ্দিন আহমেদ (কানেকটিকাট, যুক্তরাষ্ট্র), কলামিষ্ট, লেখক ও সাংবাদিক গাজীউল হাসান খান (লন্ডন), বাংলাদেশ সোসাইটি ইনক'র সাবেক সভাপতি ও বাংলাদেশী-আমেরিকান ডেন্টিস্ট এসোসিয়েশন ডা. এম এ বিল্লাহ (নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র), সাংবাদিক, কলামিষ্ট ও লেখক মঈনুদ্দীন নাসের (নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র), সাবেক এমপি হারুন-অর রশীদ (বাংলাদেশ), ফার্মাসিষ্ট, ছড়াকার ও কবি, বাংলাদেশ সোসাইটি ইনক'র সাবেক সাধারণ সম্পাদক মোহাম্মদ নূরুল হক (নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র), অনলাইন পত্রিকা গ্রীন ওয়াচ সম্পাদক, লেখক ও নদী-পানি বিশেষজ্ঞ মোস্তফা কামাল মজুমদার (বাংলাদেশ) এবং সোস্যাল অ্যাক্টিভিষ্ট কাজী ফৌজিয়া (নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র)।

## ইতিহাস সৃষ্টি করলেন

(প্রথম পাতার পর)

ইতিহাস সৃষ্টি করেছেন। নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলী ও ডিস্ট্রিক্ট লীডার পদের নির্বাচনের প্রাক্কালে এই দুই প্রার্থীর নাম নিয়ে সন্দেহ প্রকাশ করে নির্বাচন কমিশন নির্বাচনী ব্যালট থেকে তাদের নাম বাদ দিয়েছিল। পরবর্তীতে আদালতে শরনাপন্ন হয়ে তারা নির্বাচনে অংশ নেন। কিন্তু ভবিষ্যতে যাতে কেউ নিজের ডাক নাম নিয়ে কোন ধরনের অস্বস্তিতে না ভুগেন সেজন্য একটি আইন প্রণয়নে স্টেট অ্যাসেম্বলী একটি বিল পাশ করেছে।

গত শুক্রবার (২২ অক্টোবর) গভর্নর ক্যাথি হকুল তাতে স্বাক্ষর করায় তা এখন আইনে পরিণত হয়েছে। যার ফলে ভবিষ্যত নির্বাচনে যে কেউ চাইলে তার ডাক নাম নিয়েও নির্বাচনে প্রার্থী হতে পারবেন। নিউইয়র্ক স্টেট সিনেটর জন ল্যু ছিলেন উক্ত বিলেন উদ্যোক্তা। বিলটি এখন আইনে পরিণত হওয়ায় অনেকেই স্বস্তি প্রকাশ করেছেন।

বাংলাদেশী দুই নারী মেহেরুন্নিসা জোবায়দা যার ডাক নাম মেরী জোবায়দা হিসেবে গত স্টেট অ্যাসেম্বলী নির্বাচনে ডিস্ট্রিক্ট ৩৭ থেকে প্রার্থী হয়েছিলেন। একইভাবে মৌমিতা আহমেদ অংশ নিয়েছিলেন জ্যামাইকা হিলসাইড এভিন্যু এলাকা থেকে ডিষ্ট্রিক্ট লীডার পদে।

গভর্নর ক্যাথি হকুল বলেন, দু'জন সাউথ এশিয়ান প্রার্থীকে নিয়ে নির্বাচন কমিশন যা করেছিল তার পুনরাবৃত্তি রোধ করতেই এই আইন। আমরা সবাইকে নির্বাচনী প্রক্রিয়ায় অংশ নেয়ার সুযোগকে অবারিত করে দিতে চাই।

এ বিষয়ে মেরী জোবাইদা বলেন, এটি আমাদের ব্যক্তিগত কোন লড়াই ছিল না। আমরা সবার জন্য উদ্যোগ নিয়েছিলাম। আজকের এই ঐতিহাসিক মুহূর্তে আমাদের জন্য যারাই সাহস ও সমর্থন দিয়েছিলেন তাদের প্রতি কৃতজ্ঞতা জানাই। মৌমিতা আহমেদ বলেছেন, সত্যের জন্য আমাদের লড়াই অব্যাহত থাকবে। এটা শুধু বাংলাদেশী ইমিগ্র্যান্ট নয় সকল ইমিগ্র্যান্টদের বিজয়।

বিলের স্পন্সর সিনেটর জন লু টাইম টেলিভিশনের সাথে এক সাক্ষাতকারে বলেন, মেরী ও মৌমিতা যে লড়াই শুরু করেছিলেন তা ছিল অভিবাসী সমাজের দাবী আদায়ের সংগ্রাম। আমি তাদের অভিনন্দন জানাই।



# বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা | The Weekly Bangla Patrika // Monday // October 25 // 2021


## কামাল সাঈদ মোহনের ভ্রাতৃবিয়োগ



**হককথা রিপোর্ট:** রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ (১৯৪৭)-এর প্রথম আহবায়ক ও অন্যতম সংগঠক প্রফেসর ডক্টর নুরুল হক ভূঁইয়ার কনিষ্ঠ পুত্র এবং বীর মুক্তিযোদ্ধা ও বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য, রাজনৈতিক বিশ্লেষক ফার্মাসিস্ট কামাল সাঈদ মোহনের ছোট ভাই ইফতেখার সাঈদ পারভেজ ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্নালাইহি রাজেউন)। গত ৮ অক্টোবর শুক্রবারসকালে তিনি ঢাকার এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। তার বয়স হয়েছিল ৫৫ বছর। জানা গেছে, ক্রিয়েটিভ ইঞ্জিনিয়ার-এর নির্বাহী পরিচালক ইফতেখার সাঈদ পারভেজ দীর্ঘদিন যাবত প্রস্টেট ক্যান্সারে আক্রান্ত ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও এক কন্যা (অস্ট্রেলিয়ায় অধ্যয়নরত), ২ ভাই ও ২ বোন ছাড়াও দেশে-বিদেশে অনেক আত্মীয় স্বজন ও অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের এপ্লাইড কেমিস্ট্রির মেধাবী ছাত্র ছিলেন। ব্যক্তিগত জীবনে ছিলেন অসাধারণ বন্ধুবৎসল। ঐদিন গুলশান জামে মসজিদে তার নামাজে জানাজা শেষে ঢাকার সন্নিকটস্থ সোনারগাঁও-এ পারিবারিক কবর স্থানে মায়ের কবরের পাশে তার মরদেহ দাফন করা হয়। যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক প্রবাসী কামাল সাঈদ মোহন তার ছোট ভাই ইফতেখার সাঈদ পারভেজের বিদেহী আত্মার মাগফিরাত কামনায় সবার দোয়া কামনা করেছেন।





## ওয়াশিংটন ডিসিতে শেখ রাসেল দিবস পালিত

**ওয়াশিংটন ডিসি:** ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশ দূতাবাস 'জাতির পিতা' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেলের ৫৮তম জন্মবার্ষিকী-'শেখ রাসেল দিবস' উদযাপন করেছে। দিবসটি উপলক্ষে শেখ রাসেলকে স্মরণ করে গত ১৮ অক্টোবর সোমবার দূতাবাসের বঙ্গবন্ধু মিলনায়তনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করে শোনান যথাক্রমে দূতাবাসের ইকোনমিক মিনিস্টার মেহেদী হাসান এবং মিনিস্টার কন্সুলার হাবিবুর রাহমান।

রাষ্ট্রদূত এম সহিদুল ইসলাম তার বক্তব্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জানান। তিনি শহীদ শেখ রাসেলসহ ১৯৭৫ এর ১৫ আগস্টে শাহাদাত বরণকারী সকলের প্রতি গভীর শ্রদ্ধা জানান। তিনি বলেন বাংলাদেশ দক্ষিণ এশিয়ায় সাম্প্রদায়িক সম্প্রীতির একটি অনন্য দৃষ্টান্ত যা কিছু কুচক্রী মহল বিনষ্ট করতে অপতৎপরতা চালাচ্ছে। তিনি এরকম ষড়যন্ত্র রুখে দিতে সবার প্রতি আহবান জানান।

অনুষ্ঠানে শহীদ শেখ রাসেল এর স্মৃতিতে অবলম্বনে নির্মিত একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। অনুষ্ঠানের শেষ পর্যায়ে শেখ রাসেল এবং ১৯৭৫ সালের ১৫ আগস্টের নারকীয় হামলায় শহীদ হওয়া সকলের আত্মার মাগফিরাত কামনা করে একটি বিশেষ প্রার্থনা পরিচালিত হয়। -প্রেস বিজ্ঞপ্তি।



## বাংলাদেশে হিন্দু সম্প্রদায়ের ওপর হামলার প্রতিবাদে নিউজার্সীতে বিক্ষোভ সমাবেশ

**নিউজার্সি থেকে বিশ্বজিৎ দে বাবলু:** সাম্প্রতিক সময়ে কোর-আন অবমাননার মিথ্যে অজুহাতে বাংলাদেশের সংখ্যালঘু হিন্দুদের উপর নির্যাতনের প্রতিবাদে বিক্ষোভ সমাবেশ করেছে যুক্তরাষ্ট্রের বাংলাদেশ হিন্দু রিলিজিয়াস অর্গেনাইজেশন অব নিউজার্সী।

গত ২৩ অক্টোবর শনিবার রাতে নিউজার্সীর প্যাটারসন সিটিতে বেঙ্গল ইন্সুরেন্সের হলরুমে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশ অংশ নেন স্থানীয় প্রবাসীরা। এতে বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি সাংবাদিক বিশ্বজিৎ দে বাবলু, সহসভাপতি প্রসূন কান্তি তালুদার, সাধারণ সম্পাদক মিল্টন দাশ, যুগ্ন সম্পাদক দ্বীপ্ত রায়, অর্থ সম্পাদক সঞ্জয় কান্তি দে, সাংগঠনিক সম্পাদক অরুন চক্রবর্তী, সাংস্কৃতিক সম্পাদক অপূর্ব সেন অপু, কার্যনির্বাহী পরিষদের অন্যতম সদস্য ও কমিউনিটি এক্টিভিস্ট এডভোকেট দর্পন কান্তি দে, নৃপেন্দ্র কুমার পাল, এডভোকেট অশোক রন্জন দেব, দিবাকর দাশ প্রমুখ।

সমাবেশ বক্তারা বলেন, মহান মুক্তি সংগ্রামের মাধ্যমে অর্জিত 'জাতির জনক' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাংলাদেশে মৌলবাদ ও সাম্প্রদায়িক শক্তির উত্থান কোনভাবেই কাম্য নয়। ধর্ম অবমাননার দোহাই দিয়ে গত কিছুদিন ধরে সংখ্যালঘু হিন্দুদের ওপর যে অত্যাচার ও নিপিড়ন করা হয়েছে তা ৭১-এর বর্বরতাকেও হার মানিয়েছে। বক্তারা, অবিলম্বে হিন্দুদের উপর হামলায় পরিকল্পনাকারীসহ হামলায় নেতৃত্ব দেয়া চিহ্নিত সকল অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তি ও বিচার দাবী করেন।

সভায় বক্তারা আরও বলেন, বাংলাদেশে হিন্দু সম্প্রদায়ের ওপর হামলা, পূজা মন্ডপ ও প্রতিমা ভাঙচুর যারা করেছে তারা সবাই দুষ্কৃতিকারী। দুষ্কৃতিকারীদের কোন ধর্ম নেই। এরা মানবতা বিরোধী, দেশ ও দশের শত্রু। তারা বলেন, এই প্রতিবাদ শুধুমাত্র বাংলাদেশের হিন্দুদের জন্য নয়, এই প্রতিবাদ প্রত্যেকটি প্রগতিশীল বাংলাদেশীদের জন্য। সারাবিশ্বে ছড়িয়ে পড়ুক প্রতিবাদ। বক্তারা কুমিল্লা সহ দেশের সকল সহিংস ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান।

### ডালাস বাংলা উৎসব

## স্বাধীনতা দিবস পুরস্কার পেলেন শিল্পী কিবরিয়া, ড. নবী ও কবি জহির

**বাংলা পত্রিকা ডেস্ক:** ডালাস বাংলা উৎসবে "স্বাধীনতা দিবস পুরস্কার-২০২১" পেলেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী, রবীন্দ্র সঙ্গীতের কিংবদন্তী গায়ক কাদেরী কিবরিয়া, বীর মুক্তিযোদ্ধা ও একুশে পদকপ্রাপ্ত লেখক ড. নুরুন নবী এবং কবি-লেখক কাজী জহিরুল ইসলাম। এই বাংলা উৎসব ঘিরে গত ১৬ অক্টোবর শনিবার সন্ধ্যায় ডালাসের





আর্ভিং আর্ট সেন্টার হয়ে উঠেছিল এক টুকরো বাংলাদেশ। হেমন্তের রঙিন সন্ধ্যা উজ্জ্বল হয়ে ওঠে রঙবেরঙের শাড়ি, পাঞ্জাবি, ফতুয়া পরা বাঙালীদের পদচারণায়। হাইওয়ের ওপর বিলবোর্ডে স্ক্রল করছিল 'ডালাস বাংলা উৎসব' যা দৃষ্টি কাড়ে নানান ভাষা ও জাতির মানুষের।

উৎসব প্রাঙ্গনে খাবারের স্টল ছাড়াও গ্রন্থসম্ভারে সজ্জিত ছিল একটি টেবিল, যেখানে বঙ্গ ললনাদের হুমড়ি খেয়ে পড়তে দেখা যায়। কবি-লেখক কাজী জহিরুল ইসলাম নিজের লেখা গ্রন্থে সই করে তুলে দিচ্ছিলেন ক্রেতাদের হাতে, উৎসুক সেল্ফি শিকারিদের ক্যামেরার সামনে ফাঁকে ফাঁকেই ধরা পড়ছিল তার হাস্যোজ্জ্বল মুখ।

ছয়টায় মূল অনুষ্ঠান শুরুর ঘোষণা ছিল। আয়োজক প্রতিষ্ঠান সানাম টিভির প্রযোজক সাবেরা কাদের স্পট লাইটের নিচে এসে দাঁড়ান ছয়টা বেজে ১১ মিনিটে। শুরু হয়ে যায় ডালাস বাংলা উৎসব। দ্বিতীয় প্রজন্মের শিল্পীদের গান, কবিতা ও নাচের পারফর্মেন্সে মুগ্ধ দর্শকদের করতালি প্রমাণ করে দ্বিতীয় প্রজন্মের বাঙালী শিল্পীরা বাংলা সংস্কৃতির চর্চায় একটুও পিছিয়ে নেই।

শুরুতেই ঐশী 'কফি হাউজের আড্ডাটা' গেয়ে দর্শকদের মন জয় করে নেয়। দুই ভাই আলভি ও জারিফ পরিবেশন করে 'রাঙামাটির রঙে'। ওয়াফি গায় 'আমি তোমাকেই বলে দিব'। নোভা এবং নোরা দ্বৈত নাচ প্রদর্শন করে 'আজ ধানের ক্ষেতে' রবীন্দ্রসঙ্গীতের সঙ্গে। অহনা জয় গোস্বামীর 'মেঘবালিকা' কবিতা আবৃত্তি করে তাক লাগিয়ে দেয়। শিশু-কিশোরদের পর্বে দর্শকদের সবচেয়ে মুগ্ধ করে তাহিয়া। ভারতনাট্যমের নৃত্য-মূর্ছনাগুলো ছিল দেখার মত। ডালাসের স্থানীর বাঙালী শিল্পীরা অসাধারণ গান করেন এবং কবিতা আবৃত্তি করেন। এ-পর্যায়ে গান করেন ফারহানা হোসেন লিপি, মাফিয়া রহমান, লিমন রশিদ, নাসরীন রেজা এবং জসীম উদদীনের নিমন্ত্রণ কবিতা আবৃত্তি করেন সাবিরা কেয়া।

অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ সম্মানিত অতিথি কবি কাজী জহিরুল ইসলাম নিজের লেখা চারটি কবিতা 'পা', 'রাত্রিকে আলো দিও', 'নষ্ট হবে?' এবং 'বাড়ি আছ?' পড়ে শোনান। প্রতিটি কবিতা পাঠের আগে তিনি নিজের অভিজ্ঞতা থেকে কিছু মানবিক ও দার্শনিক বক্তব্য উপস্থাপন করেন যা ডালাসের বোদ্ধা দর্শকগণ ব্যাপক করতালির মাধ্যমে গ্রহন করে। দাম্পত্য সুসম্পর্কের সুফল ব্যাখ্যা করে কবি অত্যন্ত নাটকীয়ভাবে দর্শক সারিতে বসা তাঁর স্ত্রী মুক্তি জহিরকে মঞ্চে আমন্ত্রণ জানান এবং তিনি ঘোষণা করেন 'বাড়ি আছো' কবিতাটি তিনি তাঁর স্ত্রীর হাত ধরে পড়তে চান।

স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী, রবীন্দ্র সঙ্গীতের কিংবদন্তী গায়ক কাদেরী কিবরিয়া মঞ্চে উঠে তার মন খারাপের কথা বলেন, কেননা ঠিক আগের দিনই তার ছোটো ভায়েরা ইন্তেকাল করেছেন। পুরো হলে কিছুটা বিষাদের ছায়া নেমে এলেও তার দরাজ কণ্ঠের গান তা কিছুক্ষণের মধ্যেই দূর করে দিয়ে উৎসবের আমেজ ফিরিয়ে আনে। উপস্থিত দর্শক-শ্রোতারা প্রাণভরে তার গান শ্রবণ করেন।

এরপর সানাম টিভির প্রতিষ্ঠাতা এবং নির্বাহী প্রযোজক খন্দকার তৌফিক কাদের পূর্ব ঘোষিত "স্বাধীনতা দিবস পুরস্কার ২০২১" তুলে দেন শিল্পী কাদেরী কিবরিয়া এবং কবি কাজী জহিরুল ইসলামের হাতে। পুরস্কৃত অন্য আরেকজন ড. নুরুন নবী আসতে না পারায় তার পক্ষ থেকে পুরস্কার গ্রহন করেন জালাল আহমেদ। পুরো অনুষ্ঠানটি অত্যন্ত দক্ষতার সাথে সঞ্চালনা করেন এবং একটি কবিতা আবৃত্তি করেন ফারহানা রেজা।

দর্শনীর বিনিময়ে আয়োজিত একটি পরিচ্ছন্ন এবং সফল 'বাংলা উৎসব' আয়োজন করতে পেরে তৃপ্ত আয়োজক সংগঠনের ব্যক্তিবর্গ। আয়োজকদের প্রত্যাশা করছেন এখন থেকে প্রতি বছর সানাম টিভি ডালাসে এই




সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
Safwan Travel & Multi Services Corp.



Mohammed Abdul Khaleque
MET A.B.(CUNY Bronx Community College)

IATA Accredited Approved Travel Agent

AUTHORIZED e-file PROVIDER

২০ বছরের বেশি ইনকাম ট্যাক্স ফাইলের অভিজ্ঞতা সম্পন্ন

Design, Printing, Flyer, Business Card, Banner, Poster & more!

We Provide
- Individual Tax
- Corporation Tax
- Partnership Tax
- Non-profit Tax
- Gift Tax
- Sale & Payroll Tax
- IRS & State Tax audit Representation
- Immigration
- Accounting
- Bookkeeping
- Business License
- Business Incorporation

সিস্টাল মাধ্যমে সর্বোচ্চ ট্যাক্স রিটার্নের নিশ্চয়তা এবং বিনামূল্যে পরামর্শ দেওয়া হয়

দেশে যাওয়ার পথে ওমরাহ্ পালনের সুযোগ

এয়ার লাইন্স টিকেট সেল সর্বনিম্ন মূল্যে! ৬৪৯+

নাক্টোর শাড়ী ঘর

Special Eid-Sale

ঈদ উপলক্ষে ৫০% পর্যন্ত ছাড়

শাড়ী, সালোয়ার,কামিজ, বোরকা, পানজাবী, বেড সিট, হেজাব, লুঙ্গী এবং অন্যান কাপড়ের বিশাল সমাহার

এয়ার লাইন্স টিকেট ও নির্ভুল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য বিশ্বস্ত প্রতিষ্ঠান।

Phone: 347- 621- 4940,718-300-7429

1217 White Plains Road , Bronx , NY 10472



## শেখ রাসেল দিবস উপলক্ষে
# খার্তুম এতিমখানায় শিশুদের জন্য উন্নত খাবার পরিবেশন

**খার্তুম (সুদান):** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছার কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেলের ৫৮ তম জন্মবার্ষিকী উদযাপনের অংশ হিসেবে বাংলাদেশ দূতাবাস খার্তুম গত ১৮ অক্টোবর সোমবার খার্তুমের এক এতিমখানায় ৭০ জন এতিমের জন্য দুপুরে উন্নত মানের খাবারের আয়োজন করে। এ উপলক্ষে সন্ধ্যায় দূতাবাস চত্বরে একটি আলোচনা সভারও আয়োজন করা হয়। খার্তুমস্থ বাংলাদেশ কমিউনিটির শতাধিক সদস্য এতে অংশগ্রহণ করে। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কাউন্সিল ফর ইন্টারন্যাশন্যাল পিওপল ফ্রেন্ডশিপ এর এশিয়া অনুবিভাগের পরিচালক আমানী কামাল ইউসিফ।

সন্ধ্যার এ অনুষ্ঠানে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী পাঠ, শেখ রাসেলের উপর নির্মিত প্রমাণ্যচিত্র প্রদর্শন ও উন্মুক্ত আলোচনা করা হয়। সুদানে নিযুক্ত বাংলাদেশের চার্জ দ্য এফেয়ার্স তারেক আহমেদ তাঁর বক্তব্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের "অসমাপ্ত আত্মজীবনী", "কারাগারের রোজনামচা" ও প্রধানমন্ত্রী রচিত 'আমাদের ছোট রাসেল সোনা' থেকে রাসেল সংক্রান্ত নোটগুলো পড়ে শোনান এবং একজন পিতা বঙ্গবন্ধুর অনুভূতি আলোচনা করেন। তিনি বলেন, আমরা নেতা বঙ্গবন্ধুকে দেখেছি, রাষ্ট্রনায়ক বঙ্গবন্ধুকে দেখেছি, এখানে আমরা একজন পিতা বঙ্গবন্ধুকে পাই যখন শিশু রাসেল জেল থেকে বাবাকে বাসায় নিয়ে যাওয়ার জন্য জেদ বর্ণনা করতে তিনি নিজেই আবেগ আপ্লুতো হয়ে যান।

অনুষ্ঠানে উপস্থিত অনেকে বঙ্গবন্ধুর পিতৃঅনুভূতির বর্ণনায় আবেগাপ্লুতো হয়ে পড়েন। চার্জ দ্য এফেয়ারর্স ১৮ অক্টোবর দিনটিকে 'শেখ রাসেল দিবস' হিসেবে ঘোষণা করায় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। মিসেস ইউসিফ তাঁর বক্তব্যে খার্তুমে বাংলাদেশ দূতাবাস স্থাপনের জন্য বাংলাদেশ সরকারকে ধন্যবাদ জানান এবং দ্বিপক্ষীয় সহায়তার ভিত্তি গড়ে তোলার জন্য সকল সহায়তার আশ্বাস দেন। তিনি শেখ রাসেলের সম্পর্কে জানতে পেরে স্তম্ভিত হয়ে পড়েন। প্রথমবারের মতো শহীদ শেখ রাসেলের জন্মদিন সরকারিভাবে আয়োজিত হওয়ায় উপস্থিত অতিথিদের মাঝে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা লক্ষ্য করা যায়। তাদের বক্তব্যে প্রধানমন্ত্রীকে বারবার কৃতজ্ঞতা জানান এবং সোনার বাংলা গড়তে প্রধানমন্ত্রীর হাত আরো শক্ত করার সংকল্প ব্যক্ত করেন। অনুষ্ঠান শেষে অতিথিদের বাংলাদেশী খাবার দিয়ে আপ্যায়ন করা হয়। -প্রেস বিজ্ঞপ্তি।

# নাসির আলী খান বাসায় ফিরেছেন



**নিউইয়র্ক (ইউএনএ):** সিটির কুইন্সের জ্যামাইকার কলাম্বাস হিসেবে পরিচিত, বিশিষ্ট ব্যবসায়ী, ফার্মাসিস্ট নাসির আলী খান পল বাসায় ফিরেছেন। প্রায় এক সপ্তাহ হাসপাতালে চিকিৎসাধীন শেষে তিনি গত ২১ অক্টোবর বৃহস্পতিবার বাসায় ফিরেছেন। সম্প্রতি তিনি হার্ট অ্যাটাকের শিকার হন এবং হাসপাতালে চিকিৎসা নেন। খবর ইউএনএ'র।

নিউইয়র্কের লং আইল্যান্ডে বসবাসকারী জনাব নাসির আলী খান পল ইউএনএ প্রতিনিধি-কে জানান, গত ২৪ অক্টোবর রোববার তিনি শারীরিকভাবে অসুস্থ অনুভব করলে স্থানীয় এলআইজি হাসপাতালে ভর্তি হন। পরদিন তাকে ম্যানহাটানস্থ মাউন্ট সিনাই হাসপাতালে স্থানান্তর করা হয়। সেখানে চিকিৎসকরা জানান, পল খান হার্ট অ্যাটাকের শিকার হয়েছিলেন। হাসপাতালে ইতিপূর্বে তার হার্টে লাগানো তিনটি রিং পুনরায় স্থাপন করা হয়। বর্তমানে তার শারীরিক অবস্থা ভালো। গত ২১ অক্টোবর বৃহস্পতিবার তিনি বাসায় ফিরেন। তার অসুস্থতার সময়ে যারা সমবেদনা ও সহমর্মিতা প্রদান এবং রোগ মুক্তি কামনা করেছেন পল খান তাদের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন।

BOMBAY
TRAVELS & GRAPHICS INC.

Grand Opening Special Grand Opening Special Grand Opening Special

সব থেকে সস্তায় টিকেট গ্যারান্টি

টার্কিস এয়ারলাইন্সে সেল সাথে ৩টি লাগেজ ফ্রি

Domestic & International





Bahalul Syed (uzzal)
President

স্পেশাল সেল: সাউদিয়া এয়ারলাইন্স

Emirates | ETIHAD | SAUDIA | QATAR | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | SINGAPORE AIRLINES | AA American Airlines

DESIGN & PRINTING
- BANNER
- FLYER
- MAGAZINE
- POSTER
- CALENDAR
- BUSINESS CARD

PASSPORT PHOTO

168-25A Hillside Avenue, Jamaica NY 11432

Phone: 718-725-1332, Cell: 347-586-7124, Email: bombaytg@gmail.com

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086


# বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika


MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
Low Closing Cost Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO
CPA



## ২০২৬ সালে জাতিসংঘ অধিবেশনে সভাপতি প্রার্থী বাংলাদেশ

**ঢাকা ডেস্ক:** পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন জানিয়েছেন, ২০২৬ সালের জাতিসংঘের সাধারণ অধিবেশনের সভাপতি প্রার্থী হয়েছে (বাকি অংশ ২৮ পাতায়)

## ১২ ডিসেম্বর ঢাবি এলামনাই এসোসিয়েশনের নির্বাচন

**বাংলা পত্রিকা রিপোর্ট:** ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন ইউএসএ'র নির্বাচন আগামী ১২ ডিসেম্বর রোববার। নির্বাচন কমিশন (বাকি অংশ ২৮ পাতায়)

## সাংবাদিক ইয়াসমিন রীমা সম্বর্ধিত

**এসএম সোলায়মানঃ** মফস্বল সাংবাদিকতায় বিশেষ অবদানের জন্য বাংলাদেশ সাংবাদিক সমিতি কুমিল্লা শাখার সভাপতি ইয়াসমিন রীমাকে সম্মাননা ও সম্বর্ধনা দিলো কুমিল্লা সোসাইটি ইউএসএ ইনক। এ উপলক্ষ্যে গত ২৩ অক্টোবর (বাকি অংশ ৪৫ পাতায়)

## যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত করতে পারেন




এম কামাল: এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসাবে সবচেয়ে দক্ষ হতে পারেন-তারা জানেন, (বাকি অংশ ৪২ পাতায়)


# কমিউনিটিতে মাদকাশক্তি বিস্তারে দিশেহারা অভিভাবকরা

**বিশেষ প্রতিনিধি:** নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটির নতুন প্রজন্মের মাঝে মাদকের ব্যবহার দিন দিন বেড়েই চলেছে। মাদকের করাল গ্রাসে প্রাণ যাচ্ছে সম্ভাবনাময় জীবনের। ফলে নতুন প্রজন্ম নিয়ে উদ্বিগ্নতা বাড়ছে অভিভাবক মহলে। অপরদিকে নতুন প্রজন্মকে মাদকের নেশা থেকে দূরে রাখতে কমিউনিটির সংগঠনগুলোর নিরবতায় নানা প্রশ্ন দেখা দিয়েছে জনমনে। অনেকেরই প্রশ্ন সামাজিক সংগঠনগুলোর কাজ কি? শুধু শুধু কি সভা, পিকনিক, পথমেলা করা? আর এসব আয়োজনে (বাকি অংশ ৩২ পাতায়)

### ২ নভেম্বর নিউইয়র্ক সিটির নির্বাচন :প্রার্থীতায় মুজিব-শহীদুল

# ইতিহাস সৃষ্টির পথে শাহানা-সোমা


শাহানা হানিফ


সোমা সাঈদ

**সালাহউদ্দিন আহমেদ:** আগামী ২ নভেম্বর মঙ্গলবার ডেমোক্র্যাট রাজ্য নি-উইয়র্ক সিটির নির্বাচন। এই নির্বাচনে সিটিবাসী নতুন মেয়র ও কাউন্সিশীয়ান সহ বিভিন্ন পদে তাদের প্রতিনিধি নির্বাচন করছেন। ডেমোক্র্যাট ও রিপাবলিকান পার্টি সহ একাধিক পার্টির প্রার্থীরা এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন। (বাকি অংশ ৩৬ পাতায়)


মুজিবুর রহমান


শাহ শহিদুল

## বাংলাদেশের সাম্প্রদায়িক সহিংসতা
## সচেতন প্রবাসী ও বিশিষ্ট নাগরিকবৃন্দের বিবৃতি

**বাংলা পত্রিকা ডেস্ক:** কুমিল্লার ঘটনা পরবর্তী বাংলাদেশের বিভিন্ন স্থানে সংঘটিত সাম্প্রদায়িক সহিংসতার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে প্রবাসী বাংলাদেশি সহ দেশের কয়েকজন বিস্টি ব্যক্তিবর্গ এক বিবৃতি প্রদান করেছেন। বিবৃতিতে তারা বলেন, বাংলাদেশে সাম্প্রদায়িক সম্প্রীতির বিকল্প নেই তাই (বাকি অংশ ৪৫ পাতায়)

## পুরস্কার পাচ্ছেন সমরেশ মজুমদার
## পাঁচ দিনব্যাপী 'নিউইয়র্ক বাংলা বইমেলা' শুরু ২৮ অক্টোবর

**বিশেষ প্রতিনিধি:** নিউইয়র্কের মুক্তধারা ফাউন্ডেশনের উদ্যোগে আগামী ২৮ অক্টোবর বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে পাঁচদিনব্যাপী 'নিউ-ইয়র্ক বাংলা বইমেলা-২০২১'। ৩০তম এই বাংলা বইমেলা বাংলাদেশ ও পশ্চিম বাংলার (বাকি অংশ ৪৪ পাতায়)

### কুমিল্লা সহ দেশের সংখ্যালঘু সম্প্রদায়ের উপর সন্ত্রাসী ঘটনার প্রতিবাদ

## প্রবাসী নাগরিক সমাজের ৫ দফা হিন্দু কমিউনিটির ৭ দফা দাবি

**বিশেষ প্রতিনিধি:** চলতি বছরের শারদীয় দুর্গোৎসবে বাংলাদেশের সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের উপর ধর্মীয় মৌলবাদী ও উগ্রপন্থীদের সাম্প্রদায়িক সন্ত্রাসী ঘটনার প্রতিবাদ এবং উদ্ভূত সমস্যার সমাধানে (বাকি অংশ ৩৬ পাতায়)


জ্যাকসন হাইটসে প্রবাসী নাগরিক সমাজের মানব বন্ধন

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Zakir Choudhury, CPA
Founder & CEO
929-207-1514
www.zakircpa.com

## সিটির প্রতিটি বাসিন্দার নিরাপত্তা বিধান পুলিশের দায়িত্ব : ডারমট



**বাংলা পত্রিকা রিপোর্ট:** নিউইয়র্ক সিটি পুলিশ কমিশনার ডারমট এফ সি বলেছেন, নিউইয়র্ক সিটির প্রতিটি বাসিন্দার জানমালের নিরাপত্তা বিধান হচ্ছে পুলিশের দায়িত্ব। এক্ষেত্রে কে বৈধ কে অবৈধ এটা মোটেই বিবেচ্য নয়। নিউইয়র্ক সিটি হচ্ছে ইমিগ্র্যান্ট সিটি। এই সিটির প্রতিটি বাসিন্দার (বাকি অংশ ৩২ পাতায়)

## নিউইয়র্কের পথে প্রান্তরে-৫
### মুক্তারা বেগম নদী

বাসা থেকে সাবওয়ে যেতে হাতের বামে বেশ কিছুটা খালি জায়গা কাঁটাতারের বেড়া দেয়া। তার ভিতরে বাইরে রোজই বেশ কিছু কাঠবিড়ালি দেখি। আর এক পাশে সাদা ছোট ছোট কিছু ফুল, দেখতে ভীষণ মিষ্টি লাগে। মনে হয়েছিল ক্যামোমাইল ফুল। রোজ রাতে ঘুমাতে যাওয়ার আগে এক কাপ ক্যামোমাইল ফুলের চা আমার চাই চাই। খেতে আহামরি কোন স্বাদ নেই কিন্তু অভ্যেসটা হয়েছিল লন্ডনে (বাকি অংশ ৩২ পাতায়)

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA
Approved Travel Agent
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ পৃষ্ঠায় দেখুন

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩৮ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
বিস্তারিত দেখুন ৩৭ পাতায়

গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM



## জীবন-মৃত্যুর ফিতনা

**জাফর আহমাদ**

আবু হুরায়রা রা: থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, তোমরা কেউ যখন সালাতে তাশাহুদ (বাকি অংশ ৪৪ পাতায়)

### খেলার খবর

## নতুন কোচ পেল ফুটবল দল

**স্পোর্টস ডেস্ক:** অবশেষে কোচ নিয়ে জটি-লতার অবসান ঘটল বাংলাদেশ ফুটবল ফেডারেশনের। শ্রীলংকায় অনুষ্ঠিতব্য চার জাতির টুর্নামেন্টে (বাকি অংশ ৪৫ পাতায়)

### হেলথ টিপস

## অনিদ্রা দূর করবে যেসব খাবার

**বাংলা পত্রিকা ডেস্ক:** সারাদিনের পরিশ্রমের পর সবারই ইচ্ছা থাকে প্রশান্তির ঘুমের। শারীরিক ও মানসিক সুস্থতার জন্য পর্যাপ্ত ঘুম অন্যতম (বাকি অংশ ৪৪ পাতায়)

### বিনোদন

## 'মোদির দলে যোগ দিলেই শাহরুখের সব সমস্যা দূর হবে'

**বিনোদন ডেস্ক:** রাজনৈতিকভাবে ভারতের ক্ষমতাসীন দল বিজেপির সঙ্গে যুক্ত নন বলেই ছেলেকে নিয়ে হেনস্তার শিকার হতে হচ্ছেন শাহরুখ খানকে। এমনটিই দাবি করেছেন (বাকি অংশ ৪৪ পাতায়)

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com